




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭২ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas








**JAGARAN** ■ 72 Years ■ Issue-59 ■ 29 November, 2025 ■ আগরতলা ২৯ নভেম্বর, ২০২৫ ইং ■ ১২ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা


### কেন্দ্রের নীতি শ্রীকৃষ্ণের শিক্ষা থেকে অনুপ্রাণিত

# অত্যাচারীদের নির্মূল জরুরি ঃ প্রধানমন্ত্রী

**উদুপি (কর্ণাটক)।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শুক্রবার বলেছেন, কেন্দ্রের নীতিমালা শ্রীকৃষ্ণের শিক্ষার দ্বারা অনুপ্রাণিত, এবং ভারতের জাতীয় নিরাপত্তা নীতি ‘অত্যাচারী’দের (অধিকারহীন বা দমনকারীদের) নির্মূলের ওপর ভিত্তি করে শান্তি ও সত্য প্রতিষ্ঠার লক্ষ্য রাখে। তিনি এই মন্তব্যগুলি করেছিলেন উদুপি শ্রীকৃষ্ণ মঠে ‘লক্ষ কান্থ গীতা’ পাঠ অনুষ্ঠানে অংশগ্রহণের পর।



প্রধানমন্ত্রী বলেন, শ্রীকৃষ্ণ যুদ্ধে তার শিক্ষা প্রদান করেছিলেন। ভাগবত গীতা আমাদের শিক্ষা দেয় যে সত্য ও শান্তি প্রতিষ্ঠার জন্য অত্যাচারীকে শেষ করা জরুরি। এটাই আমাদের জাতীয় নিরাপত্তা নীতির সারমর্ম। আমরা বিশ্বাস করি, পুরো বিশ্বই একটি পরিবার, এবং আমরা ‘ধর্মো রক্ষতি রক্ষিতাহ’ নীতি অনুসরণ করি --- অর্থাৎ যে ব্যক্তি ধর্ম রক্ষা করে, তাকে রক্ষা করা হবে।

তিনি আরও জানান, লালকেল্লা থেকে আমরা কৃষ্ণের করুণার বার্তা পৌঁছে দিচ্ছি। একই প্রেরণা থেকে আমরা ঘোষণা করছি মিশন সুধর্ষণ চক্র। মিশন সুধর্ষণ চক্রের অর্থ দেশের গুরুত্বপূর্ণ স্থান, শিল্প ও জনসম্পত্তির চারপাশে এক অটুট নিরাপত্তার চক্র তৈরি করা, যা শত্রুরা ভাঙতে পারবে না। কেউ আক্রমণ করার চেষ্টা করলে, আমাদের সুধর্ষণ চক্র তাকে ধ্বংস করবে। পাহালগাম সন্ত্রাসী হামলার উদাহরণ তুলে প্রধানমন্ত্রী বলেন, সেই হামলায় বহু নাগরিক প্রাণ হারান, যার মধ্যে কর্ণাটকের ভাই-বোনরাও ছিলেন। আগের সরকারগুলো এমন হামলার পর কার্যকর পদক্ষেপ নিত না। কিন্তু এ হলো নতুন ভারত — এমন একটি দেশ যা কাউকে নিচুতে নত করবে না এবং তার নাগরিকদের বিপদগ্রস্থ হতে দেবে না। আমরা জানি শান্তি কিভাবে প্রতিষ্ঠা করতে হয় এবং কিভাবে বজায় রাখতে হয়।

তিনি আরও যোগ করেন, গীতা শুধুমাত্র ব্যক্তিগত জীবন নয়, রাষ্ট্রের পথনির্দেশক। শ্রীকৃষ্ণ সমাজের কল্যাণে কাজ করতে বলেন। আমাদের নীতি — ‘সবকা সাথ, সবকা বিকাশ’, ‘সার্বজন হিতায়, সার্বজন সুখায়’ — এদের দ্বারা অনুপ্রাণিত।

প্রধানমন্ত্রী বলেন, শ্রীকৃষ্ণ দরিদ্রদের জন্য কাজ করতে প্রেরণা দেন। এটি প্রতিফলিত হয়েছে আয়ুষ্মান ভারত ও পিএম আবাস যোজনা-তে। তিনি নারীর ক্ষমতায়ন ও শিক্ষার ওপর গুরুত্ব দেন। এ প্রেরণায়ই দেশ বাস্তবায়ন করেছে ঐতিহাসিক নারী শক্তি বন্দন আইন’ — লোকসভা ও রাজ্য সংসদে ৩৩ শতাংশ নারীর সংরক্ষণ। তিনি আরও উল্লেখ করেন, শ্রীকৃষ্ণের শিক্ষা আমাদেরকে শেখায় যে, পুরো বিশ্বই একটি পরিবার।

প্রধানমন্ত্রী উদুপি সফরকে বিশেষ অভিজ্ঞতা বলে উল্লেখ করেন। তিনি বলেন, আমি গুজরাতে জন্মগ্রহণ করেছি, এবং উদুপি ও গুজরাতের মধ্যে বিশেষ সম্পর্ক আছে। বিশ্বাস করা ☞ ৫ এর পাতায় দেখুন

## আগামী সপ্তাহে ভারতে আসছেন পুতিন

### বিদেশ মন্ত্রক

**নতুন দিল্লি, ২৮ নভেম্বর।।** রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ৪—৫ ডিসেম্বর ভারত সফরে আসবেন, যেখানে তিনি ২৩তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে অংশ নেবেন। এটি নিশ্চিত করেছে ভারতের বিদেশ মন্ত্রক।

এমইএ-এর বিবৃতিতে বলা হয়েছে, “প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে রাশিয়ান ফেডারেশনের প্রেসিডেন্ট শ্রী ভ্লাদিমির পুতিন ০৪---০৫ ডিসেম্বর ২০২৫ তারিখে ভারত সফর করবেন। এই সময়ে তারা ২৩তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে অংশ নেবেন।

বিবৃতিতে আরও বলা হয়েছে, “সফরের সময় প্রেসিডেন্ট পুতিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে আলোচনা করবেন। রাষ্ট্রপতি মহোদয়ও পুতিনকে গ্রহণ করবেন এবং সম্মানস্বরূপ একটি ভোজের আয়োজন করবেন।”এই সফরের গুরুত্ব তুলে ধরে বলা হয়েছে, “এই রাষ্ট্র সফর ভারত ও রাশিয়ার নেতৃত্বকে দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা, ‘বিশেষ ও মর্যাদাপূর্ণ কৌশলগত অংশীদারিত্ব’কে আরও শক্তিশালী করার ভিশন নির্ধারণ এবং আঞ্চলিক ও বৈশ্বিক গুরুত্বপূর্ণ বিষয়গুলোর ওপর মতবিনিময় করার সুযোগ প্রদান করবে।”

পুতিনের সফরের তথ্য প্রথম প্রকাশ পেয়েছিল আগস্টে জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের মস্কো সফরের সময়, যদিও তখন তারিখ চূড়ান্ত হয়নি। পরে প্রধানমন্ত্রী মোদি এবং প্রেসিডেন্ট পুতিন শাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন ☞ ৫ এর পাতায় দেখুন

# ঘূর্ণিঝড়ে শ্রীলঙ্কায় ৪৬ জনের মৃত্যু সাহায্যের হাত ভারতের



**নতুন দিল্লি/কলম্বো, ২৮ নভেম্বর।।** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ঘূর্ণিঝড় ডিটওয়া -তে শ্রীলঙ্কায় প্রাণহানির জন্য শোক প্রকাশ করেছেন এবং প্রার্থনা করেছেন ক্ষতিগ্রস্ত পরিবারের দ্রুত পুনরুদ্ধারের জন্য। তিনি জানান, ভারত ‘অপারেশন সাগর বন্ধু’-র মাধ্যমে জরুরি ত্রাণ পাঠিয়েছে এবং আরও সহায়তা দেওয়ার জন্য প্রস্তুত রয়েছে।

ভারতীয় আবহাওয়া অধিদপ্তর শুক্রবার জানিয়েছে, ঘূর্ণিঝড় ডিটওয়া বর্তমানে শ্রীলঙ্কার উপকূল এবং বঙ্গোপসাগরের দক্ষিণ-পশ্চিম অংশ অতিক্রম করছে। এটি উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হচ্ছে এবং ৩০ নভেম্বর ভোরের দিকে তামিলনাড়ু ও দক্ষিণ আন্দ্রপ্রদেশ উপকূলে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে। ২৮ নভেম্বর সকাল ৮:৩০ এ শ্রীলঙ্কায় ট্রিনকমালে থেকে ৪০ কিমি দক্ষিণ-পশ্চিমে, ব্যাটিকালোয়া থেকে ১০০ কিমি উত্তর-পশ্চিমে অবস্থান। ভারতের দিকে: করাইকালের থেকে ৩২০ কিমি দক্ষিণ-দক্ষিণপূর্বে, পুদুচেরির থেকে ৪৩০ কিমি দক্ষিণ-দক্ষিণপূর্বে এবং চেন্নাই থেকে ৫৩০ কিমি দক্ষিণে।

আইএমডি তামিলনাড়ুতে প্রায় সব অঞ্চলে বৃষ্টিপাত সতর্কতা জারি করেছে। কাবেরী ডেল্টা জেলাগুলিতে (তাঞ্জাভুর, তিরুভরুর, নাগাপত্তিনম, মায়িলাদুতুরাই) রেড অ্যালার্ট। পুদুচেরি বন্দর জোনে সাইক্লোন সতর্কতা সিগন্যাল নং ২ উত্তোলিত। সমুদ্রের পরিস্থিতি অস্থির, উপকূলে প্রবল ঢেউ এবং ঝড়ো বাতাস চলবে। উত্তর তামিলনাড়ু, পুদুচেরি এবং দক্ষিণ আন্দ্রপ্রদেশ উপকূলে নাগরিকদের সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

ঘূর্ণিঝড়ে অন্তত ৪৬ জনের মৃত্যু, ২৩ জন নিখোঁজ। ১২ ঘন্টার মধ্যে ঘূর্ণিঝড় আরও তীব্র হয়ে উঠতে পারে। দেশব্যাপী ৪৩,৯৯১ জনকে স্কুল এবং অন্যান্য আশ্রয়কেন্দ্রে স্থানান্তরিত করা হয়েছে। স্কুল বন্ধ, ট্রেন পরিষেবা স্থগিত, এবং কলম্বো স্টক এক্সচেঞ্জ অগ্রিম ট্রেডিং বন্ধ ঘোষণা করেছে।

ভারত শ্রীলঙ্কাকে জরুরি ত্রাণ সহায়তা পাঠাচ্ছে এবং উপকূলবর্তী রাজ্যগুলিতে সতর্কতা জারি করেছে, যাতে ঘূর্ণিঝড়ের প্রভাব হ্রাস করা যায়।

## পক্সো আইনে দুই জনের সশ্রম কারাদন্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর।।** পক্সো আইনের দুটি গুরুত্বপূর্ণ মামলায় শুক্রবার আদালত রায় ঘোষণা করেছে। শিশু ও নাবালিকাদের প্রতি অত্যাচার, ধর্ষণ ও অশ্লীলতা হাননের ঘটনায় আইনানুগ বিচার অব্যাহত রয়েছেএমনটাই জানিয়েছেন আইনজীবী অস্মিতা বণিক।

প্রথম মামলায়, শ্রীনগর থানাধীন এলাকার সুজিত দেবনাথ নামে এক যুবককে এক নাবালিকা কন্যাকে ধর্ষণের অভিযোগে আদালত ১০ বছরের সশ্রম কারাদণ্ড এবং ৫, ০০০ টাকা জরিমানা প্রদানের নির্দেশ দিয়েছে। জরিমানা অনাদায়ে আরও এক মাসের সশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে বলে আদালত নির্দেশ দিয়েছে। ☞ ৫ এর পাতায় দেখুন

### বন্দেমাতরম নিয়ে ভ্রান্ত প্রচার

# বিজেপি ও সংঘ পরিবারের রাজনৈতিক অভিসন্ধি ঃ প্রদেশ কংগ্রেস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর।।** দেশে উগ্র ব্রাহ্মণ্যবাদী ও মনুবাদী দর্শনের ভিত্তিতে হিন্দু রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে কেন্দ্রীয় সরকার এবং সংঘ পরিবারের পরিকল্পিত উদ্যোগের বিরুদ্ধে তীব্র সরব হল ত্রিপুরা প্রদেশ কংগ্রেস। দলের অভিযোগ, দেশের “ধর্মগ্রন্থ” হিসেবে সংবিধানকে পাল্টে দেওয়ার গোপন প্রয়াস আড়াল করতে ইতিহাস বিকৃত করে সাম্প্রদায়িক বিভাজনের রাজনীতি চর্চা করছে বিজেপি নেতৃত্ব।

সম্প্রতি সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মের ১৫০ বছর উপলক্ষে সরকারি অর্থে ‘একতা যাত্রা’ পালন এবং বঙ্কিমচন্দ্রের ‘বন্দেমাতরম’-এর ১৫০ বছর উপলক্ষে ডাকটিকিট প্রকাশের মঞ্চ ব্যবহার করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ইতিহাস বিকৃতির মাধ্যমে দেশে নতুন করে বিভাজনের বাতাবরণ তৈরির চেষ্টা করেছেন বলে অভিযোগ করেছে প্রদেশ কংগ্রেস।

প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানে দাবি করেন, ১৯৩৭ সালে ‘বন্দেমাতরম’ গানের কয়েকটি পংক্তি বাদ দেওয়াই নাকি দেশভাগের বীজ বপন করেছিল। এই মন্তব্যকে “সম্পূর্ণ অসত্য ও ইতিহাসবিরোধী” বলে কর্ণার করে কংগ্রেস।

কংগ্রেস দাবি করেছে, ১৯২৫ সালে আরএসএস প্রতিষ্ঠার পর থেকেই ধর্মের ভিত্তিতে দেশভাগের চিন্তা তারা পোষণ করত, পরে মুসলিম লিগও সেই দাবিতে শামিল হয়। স্বাধীনতা আন্দোলনের বিভিন্ন বিপ্লবী সংগঠনের কাছে ‘বন্দেমাতরম’ ছিল সংগ্রামের মন্ত্র। ক্ষুদিরাম বসু, ভগৎ সিং, মাতঙ্গিনী হাজরা থেকে শুরু করে আসফাক উল্লা খান সকলেই মৃত্যুর মুখে শেষবার উচ্চারণ করেছিলেন “বন্দেমাতরম”। অথচ আরএসএস তাদের কোনও শাখায় আজও এই গান পরিবেশন করে না, ইতিহাসেও এ বিষয়ে কোনও উল্লেখ নেই।

কংগ্রেস জানায়, ‘বন্দেমাতরম’ গানের কোন অংশটি সর্বজনগ্রাহ্য হবে, তা নির্ধারণে রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মা গান্ধী, জওহরলাল নেহেরু, সুভাষচন্দ্র বসু, মৌলানা আজাদ প্রমুখদের সমন্বয়ে একটি কমিটি ☞ ৫ এর পাতায় দেখুন

## দাঁড়িয়ে থাকা গাড়িতে রহস্যজনক অগ্নিকান্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর।।** খোয়াই সোনাতলা ভারত মাতা ক্লাবের সামনে দাঁড়িয়ে থাকা একটি ইকো গাড়িতে হঠাৎই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটল। বুধবার সকালেই এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ছড়িয়ে পড়ে চাঞ্চল্য।

প্রত্যক্ষদর্শীদের একজন জানান, দোকান খুলতে এসে প্রথমে তিনি গাড়ি থেকে ধোঁয়া উঠতে দেখেন। এরপর কাছাকাছি গিয়ে দেখতে পান, ইকো গাড়িটিতে হঠাৎই আগুন ধরে গেছে। কীভাবে আগুনের সূত্রপাত হয়েছে তা তিনি স্পষ্টভাবে জানাতে পারেননি। ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় দমকল বিভাগ। দমকল কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হলেও ততক্ষণে গাড়িটি সম্পূর্ণ ভস্মীভূত হয়ে যায়। সৌভাগ্যক্রমে, এই ঘটনায় কোনো প্রাণহানির খবর নেই। হঠাৎ ঘটে যাওয়া এই অগ্নিকাণ্ডে স্থানীয় বাসিন্দাদের মধ্যে মুহূর্তেই চাঞ্চল্যের সৃষ্টি হয়। কিভাবে এই অগ্নিকাণ্ড তা নিয়ে প্রশ্ন উঠেছে।

# বিজেপি সরকার স্বৈরাচারী ঃ সিপিএম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর।।** বিজেপি সরকার স্বৈরাচারী সরকার, এটি নয়া ফ্যাসিস্ট শক্তি। গোটা রাজ্যব্যাপী বিরোধীরা আক্রান্ত হচ্ছেন। গনতন্ত্র বিলুপ্ত হচ্ছে। গোটা রাজ্যব্যাপী বিজেপি জনবিচ্ছিন্ন হয়ে মানুষের সমর্থন হারিয়ে তারা দিশেহারা হয়ে গেছেন। তাই হতাশাগ্রস্থ হয়ে তারা বিরোধীদের আক্রমণ করছে। আজ আগরতলায় এক বিক্ষোভ মিছিল থেকে এমনটাই বললেন সিপিআইএম নেতৃত্ব মানিক দে। আজ ধর্মনগরে সিপিআইএম কর্মী অমিতাভ দত্ত এবং রতন রায়ের উপর দুষ্কৃতিকারীদের হামলার প্রতিবাদে এক বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।




এদিন সিপিআইএম পশ্চিম জেলা কমিটির উদ্যোগে আয়োজিত এই মিছিল থেকে সিপিআইএম কর্মী ☞ ৫ এর পাতায় দেখুন

### জম্পুইয়ে ইউনিটি প্রোমো ফেস্ট উদ্বোধন করে

# ত্রিপুরার অর্থনৈতিক উন্নয়ন ও সাংস্কৃতিক সম্প্রীতি বাড়ছে ঃ কৃষিমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর।।** বর্তমান রাজ্য সরকার ত্রিপুরাকে দেশের অন্যতম শ্রেষ্ঠ পর্যটন গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করতে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। রাজ্যে অনুষ্ঠিত হওয়া প্রোমোফেস্ট ত্রিপুরায় অর্থনৈতিক উন্নয়ন ও সাংস্কৃতিক সম্প্রীতি বাড়াচ্ছে। জম্পুই পাহাড়ের ভাংমুন মাঠে আয়োজিত ‘ইউনিটি প্রমোফেস্ট ২০২৫’-এর চতুর্থ অনুষ্ঠানের উদ্বোধন করতে গিয়ে তিনি এ কথা বলেন রাজ্যের বিদ্যুৎ, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতন লাল নাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী ও শিল্প—বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা। মন্ত্রী এদিন জম্পুই পাহাড়ের নবসজ্জিত ইডেন ট্যুরিস্ট লজেরও উদ্বোধন করেন।



তিনি জানান, ত্রিপুরার পর্যটন সম্ভাবনাকে দেশ—বিদেশে তুলে ধরতেই প্রথম প্রোমোফেস্টের আয়োজন করা হয় ২০২৪ সালে। গত বছরের মতো এ বছরও ‘ইউনিটি প্রমোফেস্ট ২০২৫’ আয়োজন করা হয়েছে। নারিকেলকুঞ্জ, বিলোনিয়া , উদয়পুর, জম্পুই পাহাড় এবং নীরমহল সহ ছয়টি প্রধান পর্যটন কেন্দ্রে বৃহত্তর আকারে এই উৎসব শুরু হয়েছে। শেষ পর্ব অনুষ্ঠিত হবে আগরতলার স্বামী বিবেকানন্দ স্টেডিয়ামে একটি বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে। দেশের বহু বিখ্যাত শিল্পী ইতিমধ্যেই অংশ নিয়েছেন এবং আরও অংশ নেবেন।

মন্ত্রী জানান, প্রোমোফেস্ট মূলত একটি পর্যটন উদ্যোগ, যার লক্ষ্য ত্রিপুরার পর্যটন শিল্পকে বিকশিত করা। আজকের দিনে পর্যটন আর শুধু বিনোদনের মাধ্যম নয়; এটি বিশ্বজুড়ে অর্থনৈতিক অগ্রগতির অন্যতম চালিকা শক্তি। পর্যটন দেশের অর্থনৈতিক উন্নয়ন ও প্রত্যক্ষ—পরোক্ষভাবে কর্মসংস্থানে বিশেষ ভূমিকা রাখে। প্রোমোফেস্টের প্রধান উদ্দেশ্য হলো ☞ ৫ এর পাতায় দেখুন

# শিশু মৃত্যুকে ঘিরে চাঞ্চল্য কুলাই হাসপাতালে, অভিযোগ নার্সের বিরুদ্ধে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর।।** ২ মাসের শিশু মৃত্যুকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে কুলাই হাসপাতালে। ঘটনাকে কেন্দ্র করে নার্সের বিরুদ্ধে অভিযোগ উঠছে।

জানা যায়, গন্ডাছড়া হাসপাতাল থেকে শারীরিক অসুস্থতার কারণে মাত্র দুই মাসের এক শিশুকে চারদিন আগে কুলাইস্থিত ধলাই জেলা হাসপাতালে রেফার করা হয়। সেখানে চিকিৎসক ও শিশু বিশেষজ্ঞ ডা. পবন দেববর্মার তত্ত্বাবধানে শিশুটির চিকিৎসা চলছিল। তবে শুক্রবার দুপুরে শিশুটির মৃত্যু হলে পরিবার ও হাসপাতাল কর্তৃপক্ষের মধ্যে চাঞ্চল্য সৃষ্টি হয়।

পরিবারের অভিযোগ, শিশুর মৃত্যুর কিছুক্ষণ আগে নার্স দুটি ইনজেকশন পুশ করেন। তাঁদের দাবি, ইনজেকশন দেওয়ার পরই শিশুর শারীরিক অবস্থার অবনতি ঘটে এবং শেষ পর্যন্ত মৃত্যু হয়। পরিবারের সদস্যরা নার্সের বিরুদ্ধে অবহেলার অভিযোগ তোলেন। তবে হাসপাতালের চিকিৎসকের আশঙ্কা, শিশুটির মৃত্যু অন্য কোনও শারীরিক জটিলতার কারণে হতে পারে। চিকিৎসকের প্রাথমিক মন্তব্য অনুযায়ী, শিশুটি আগেই গুরুতর অসুস্থ ছিল এবং তার শারীরিক অবস্থার দ্রুত অবনতি ঘটে। ঘটনাকে কেন্দ্র ☞ ৫ এর পাতায় দেখুন


শ্রদ্ধাঞ্জলি

২৯/১১/২০২৫



৺গৌতম পাল

জন্ম : ২৫/০৮/১৯৬৪ • প্রয়াণ : ০৯/১২/২০২৪

স্বর্গীয় গৌতম পালের প্রয়াণ তিথি অনুযায়ী গভীর শ্রদ্ধা ও ভালোবাসায় স্মরণ করছি আমরা।
অগণিত স্নেহ, আদর্শ, পরিশ্রম ও মানবিকতার যে নিদর্শন রেখে গেছেন তা হোক আমাদের জীবনের পাথেয়।

শোকসন্তপ্ত পরিবারবর্গ:
শ্রীমতি সোমা পাল (সহধর্মিনী), সংগীতা ও অলমিতা (কন্যাগণ), এবং সিস্টার পরিবারবর্গ।

Sister Spices সিস্টার
নিশ্চিন্তের প্রতীক

জাগরণ আগরতলা,২৯ নভেম্বর,২০২৫ ইং
১২ অগ্রহায়ণ, শনিবার,১৪৩২ বঙ্গাব্দ

## দূষণে ভারাক্রান্ত দিল্লি

দিল্লির বায়ু দূষণ একটি গুরুতর এবং বার্ষিক সমস্যা, যাহার ফলে এটি প্রায়শই বিশ্বের সবচেয়ে দূষিত শহরগুলির মধ্যে স্থান পায়।বিভিন্ন সমীক্ষা অনুযায়ী, দিল্লিকে প্রায়শই বিশ্বের সবচেয়ে দূষিত শহরগুলির তালিকায় শীর্ষে দেখা যায়। এক সমীক্ষা বলিতেছে, দিল্লির বাসিন্দাদের দূষণের কারণে ১১.৯ বছর পর্যন্ত আয়ু কমিতে পারে। চোখ জ্বালা, কাশি এবং শ্বাসকষ্ট এখন সেখানকার মানুষের নিত্যসঙ্গী।একটি সাম্প্রতিক উপগ্রহ-ভিত্তিক মূল্যায়নে দেখা গেছে, দিল্লিতে বার্ষিক জনসংখ্যার-ভারযুক্ত ঘনত্ব ভারতের জাতীয় মানদণ্ডের আড়াই গুণ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশিকা থেকে প্রায় ২০ গুণ বেশি।

অক্টোবর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত শীতকালে বাতাসের গুণমান সবচেয়ে খারাপ হয়। এই সময় দূষণের মাত্রা "ভেরি পুওর" থেকে "সিভিয়ার" বা "হ্যাজার্ডাস" ক্যাটাগরিতে পৌঁছে যায়।জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত বর্ষাকালে দূষণ সর্বনিম্ন থাকে, কারণ ঘন ঘন বৃষ্টিপাত দূষণকে ছড়িয়ে দেয়।যানবাহনের ধোঁয়া একটি বড় উৎস। কলকারখানা থেকে নির্গত ধোঁয়া।

রাস্তার ধুলো: রাস্তার ধুলো এবং নির্মাণকাজ থেকে সৃষ্ট ধুলো। বিশেষ করে শীতকালে আশেপাশের রাজ্যগুলিতে ফসলের অবশিষ্ট পোড়ানোর ধোঁয়া দিল্লিতে আসিয়া পৌঁছায়।শীতকালে বাতাসের গতি কম থাকা এবং তাপমাত্রা কমিয়া যাওয়ার ফলে দূষণ কণাগুলি ভূপৃষ্ঠের কাছাকাছি আটকে থাকে।

দিল্লির সরকার এবং সংশ্লিষ্ট সংস্থাগুলি এই পরিস্থিতি মোকাবিলায় গ্রেডেড রেসপন্স অ্যাকশন প্ল্যান সহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করিয়াছে, যেমন- স্কুলগুলিতে আউটডোর কার্যকলাপ বন্ধ রাখা এবং অফিসগুলিতে কর্মচারীর সংখ্যা সীমিত করা।

রাজধানী দিল্লির বাতাসে দূষণের মাত্রা ক্রমেই বাড়িয়া চলিয়াছে। দীপাবলির পর থেকেই দিল্লির বাতাস 'খারাপ' থেকে 'অত্যন্ত খারাপ' পর্যায়ে পৌঁছিয়া গিয়াছে। এই সময়ে বৃদ্ধ, শিশু, গর্ভবতী মহিলা এবং দীর্ঘস্থায়ী শ্বাসকষ্ট বা হৃদরোগে আক্রান্তদের অবস্থা আরও সঙ্কটজনক হইয়া উঠিয়াছে। হাসপাতালগুলিতে শ্বাসকষ্ট, হাঁপানি ও গর্ভাবস্থাজনিত জটিলতায় রোগীর সংখ্যা হু-হু করিয়া বাড়িয়াই চলিয়াছে। দিল্লি ও আশপাশের অঞ্চল জুড়িয়া বাড়িয়া গিয়াছে বিষাক্ত বাতাসের প্রভাব। তিনটি পরিবারের মধ্যে দু'টি পরিবার ইতিমধ্যেই দূষিত বাতাসের মারাত্মক প্রভাব অনুভব করিতেছে। নাগরিক প্ল্যাটফর্ম লোকাল সার্কেলস-এর সমীক্ষা অনুযায়ী, চারটি পরিবারের মধ্যে তিনটি পরিবার ইতিমধ্যেই দূষণের নেতিবাচক প্রভাব অনুভব করিতেছে। সমীক্ষায় প্রকাশ, বাসিন্দাদের মধ্যে গলা ব্যথা, কাশি, চোখ জ্বালা, মাথাব্যথা এবং ঘুমের ব্যাঘাতের মতো সমস্যা ব্যাপকভাবে দেখা দিয়াছে।দিল্লি, গুরগাঁও, নয়ডা, ফরিদাবাদ ও গাজিয়াবাদের ৪৪ হাজারেরও বেশি বাসিন্দার প্রতিক্রিয়ার ভিত্তিতে লোকাল সার্কেলস জানাইয়াছে, ৪২ শতাংশ পরিবারের কেউ না কেউ গলা ব্যথা বা কাশিতে ভুগিতেছেন, ২৫ শতাংশ পরিবারের সদস্যরা চোখ জ্বালা, মাথাব্যথা বা ঘুমের সমস্যায় কষ্ট পাইতেছেন। ১৭ শতাংশ মানুষ শ্বাসকষ্ট বা হাঁপানিতে আক্রান্ত বলিয়া অভিযোগ করিয়াছেন।

## ধর্মনগরে অশোক সিংহলজী সেবা প্রকল্পের নতুন ছাত্রী নিবাস ভবনের উদ্বোধন

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৮ নভেম্বর:উত্তর ত্রিপুরার ধর্মনগর সোনারেরবাসা এলাকার বনবাড়িতে অশোক সিংহলজী সেবা প্রকল্পের নবনির্মিত ছাত্রী নিবাস ভবনের উদ্বোধন সম্পন্ন হয়েছে শুক্রবার। স্থানীয় ছাত্রীদের জন্য নিরাপদ ও মানসম্মত আবাসনের সুযোগ বাড়াতে এই নতুন ভবনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছে সংশ্লিষ্ট মহল। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা সরকারের যুব ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। এছাড়াও বাগমা বিধানসভার বিধায়ক রামপদ জমাতিয়া, প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা এবং বিশ্ব হিন্দু পরিষদের কেন্দ্রীয় সেবা প্রমুখ স্বপন কুমার মুখার্জি সহ আরও বহু বিশিষ্ট ব্যক্তি অনুষ্ঠানে যোগ দেন। অতিথিবৃন্দ প্রদীপ প্রজ্বালনের মাধ্যমে উদ্বোধন পর্ব সম্পন্ন করেন।

প্রকল্প কর্তৃপক্ষের সূত্রে জানা গেছে, প্রায় দুই কোটি টাকা ব্যয়ে নির্মিত চারতলা এই ভবনে রয়েছে চারটি বৃহৎ হলরুম, ২০টি ওয়ার্ডেন রুম, ১৬টি শৌচালয়সহ আধুনিক আবাসন সুবিধা। একসঙ্গে প্রায় ১২০ জন ছাত্রী এখানে থাকার সুযোগ পাবেন।

বিশেষত দূরদূরান্তের গ্রামাঞ্চল থেকে পড়তে আসা ছাত্রীদের জন্য নিরাপদ, সুশৃঙ্খল ও শিক্ষাবান্ধব পরিবেশ তৈরিতে এই নতুন ছাত্রী নিবাস ভবনটি গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে মত সংগঠনের।

## আইআইটি গুয়াহাটি জল থেকে সীসা অপসারণে উন্নত মাইক্রোবিয়াল প্রযুক্তি উদ্ভাবন ক

গুয়াহাটি, ২৮ নভেম্বর : আইআইটি গুয়াহাটি গবেষকরা সম্প্রতি এমন এক উন্নত মাইক্রোবিয়াল প্রযুক্তি উদ্ভাবন করেছেন যা দূষিত জল থেকে সীসা অত্যন্ত দক্ষতার সঙ্গে অপসারণ করতে সক্ষম। পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এই প্রযুক্তি দেশের জলের মানোন্নয়নে নতুন সম্ভাবনা তৈরি করেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ কর্ণাটকের উডুপিতে পৌঁছেছেন কোটী গীতা লেখনা যজ্ঞ অভিযান এবং গীতা পারায়ণসমষ্টিগতভাবে ভাগবৎ গীতা পাঠঅনুষ্ঠানে অংশ নিতে। উডুপি পরিবায়া শ্রী পুথিগে মঠের উদ্যোগে আয়োজিত এই ধর্মীয় অনুষ্ঠানে তিনি স্বর্ণমণ্ডিত তীর্থ মণ্ডপ উদ্বোধন করেন এবং ভক্ত কানকদাসার প্রতি কৃষ্ণের দয়া স্মরণে নির্মিত স্বর্ণমণ্ডিত 'কানাকা কিন্ডি' উৎসর্গ করেন।মাঙ্গালুরুতে কর্ণাটকের স্বাস্থ্যমন্ত্রী দিনেশ গুন্দুরাও প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানান। প্রধানমন্ত্রীর আগমনে উডুপিতে ছিল উৎসবের আমেজ। দুই কিলোমিটার দীর্ঘ রোড শো চলাকালে রাস্তার দু'পাশে দাঁড়িয়ে থাকা হাজারো মানুষ প্রধানমন্ত্রীকে ফুল বর্ষণ করে অভিনন্দন জানান। প্রধানমন্ত্রীও হাত নেড়ে তাদের অভিবাদনের জবাব দেন।

রোড শোকে ঘিরে ঐতিহ্যবাহী যক্ষগান ও হুলিভেশা নৃত্যশিল্পীরা মনোমুগ্ধকর পরিবেশনা করেন। এরপর প্রধানমন্ত্রী উডুপি শ্রী কৃষ্ণ মঠে পৌঁছে নির্ধারিত অনুষ্ঠানে অংশ নেন।

# স্মার্টফোন যেভাবে ভূমিকম্প শনাক্ত করতে পারে

তিন বছর আগে, ২০২২ সালের ২৫শে অক্টোবর, ক্যালিফোর্নিয়ার বে এরিয়া অঞ্চলে পাঁচ দশমিক এক মাত্রার একটি ভূমিকম্প হয়। সৌভাগ্যজনকভাবে সেটি খুব বড় মাত্রার ভূমিকম্প ছিল না, ক্ষয়ক্ষতিও তেমন হয়নি। কিন্তু অন্য একটি দিক থেকে ঐ ভূমিকম্পটি খুবই তাৎপর্যপূর্ণ ছিল। কারণ, ভূমিকম্প হওয়ার আগে ওই অঞ্চলের অনেক মানুষ তাদের স্মার্টফোনে আগাম সতর্কবার্তা পেয়েছিলেন।

এরপর ২০২৪ সালের ছয়ই অগাস্টেও দক্ষিণ ক্যালিফোর্নিয়ায় হওয়া পাঁচ দশমিক দুই মাত্রার এক ভূমিকম্পের আগে নোটিফিকেশন পেয়েছিলেন সেখানকার বাসিন্দারা। সেসময় অনেকে অন্তত ৩০ সেকেন্ড আগে সতর্কবার্তা পেয়েছিলেন বলেও জানান।

আর গুরুত্বপূর্ণ বিষয় হলো, ফোন ব্যবহারকারীরা যে ভূমিকম্পের সতর্কবার্তা পেয়েছিলেন, সে ভূমিকম্প শুরুতে তাদের ফোনই শনাক্ত করেছিল। প্রযুক্তি প্রতিষ্ঠান গুগল বহুবছর ধরেই যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ বিভাগ, ইউনাইটেড স্টেটস জিওলজিকাল সার্ভের (ইউ এস জি এস) ও ক্যালিফোর্নিয়ার বেশকিছু বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞদের সাথে এমন একটি প্রযুক্তি তৈরির চেষ্টা করছে, যেটি ভূমিকম্প হওয়ার কয়েক সেকেন্ড আগে সতর্কবার্তা পাঠাতে সক্ষম হবে। এই সতর্কবার্তা ভূমিকম্পের কয়েক সেকেন্ড আগে পৌঁছানো সম্ভব। আর, ওই কয়েক সেকেন্ডই কাউকে টেবিল বা খাটের নিচে আশ্রয় নেওয়ার সময় দেবে কিংবা ট্রেনের গতি কমানোর সুযোগ করে দেবে বলে বিশ্বাস গুগলের। একটি হচ্ছে যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে থাকা কয়েক হাজার সিসমোমিটার থেকে এটি ভূমিকম্পের তথ্য নেয়। যার ফলে যুক্তরাষ্ট্র ও এর আশেপাশের অঞ্চলে হতে যাওয়া ভূমিকম্প আগে থেকে বেশ নির্ভুলভাবেই শনাক্ত করতে পারে এই প্রযুক্তি। আর যুক্তরাষ্ট্রের বাইরে, অর্থাৎ বাকি বিশ্বের জন্য এই সিস্টেম ব্যক্তিগত ব্যবহারের অ্যান্ড্রয়েড ফোনকেই কম্পন শনাক্ত করার যন্ত্র হিসেবে ব্যবহার করে।

অর্থাৎ আপনার কাছে থাকা অ্যান্ড্রয়েড ফোনই এক্ষেত্রে আগে থেকে কম্পন শনাক্ত করবে। গুগলের অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমের অধিকাংশ ফোনেই এক্সেলারোমিটার রয়েছে - ফোন নাড়াচাড়া করলে তা শনাক্ত করতে পারে এটি। ফোন ব্যবহারকারী কতটুকু হাঁটলো বা দৌড়ালো, এই ধরনের তথ্য দিতে ফিটনেস ট্র্যাকার জাতীয় অ্যাপগুলোকে সহায়তা করে থাকে এই টুল।

তবে, এর সেন্সরগুলো অত্যন্ত সংবেদনশীল এবং এটি একটি ছোটোখাটো সিসমোমিটার হিসেবেও কাজ করে। ভূমিকম্পের প্রাথমিক ধাক্কা শনাক্ত করার সাথে সাথে ফোনের এই সিস্টেমটি গুগলের অ্যান্ড্রয়েড আর্থকোয়েক অ্যালার্ট সিস্টেমে তথ্য পাঠায়। এরপর গুগল যাচাই করে যে একই এলাকার লক্ষ লক্ষ অ্যান্ড্রয়েড ফোন থেকে একই ধরনের তথ্য তারা পাচ্ছে কী না। সেরকম হলে সেসব তথ্য পর্যালোচনা করে গুগল ওই এলাকায় অবস্থিত অ্যান্ড্রয়েড সিস্টেমগুলোতে সতর্কবার্তা পাঠায়। আর এই পুরো প্রক্রিয়াটা সম্পন্ন হয় কয়েক সেকেন্ডের মধ্যেই।

যেহেতু রেডিও সিগন্যাল সিসমিক কম্পনের চেয়ে দ্রুত যায়, ভূমিকম্পের কেন্দ্রস্থল থেকে দূরে থাকা অঞ্চলগুলোতে কম্পন অনুভূত হওয়ার আগেই সতর্কবার্তা পাঠানো সম্ভব হতে পারে। এই প্রক্রিয়ায় আমরা আসলে আলোর গতিবেগের সাথে ভূমিকম্পের গতিবেগের একটি রেস খেলি বলা যায়। আমাদের সৌভাগ্য যে, আলোর গতিবেগ ভূমিকম্পের গতিবেগের চেয়ে অনেক বেশি', বলছিলেন অ্যান্ড্রয়েডের সফটওয়্যার ইঞ্জিনিয়ার মার্ক স্টোগাইটিস। তিনি বলছিলেন, এই সিস্টেমে ব্যবহারকারীকে যে নোটিফিকেশন পাঠানো হয় তা মূলত ব্যবহারকারীকে অতিস্বত্তর নিরাপত স্থানে আশ্রয় নেয়ার তাগাদা দেয়। সতর্কবার্তায় বলা হয় "ড্রপ, কাভার অ্যান্ড হোল্ড।" পরিসংখ্যানের হিসেবে ধারণা করা হয়, পৃথিবীতে ১৮০০ কোটির বেশি মোবাইল ফোন ডিভাইস রয়েছে যার মধ্যে সাড়ে তিন থেকে চারশো কোটি অ্যান্ড্রয়েড ডিভাইস আছে। গুগলের এই ভূমিকম্প শনাক্তকরণ পদ্ধতি "আর্থকোয়েক অ্যালার্ট সিস্টেম" ৯০টির বেশি দেশে কার্যকর রয়েছে। তবে, এই ব্যবস্থার সীমাবদ্ধতাও রয়েছে। যেসব এলাকায় অ্যান্ড্রয়েড ফোনের সংখ্যা তুলনামূলক কম অথবা সমুদ্রে উৎপন্ন হওয়া ভূমিকম্প শনাক্ত করার ক্ষেত্রে এই সিস্টেম খুব একটা কার্যকর নয়। আর এ সিস্টেম ভূমিকম্প হওয়ার কয়েক সেকেন্ড আগে আগাম সতর্কবার্তা দিতে পারলেও আগে থেকে ভূমিকম্প শনাক্ত করার বিষয়টি এখনও বরাবরের মতই অনিশ্চয়তায় পরিপূর্ণ। ফোনের লোকেশন অন রাখতে হবে, যেন গুগল শনাক্ত করতে পারে যে আপনার ফোন কোন অঞ্চলে রয়েছে। আর ফোনকে সিসমোগ্রাফ হিসেবে ব্যবহার করতে ডিভাইসটিকে স্থিতিশীল অবস্থানে (টেবিলের ওপর) রাখতে হবে এবং সেটিকে চার্জার এর সাথে সংযুক্ত রাখতে হবে। অর্থাৎ আপনার ফোন যদি স্থিতিশীল অবস্থায় চার্জারের সাথে লাগানো থাকে, তাহলে এটি ভূকম্পন শনাক্ত করে গুগলের কাছে সম্ভাব্য ভূমিকম্পের তথ্য পাঠাতে পারবে। একই অঞ্চলের বেশকিছু ফোন থেকে এ তথ্য পেলে গুগল সেগুলো বিশ্লেষণ করে বুঝতে সক্ষম হবে যে সেখানে ভূমিকম্প হতে চলেছে। সেই তথ্যের ভিত্তিতে তখন ওই এলাকা ও তার আশেপাশের এলাকার সব অ্যান্ড্রয়েড ব্যবহারকারীকে আগাম সতর্কবার্তা পাঠাবে তারা।

# রেটিং বাড়ানোর চাপে টেলিভিশন চ্যানেলগুলোর মানবিকতা কি বিপন্ন

রতন ভট্টাচার্য

গণমাধ্যম একটি সমাজের দর্পণ। যে সমাজের মূল্যবোধ, রাজনৈতিক পরিবেশ, অর্থনৈতিক কাঠামো এবং সাংস্কৃতিক প্রেক্ষাপট বদলে যায়, গণমাধ্যমও সেই পরিবর্তনকে ধারণ করে। তাই টেলিভিশন চ্যানেলগুলোর মানবিকতা, গভীরতা এবং নিরপেক্ষতা হারানোর অর্থ হলো সমাজের সামগ্রিক কাঠামোর মধ্যেই এক ধরনের পরিবর্তন। এই - পরিবর্তনের দায় শুধু চ্যানেলের নয়; দর্শকের, রাজনীতির, অর্থনীতির এবং সময়েরও। তবে পরিবর্তন যেমন অনিবার্য, তেমনি সংশোধনও সম্ভব। গণমাধ্যমের শক্তি এখনো প্রবল, প্রভাব গভীর। বর্তমান সময়ে টেলিভিশন শুধু ঘরের বিনোদনের মাধ্যম নয়, সমাজের চিন্তা, মনোভাব ও মতামত গঠনের অন্যতম প্রধান শক্তি। আজকের প্রজন্ম তথ্য পায় স্মার্টফোন, সোশ্যাল মিডিয়া, ইউটিউব এবং নানা ডিজিটাল প্ল্যাটফর্ম থেকে। ফলে টেলিভিশন এখন। নতুন প্রতিযোগিতার মুখে। এই প্রতিযোগিতায় টিকে থাকতে হলে চ্যানেলগুলোর বিশ্বাসযোগ্যতা সবচেয়ে বড় সম্পদ। সোশ্যাল মিডিয়ার অগণিত তথ্যের ভিড়ে মানুষ এখন একটি নির্ভরযোগ্য উৎস চায় যেখানে। সে নিশ্চিত হতে পারবে যে তথ্য বিকৃত করা হয়নি, অতিরঞ্জন নেই, লুকোচুরি নেই। তাই টেলিভিশন যদি আবার বিশ্বস্ততার জায়গায় ফিরতে চায়, তবে তার সাংবাদিকতা ও অনুষ্ঠান নির্মাণে সততা, মানবিকতা আর নিরপেক্ষতা অপরিহার্য। কিন্তু সাম্প্রতিক দশকে দেখা যাচ্ছে, টেলিভিশন চ্যানেলগুলোর একটি বড় অংশ ধীরে ধীরে তাদের নিরপেক্ষতা হারাচ্ছে, রাজনৈতিক ও বাণিজ্যিক পক্ষপাতের দিকে ঝুঁকে পড়ছে এবং সংবাদকে অনেক সময় নাটকীয়তার আবরণে ঢেকে দিচ্ছে। ফলে। টেলিভিশন তার মূল দায়িত্ব মানুষের সামনে সত্যের মানবিক ও নিরপেক্ষ ছবি তুলে ধরার ক্ষেত্রে ব্যর্থ হচ্ছে। তাই আজকের সময়ে টেলিভিশন চ্যানেলগুলোর এক নতুন মানবমুখী নিরপেক্ষতার প্রয়োজন আগের যেকোনও সময়ের চেয়ে বেশি। মানবিকতা আজ সংবাদে নয়, বরং দর্শক টানার অস্ত্র হিসেবে ব্যবহৃত হচ্ছে। টেলিভিশন সংবাদ মাধ্যমের গভীরতার অভাবও আজ বড় একটি সমস্যা। একটি ঘটনার গভীর বিশ্লেষণ দর্শকের মধ্যে চেতনা জাগায়, সমাজকে বোঝার পরিসর বাড়ায়। কিন্তু টেলিভিশনের বর্তমান দ্রুততার যুগে এই গভীর ব্যাখ্যার জায়গা কমে গেছে। রেটিং বাড়ানোর চাপ, সময়ের সীমাবদ্ধতা, এবং দ্রুত সংবাদ পরিবেশনের প্রবণতা সাংবাদিকদের গভীরতর অনুসন্ধানমূলক কাজকে পিছনে ঠেলে দিচ্ছে। টেলিভিশন যখন প্রথম সমাজে জনপ্রিয় হতে শুরু করে, তখন এর প্রধান কাজ ছিল তথ্য পৌঁছে দেওয়া, শিক্ষিত করা এবং মানুষের মননে যুক্তিবোধ জাগিয়ে ও তোলা। সংবাদ পরিবেশন ছিল অতি সংযত, ভাষা ছিল নিরপেক্ষ, এবং উপস্থাপনা ছিল শান্ত ও বস্তুনিষ্ঠ। - সংবাদপাঠকের কণ্ঠে উত্তেজনা ছিল না, ছিল না অস্বাভাবিক জোর বা চাপ। কিন্তু ধীরে ধীরে টেলিভিশন চ্যানেলগুলোর মধ্যে প্রতিযোগিতা বাড়তে থাকায় সংবাদও পণ্য হয়ে উঠল, যেখানে সত্যের চেয়ে গুরুত্ব পেল দৃষ্টিকটু শিরোনাম, "ব্রেকিং নিউজ"-এর উত্তাপ, এবং দর্শকের আবেগকে উত্তেজিত করে TRP বাড়ানোর কৌশল। ফলে সংবাদ কেবল তথ্য নয়, বিনোদনের উপাদান হয়ে দাঁড়াল। এই পরিবর্তনের মধ্যেই মানবিকতা, গভীরতা এবং নিরপেক্ষতা হারিয়ে যেতে লাগল। একটি চ্যানেলের নিরপেক্ষতা মানে শুধু রাজনৈতিক নিরপেক্ষতা নয়। মানবিক নিরপেক্ষতা আরও বড় ও গভীর। কোনও ঘটনা যদি চ্যানেলের পছন্দসই পক্ষকে অস্বস্তিতে ফেলে, তা কম প্রচারিত হয়, আর অন্য পক্ষের বিরুদ্ধে সামান্য ঘটনাকেও বড় করে দেখানো হয়। এর ফল হলো সমাজে এক বিভ্রান্ত এবং বিভক্ত পরিবেশ সৃষ্টি হওয়া। মানুষ আর তথ্য পায় না মতাদর্শের মোড়কে সাজানো বক্তব্য। মানবিকতার অভাব সবচেয়ে বেশি ধরা পড়ে দুযোগ, অপরাধ বা ব্যক্তিগত বিপর্যয়ের সময়। প্রায়ই দেখা যায়, দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মানুষদের ক্যামেরার সামনে এমনভাবে তুলে ধরা হয় যেন তাঁরা কোনও নাটকের চরিত্র। তাদের কান্না, অসহায়তা, ব্যথা- সবকিছুই TRP-র উপকরণ হয়ে ওঠে। সাংবাদিকতার মৌলিক নীতি হল- মানুষের মর্যাদা রক্ষা করা। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, অনেক চ্যানেলই সেই নীতিকে উপেক্ষা করে। বর্তমান সময়ে সংবাদকে রাজনৈতিক মেরুকরণের হাত থেকে রক্ষা করা অত্যন্ত জরুরি। অনেক চ্যানেলের ডিবেট শো এখন আর যুক্তি ও তথ্যের উপর দাঁড়িয়ে নেই; বরং এগুলো শব্দের প্রতিযোগিতা, উত্তেজনা ও পক্ষপাতের এক প্রদর্শনী। এতে দর্শক বিভ্রান্ত হয়, বিচক্ষণতা হারায় এবং আসল সমস্যাগুলো চাপা পড়ে যায়। একটি গণতান্ত্রিক দেশের জন্য এটি অত্যন্ত ক্ষতিকর। গণমাধ্যমের উদ্দেশ্য মানুষকে আলোকিত করা, অন্ধকারে ঠেলে দেওয়া নয়। তাই সংবাদকে আবার তথ্যনিষ্ঠ ও মানুষকেন্দ্রিক করা সময়ের দাবি। টেলিভিশন চ্যানেলগুলোর মানবিক মুখ গড়ে তোলা মানে শুধু খবরের রূপ পাল্টানো নয়; এর অর্থ অনুষ্ঠানগুলোর মানোন্নয়নও। মানবিক টেলিভিশন শুধু তথ্য দেবে না- মানুষের মধ্যে শান্তি, সহমর্মিতা, সৌহার্দ্য এবং সংস্কৃতির বোধ তৈরি করবে।

সমাজে গণমাধ্যমের ভূমিকা শুধু নেতিবাচক দিক তুলে ধরা নয়; বরং ইতিবাচক কাজ, নতুন উদ্ভাবন, অসাধারণ মানবিকতার গল্প, সাধারণ মানুষের সংগ্রাম- এই সব গল্পও সমানভাবে ছড়িয়ে দেওয়া। একজন রিকশাচালকের ছেলে যদি আন্তর্জাতিক পুরস্কার জিতে আসে, একজন শিক্ষক যদি গ্রামের শিশুদের জীবনে পরিবর্তন আনার জন্য নিরলস কাজ করেন, একটি ছোট এনজিও যদি পরিবেশ রক্ষায় গুরুত্বপূর্ণ উদ্যোগ নেয়- এই সব গল্প দেখলে মানুষ অনুপ্রাণিত হয়। মানবিক টেলিভিশনের দায়িত্ব হলো এই আশার আলো ছড়িয়ে দেওয়া।

টেলিভিশন সংবাদমাধ্যম এক সময় মানুষের নির্ভরতার কেন্দ্র ছিল। তথ্য, বিশ্লেষণ, ব্যাখ্যা এবং সমাজের দিক-দর্শন শেখানোর ক্ষেত্রে এই মাধ্যম অসামান্য ভূমিকা রেখেছে। দর্শক বিশ্বাস করত যে এই পর্দায় ধরা পড়া সংবাদ সমাজের নির্যাস, দেশের বাস্তবতা এবং বিশ্বের প্রেক্ষাপটকে যতটা সম্ভব নিরপেক্ষভাবে তুলে ধরবে। কিন্তু সময় বদলেছে, বদলেছে টেলিভিশনের সাংবাদিকতাও। এখন অনেকেই মনে করেন, টেলিভিশন চ্যানেলগুলো ক্রমশ মানবিকতা, গভীরতা এবং নিরপেক্ষতা হারিয়ে ফেলছে। এই পতন কোনো একটি কারণের ফল নয়: বরং সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক বহু কারণ মিলেমিশে এই প্রবণতার জন্ম দিয়েছে। একটি গণমাধ্যম তার দর্শকের চাহিদা, মালিকপক্ষের উদ্দেশ্য এবং সময়ের চরিত্র এই তিনের মধ্যবর্তী টানাপড়েনে যে রূপ ধারণ করে, টেলিভিশনও তার ব্যতিক্রম নয়। তাই টেলিভিশনের বর্তমান সংকট বুঝতে গেলে সমাজের সামগ্রিক প্রেক্ষাপটকেও উপেক্ষা করা যায় না। একসময় টেলিভিশন সংবাদ ছিল শান্ত, স্থির, পুঙ্খানুপুঙ্খ। রিপোর্টাররা মাঠঘাট ঘুরে সংবাদ সংগ্রহ করতেন, প্রেক্ষাপট ব্যাখ্যা করতেন, ঘটনার পেছনের কারণ অনুসন্ধান করতেন। একটি ঘটনার সব পক্ষ উঠে আসত, দৃষ্টিভঙ্গি থাকত নিরপেক্ষ। দর্শকও বুদ্ধিবৃত্তিক অভ্যাস উ হিসেবে। কিন্তু আজ সেই পরিবেশ প্রায় উধাও। এখন টেলিভিশন সংবাদে চটকদার শিরোনাম, দ্রুততার আমি প্রতিযোগিতা, স্টুডিও কেন্দ্রীক তর্ক-বিতর্ক এবং প্রায় নাট্যধর্মী উপস্থাপনা সাধারণ হয়ে উঠেছে। একটি সংবাদকে কখনো কখনো এমনভাবে সাজানো হয়, যা আসলে বাস্তবতার চেয়ে বেশি চিত্তাকর্ষক এবং দৃশ্যত নাটকীয়। এর ফলে সংবাদ হয়ে ওঠে বিনোদনের শুর অনুষঙ্গ, আর সাংবাদিকতা হারায় তার গভীরতা। মানবিকতার সংকট এ সময়ে সবচেয়ে বেশি দৃশ্যমান। অনেক ক্ষেত্রে দেখা যায়, একটি বড় ঘটনা নিয়ে ঘণ্টার পর ঘণ্টা চ্যানেলগুলো স্টুডিওতে আলোচনা চালাচ্ছে, কিন্তু মাঠ থেকে তথ্য আসছে না। তর্কবিতর্কে উত্তেজনা আছে, কিন্তু বিশ্লেষণ নেই। শব্দ আছে, কিন্তু তা প্রায়ই অর্থহীন আঘাতে পরিণত হয়। এই ধরনের পরিবেশে দর্শক বাস্তবতার চেয়ে বেশি বিভ্রান্ত হয়ে পড়েন, কারণ সত্য আর শব্দের কোলাহলের মধ্যে হারিয়ে যায়। যখন সত্যের গুরুত্ব কমে যায় এবং কেবলমাত্র দৃশ্যের প্রলোভন বাড়ে, তখন সংবাদ মাধ্যমের সত্তা ঝুঁকির মুখে পড়ে। এই মান সংকটের আরেকটি বড় কারণ গণমাধ্যমের বাণিজ্যিক চরিত্র। যখন কোনো প্রতিষ্ঠান কেবল বাজারের অতি চাহিদার ভিত্তিতে চলে, তখন মানবিকতার চেয়ে লাভ. গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। টেলিভিশন চ্যানেলগুলো বিজ্ঞাপননির্ভর, এবং বিজ্ঞাপনদাতারা চান বেশি দর্শক। দর্শক পেতে হলে চ্যানেলকে দর্শকের রুচির সঙ্গে খাপ খাইয়ে চলতে হয়। ফলে এমন কন্টেন্ট এক তৈরি করা হয় যা দ্রুত মানুষকে আকর্ষণ করে, যেমন ছড়িয়ে পড়া গুজবের নাট্যরূপ, অতিরঞ্জিত ভাষা, পার অথবা উত্তেজক দৃশ্য। সমাজতাত্ত্বিকভাবে বলা যায়, এ না, এক ধরনের "মিডিয়া পপুলিজম", যেখানে দর্শকের অভগভীর বোঝাপড়াকে সমৃদ্ধ করা নয়, বরং সেই মুহূর্তে কলে তাকে আকৃষ্ট করাই লক্ষ্য। এতে সংবাদ মাধ্যমের গুণগত মান কমে যায়। টেলিভিশন দ্রুত খবর তিনি পরিবেশন করতে গিয়ে হওয়ার চেষ্টা করে, ফলে ভুল তথ্য, অসম্পূর্ণ বিশ্লেষণ এবং একপেশে মতামত ছড়িয়ে পড়া সহজ হয়ে যায়। দর্শকও তাৎক্ষণিক প্রতিক্রিয়া-ভিত্তিক সংবাদ দেখতে দেখতে গভীর তিনি চিন্তার অভ্যাস হারিয়ে ফেলছেন। ফলে টেলিভিশনও এট সামাজিক মাধ্যমের মতোই এক ধরনের বিভ্রান্তি-নির্ভর সংবাদ পরিবেশে পরিণত হচ্ছে। এই পরিস্থিতিতে প্রশ্ন ওঠে, মানবিকতা, গভীরতা এবং নিরপেক্ষতার সংকট কাটিয়ে উঠতে টেলিভিশন কি মনোযোগ দেবে।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

> টেলিভিশন সংবাদমাধ্যম এক সময় মানুষের নির্ভরতার কেন্দ্র ছিল। তথ্য, বিশ্লেষণ, ব্যাখ্যা এবং সমাজের দিক-দর্শন শেখানোর ক্ষেত্রে এই মাধ্যম অসামান্য ভূমিকা রেখেছে। দর্শক বিশ্বাস করত যে এই পর্দায় ধরা পড়া সংবাদ সমাজের নির্যাস, দেশের বাস্তবতা এবং বিশ্বের প্রেক্ষাপটকে যতটা সম্ভব নিরপেক্ষভাবে তুলে ধরবে। কিন্তু সময় বদলেছে, বদলেছে টেলিভিশনের সাংবাদিকতাও। এখন অনেকেই মনে করেন, টেলিভিশন চ্যানেলগুলো ক্রমশ মানবিকতা, গভীরতা এবং নিরপেক্ষতা হারিয়ে ফেলছে। এই পতন কোনো একটি কারণের ফল নয়: বরং সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক বহু কারণ মিলেমিশে এই প্রবণতার জন্ম দিয়েছে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



শুক্রবার সিপিএম সদর কার্যালয়ে এজেলসের মৃত্যুবার্ষিকী পালিত হয়।

# লখনউয়ে ভারত স্কাউটস অ্যান্ড গাইডস-এর ১৯তম ন্যাশনাল জ্যাম্বোরিতে ভাষণ দেবেন রাষ্ট্রপতি মুর্মু

নয়াদিল্লি, ২৮ নভেম্বর : রাষ্ট্রপতি দৌপদী মুর্মু আজ লখনউ সফরে যাচ্ছেন, যেখানে তিনি দুটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠানে অংশ নেবেন। প্রথমে তিনি ব্রহ্মকুমারীদের ২০২৫-২৬ সালের বার্ষিক থিম 'বিশ্ব ঐক্য ও বিশ্বাসের জন্য ধ্যান'—এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন।ব্রহ্মকুমারীদের অতিরিক্ত মহাসচিব ড. মৃত্যুঞ্জয় জানিয়েছেন, উদ্বোধনের পর রাষ্ট্রপতি প্রশিক্ষণ কেন্দ্রে ধ্যান করবেন এবং পাঁচজন নারী ও পাঁচজন পুরুষকে পতাকা ও কলশ প্রদান করবেন। রাজ্যব্যাপী এ থিম নিয়ে আগামী এক বছরে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হবে।

দুপুরে রাষ্ট্রপতি ভারতের স্কাউটস ও গাইডস-এর ডায়মন্ড জুবিলি উদ্‌যাপনের সমাপনী অনুষ্ঠানে যোগ দেবেন এবং ১৯তম ন্যাশনাল জ্যাম্বোরিতে ভাষণ রাখবেন।

৬১ বছর পর লখনউয়ে এই জ্যাম্বোরি অনুষ্ঠিত হচ্ছে। প্রায় ৩৩,০০০ স্কাউট, গাইড, রোভার এবং রেঞ্জার ভারতের বিভিন্ন রাজ্য থেকে অংশ নিচ্ছে। এছাড়া মালদ্বীপ, নেপাল, শ্রীলঙ্কা এবং সৌদি আরবসহ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ১,৫০০-রও বেশি যুব প্রতিনিধি অংশগ্রহণ করছেন।


**MEMORANDUM**

In reference to the NIQ vide no. F. 14/4(25)/TRLM/S/2025-26/5296-5307, dated- 30th Oct/2025 issued by District Mission Manager (DM & Collector) DMMU TRLM south Tripura, Belonia, it is stated that the last date for receipt of quotations was 17/11/2025 up to 3:00 PM. the competent authority has decided to extend the receiving period of the tender upto 5/12/2025 till 3.00 pm.
The tender will be opened on the next working day, i.e., 06/12/2025 at 3:00 PM, if possible, in presence of the bidders.
ICA/C 3160/25

**(Muhammad Sajad P., LAS)**
**District Mission Manager**
**(DM & Collector)**
**District Mission**
**Management Unit Tripura**
**Rural Livelihood Mission**
**South Tripura, Belonia**

**Tender Cancellation Notice (Hiring of Vehicle)**

Tender for hiring of 01 (one) no of Scorpio (classic) vehicle for the use of the O/o Hon'ble Minister, Deptt. of Cooperation, Govt. of Tripura, invited by the O/o the RCS, Govt.
the RCS, Govt. of Tripura vide Tender Notice No. No.F.12(5)/COOP/ACCTS/15/DIS/783989/2025 dated. 27.10.2025 is hereby stand cancelled due to non-compliance of the tender terms and conditions by the bidders.
Thus fresh tender shall be invited shortly.
ICA/C/3159/35

**(BigReabbarma)**
**Registrar of**
**shabarmacieties,**

**AFFIDAVIT**

Jowel Hossain S/O- Chan Miah Vill-North Maheshpur, PO-Maheshpur, PS-Jatrapur, DIST - Sepahijala, Tripura.
Do hereby declare that i have changed my Father Name Chan Miah Hossain (Old Name) to Chan Miah (New/ correct Name) & my Mother's name Aleya Bibi Hossain (old Name) to Aleya Bibi (New/ correct Name) and henceforth i shall be known as Chan Miah (New/ correct Name) & Aleya Bibi (New/ correct Name) in all purpose,
My father name Chan Miah Hossain (Old Name) to Chan Miah (New/ correct Name) & my Mother's name Aleya Bibi Hossain (old Name) to Aleya Bibi (New/ correct Name) Both are same and one identical person.
Deponents is identified by me.

**Sd/-**
**Jowel Hossain**

**Memorandum**

A request for proposal is hereby invited from the retail medicine shops for supplying medicine as per the following terms and condition w.e.f. 1 January 2026 to 31 December, 2026;
1. Requirement of medicine be supplied items wise through challan copy on retail price. 2. Percentage regarding rate of discount on MRP must be quoted and supplier may be selected from higher discount holder.
3. Medicine be supplied as per prescription and sick register of medicine as prescribed by Medical Officer of Kailashahar Sub-divisional Hospital/ Unakoti District Hospital/Other referral Hospital/Visiting Mo of Kailashahar District Jail time to time on production along with proper authenticate by Sub-Jailor/Jailor/Pharmachist of Kailashahar district Jail.
4. Supply be ensured 24x7 Hrs coverage.
5. Mode of payment will be on bill basis & payment will be made subject to availability of funds.
6. Bill should be submitted within first week of every month.
7. No Substitute/alternative medicine without knowledge of the Medical Officer will be entertained.
8. Valid retail Drug License in the form of (a) general (b) narcotic should be submitted from the competent authority as per Drug & Cosmetic act 1940.
9. Quotation, will be submitted in Sealed packet in the Office of the undersigned during office hours till 15 days after publication of this news excluding holiday.
10. Submission of Quotation w.e.f-01-12-2025 to 18-12-2025,4:30 PM positively.
11.Time & date of opening of quotation will be 4 PM 19th December,2025 at the chamber of the undersigned.
ICA/D/1426/20 (12x2)

**Yours Sincerely**
**Superintendent**
**Kailashahar District-Jail**
**Unakoti Tripura.**

**AFFIDAVIT**

I.Riman Khan S/O Jamsed Miah Vill- Kalamkhet, PO-Urmai, PS-Sonamura, DIST-Sepahijala, Tripura.
Do hereby declare that i have changed my father's name Jamshed Miah(old Name) to Jamsed Miah (New/ correct Name) and henceforth i shall be known as Jamsed Miah (new/ correct Name) in all purpose, Jamshed Miah(old Name) to Jamsed Miah (New/ correct Name) Both are same and one identical person.
Deponent is identified by Me

**Sd/-**
**Riman Khan**


## কর্ণাটক ও গোয়া সফরে প্রধানমন্ত্রী মোদি

কর্ণাটক, ২৮ নভেম্বর : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ কর্ণাটক ও গোয়া সফরে যাচ্ছেন। কর্ণাটকের উডুপিস্থ শ্রী কৃষ্ণ মঠে তিনি অংশ নেবেন লক্ষ্ কাণ্ঠ গীতা পারায়ণ কর্মসূচিতে। একই সঙ্গে তিনি মঠের সামনে অবস্থিত সুবর্ণ তীর্থ মণ্ডপ উদ্বোধন করবেন এবং পবিত্র কানাকনা কিন্ডি-র জন্য নির্মিত কানাকা কবচ উৎসর্গ করবেন।

উডুপির কর্মসূচি শেষে প্রধানমন্ত্রী মোদি গোয়া পৌঁছাবেন। সেখানে তিনি শ্রী সংস্থান গোকর্ণ পার্তগালি জীবোত্তম মঠের ৫৫০তম বর্ষ উদযাপনশর্ধা পঞ্চাশতামনোৎসবএ যোগ দেবেন। এ উপলক্ষে তিনি ৭৭ ফুট উচ্চ ব্রোঞ্জ নির্মিত শ্রী রাম মূর্তি উন্মোচন করবেন এবং রামায়ণ থিম পার্ক গার্ডেন উদ্বোধন করবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিশেষ ভাষণ দেবেন এবং একটি স্মারক ডাকটিকিট ও স্মারক মুদ্রা প্রকাশ করবেন।

## সিমিলিপালে তীব্র শৈত্যপ্রবাহ, ইউবিকে-তে তাপমাত্রা নেমে ৩ ডিগ্রি সেলসিয়াস

বারিপদা, ২৮ নভেম্বর : সিমিলিপাল ন্যাশনাল টাইগার রিজার্ভে তীব্র শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে। আপার বারাহা কামুদা এলাকায় তাপমাত্রা নেমে পৌঁছেছে ৩ ডিগ্রি সেলসিয়াসে, যা চলতি মৌসুমের অন্যতম সর্বনিম্ন তাপমাত্রা।

আঞ্চলিক বন সংরক্ষণ প্রধান প্রকাশ চন্দ্র গোগিনেনি জানিয়েছেন, গত কয়েক দিন ধরে তাপমাত্রা দ্রুত কমে যাওয়ায় পুরো অঞ্চলে কনকনে ঠান্ডা পড়ছে।

সিমিলিপাল ন্যাশনাল টাইগার রিজার্ভে তীব্র শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে, যেখানে আপার বারাহা কামুদা এলাকায় তাপমাত্রা নেমে পৌঁছেছে ৩ ডিগ্রি সেলসিয়াসে। আঞ্চলিক বন সংরক্ষণ প্রধান প্রকাশ চন্দ্র গোগিনেনি জানিয়েছেন যে গত কয়েক দিনে তাপমাত্রা উল্লেখযোগ্যভাবে কমেছে, ফলে পুরো অঞ্চলে কনকনে ঠান্ডা অনুভূত হচ্ছে। শুক্রবার সকাল ৬টায় রেকর্ড করা তাপমাত্রা অনুযায়ী, চাহালায় ৭ ডিগ্রি, বাড়েহিপানিতে ৮ ডিগ্রি, গুরগুরিয়ায় ৯ ডিগ্রি, কিয়াঝাড়ি ও রামতির্থায় ১৩ ডিগ্রি এবং সতকোশিয়ায় ১৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা নথিভুক্ত হয়েছে।

# ভুবনেশ্বরে কেন্দ্রীয় বিদ্যালয়ের বাইরে বোমা বিস্ফোরণ, অল্পের জন্য রক্ষা, আতঙ্কে এলাকাবাসী

ভুবনেশ্বর, ২৮ নভেম্বর : ভুবনেশ্বরের গাদাকানায় মঞ্চেশ্বর থানার অন্তর্গত কেন্দ্রীয় বিদ্যালয়ের প্রধান ফটকের বাইরে আজ একটি কাঁচা বোমা বিস্ফোরণে চাঞ্চল্য ছড়ায়। তবে বিস্ফোরণে কেউ আহত না হলেও এলাকায় তীব্র আতঙ্ক সৃষ্টি হয়।

ঘটনাটি ঘটে বিদ্যালয়ের ৩ নম্বর গেটের সামনে। হঠাৎ বিস্ফোরণের শব্দে সাধারণ পথচারী ও স্কুলের আশপাশে থাকা মানুষজন আতঙ্কিত হয়ে পড়েন।

প্রাথমিক তথ্যানুসারে, দুষ্কৃতীরা বোমাটি বহন করছিল এবং পালানোর সময়ই তা বিস্ফোরিত হয়। পুলিশ প্রাথমিকভাবে মনে করছে, বোমাটি বৃহত্তর নাশকতা ঘটানোর উদ্দেশ্যে আনা হয়েছিল। ঘটনার তদন্ত শুরু হয়েছে এবং মঞ্চেশ্বর থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিত থেকে প্রমাণ সংগ্রহ করছে। এলাকার একাধিক সিসিটিভি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে দুষ্কৃতীদের শনাক্ত করার জন্য। পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের পরিচয় উদ্‌ঘাটন ও তাদের উদ্দেশ্য জানতে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে।


The Executive Engineer, Engineering Cell, Samagra Shiksha, Old Shishu Bihar Complex, Agartala, West Tripura invites on behalf of the 'Governor of Tripura' online percentage/ item rate e- tender from the eligible Central & State Public Sector undertaking/enterprise and eligible Contractors/Bidders/Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/ MES/ CPWD/ Railway/Other State PWD up to 3.00 P.M. on 05/12/2025 for the following work:-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | DOCUMENT DOWNLOADING AND BIDING AT APPLICATION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Repair of 3(Three) nos. School under Kakraban, Matabari and Tepania Block, Gomati District under Repair/ restoration of immediate nature of damaged infrastructure of school building. DRAFT NIT NO: 143/EE/ENGG.CELL/Samagra/2025-26 PRESS NIT NO: 176/EE/ENGG.CELL/Samagra/2025-26 | Rs. 5,99,000.00 | Rs. 11,980.00 | 30 (Thirty) days | Up to 3PM 05/12/2025 | At 06/12/2025 Hrs on 04 PM. | https://tripuratenders.gov.in | Appropriate Class |
| 2 | Repair of 2(Two) nos. School under Kakraban and Matabari Block, Gomati District under Repair/ restoration of immediate nature of damaged infrastructure of school building. DRAFT NIT NO: 144/EE/ENGG.CELL/Samagra/2025-26 PRESS NIT NO: 177/EE/ENGG.CELL/Samagra/2025-26 | Rs. 4,00,000.00 | Rs. 8,000.00 | 30 (Thirty) days | Up to 3PM 05/12/2025 | At 06/12/2025 Hrs on 04 PM. | https://tripuratenders.gov.in | Appropriate Class |
| 3 | Repair of 3(Three) nos. School under Ampinagar, Karbook and Silachari Block, Gomati District under Repair/ restoration of immediate nature of damaged infrastructure of school building. DRAFT NIT NO: 145/EE/ENGG.CELL/Samagra/2025-26 PRESS NIT NO: 178/EE/ENGG.CELL/Samagra/2025-26 | Rs. 6,00,000.00 | Rs. 12,000.00 | 30 (Thirty) days | Up to 3PM 05/12/2025 | At 06/12/2025 Hrs on 04 PM. | https://tripuratenders.gov.in | Appropriate Class |
| 4 | Repair of 2(Two) nos. School under Karbook and Silachari Block, Gomati District under Repair/ restoration of immediate nature of damaged infrastructure of school building DRAFT NIT NO: 146/EE/ENGG.CELL/Samagra/2025-26 PRESS NIT NO: 179/EE/ENGG.CELL/Samagra/2025-26 | Rs. 4,00,000.00 | Rs. 8,000.00 | 30 (Thirty) days | Up to 3PM 05/12/2025 | At 06/12/2025 Hrs on 04 PM. | https://tripuratenders.gov.in | Appropriate Class |

All details can be seen in Press Notice & Bid Documents for the works on websitehttps://tripuratenders.gov.in at free of cost. No negotiation will be conducted with the lowest bidder.
!CA/C/3174/25

**(Er. B. Das)**
**Executive Engineer**
**Samagra Shiksha, Tripura.**

PNIT NO:-22/NIT/EE-KLP/PWD (DWS)/2025-26 date: - 25/11/2025 under DWS Division Kalyanpur, PWD:-

| Sl No | DNIT NO | Estimate Cost | Earnest money |
|---|---|---|---|
| 1) | DNIT NO. 127/EE-KLP/PWD(DWS)/2025-26 | Rs. 4,97,654.00 | Rs.9953.00 |
| 2) | DNIT NO. 128/EE-KLP/PWD(DWS)/2025-26 | Rs. 4,97,654.00 | Rs.9953.00 |
| 3) | DNIT NO. 129/EE-KLP/PWD(DWS)/2025-26 | Rs. 4,97,654.00 | Rs.9953.00 |
| 4) | DNIT NO. 130/EE-KLP/PWD(DWS)/2025-26 | Rs. 4,97,654.00 | Rs.9953.00 |

Last date and time for receipt of application for issue of tender form up to 4.00 PM on 05/12/2025 Other necessary detailed information can be seen and tender documents will be sold in the DWS Division office of Kalyanpur & Agartala-I in office hours.
ICA/C/ 3171/25

**(ER. SANJOY DEBNATH) Executive Engineer**
**DWS Division, PWD Kalyanpur, Tripura**

**PNIET No:-23/EE/DWS-I/ 2025-26 dated 26-11-2025**
**Single bid percentage rate e-tender is invited for 5(five) nos. works viz.**

1. Maintenance of DTW within the jurisdiction of DWS Division Agartala-I during the year 2025-26/SH: Providing and fitting fixing of Electrical Assesories in/c mtc. of Starter, Mainswitch etc of different water supply scheme under the jurisdiction of DWS Sub Division No.-IV, Jogendranagar, Agartala (Job No. TR 43/CE/TJB/2025-26)
D'NIET No.: 37/EE/DWS-I/ 2025-26
2. Maintenance of DTW within the jurisdiction of DWS Sub-Division- I, Collegetilla during the year 2025 -26 /SH: Lowering and lifting of submersible pump and motor with other allied works at different DTW schemes under the jurisdiction of DWS Sub-Division No.-I, Collegetilla, Agartala. (Job No. TR 41/CE/ TJB/2025- 26)
D'NIET No.:38/EE/DWS-I/2025-26
Division No- I, Collegetilla during the year 2025-26 / SH: Rewinding and repairing of all types of motor and repairing of all types of pump for D.T.W under DWS Sub-Division No.-I, Collegetilla, Agartala. (Job No. TR 38/CE/TJB/2025-26)
3. Maintenance of DTW within the jurisdiction of DWS Sub
D'NIET No.:39/EE/DWS-I/2025-26
4. Operation & Maintenance of WTP within the jurisdiction of DWS Division Agartala- I, Agartala during the year 2025-26/S.H:-Mtc. of pipe line of different OHT, Delivery line in/ c cleaning & washing of pipeline, Mtc. of domestic connection, providing and fitting fixing of water level reading scale at Horizon colony OHT, Gandhi RCC OHT & Science Building OHT etc under G.S. Section and in/c other allied works under DWS Sub-Division No.I, Collegetilla, Agartala. (Job No. TR 40/CE/TJB/2025-26)
D'NIET No.: 40/EE/DWS-I/ 2025-26
5. Operation & Maintenance of WTP within the jurisdiction of DWS Divn, Agartala No-I, during the year 2025-26/S.H:-Running Mtc of delivery and rising pipe line within Sishu Bihar OHT, Durga Chowmohoni UG Tank,Rajbari UG Tank and other allied works under the Jurisdiction of DWS Sub-Division No.I, Collegetilla, Agartala. (Job No. TR 44/CE/ TJB/2025-26)
D'NIET No.: 41/EE/DWS-I/ 2025-26
Deadline for online bidding:-Up to 15:00 hrs. 02-12-2025
Any subsequent corrigendum will be available in the website only.
For more details please visitwww.tripuratenders.gov.in.
For query please e-mail:dwsdivagartala1@gmail.com.
(For and on behalf of Governor of Tripura)
ICA/C/3176/25

**Executive Engineer**
**DWS Division Agartala-.I**
**Agartala, Tripura (W).**

**AGARTALA MUNICIPAL CORPORATION**
**AGARTALA : TRIPURA**
***Notice Inviting e-Tender***

PNIe-T No: 27/EE/DIV-III/AMC/2025-26 Dated : 26/11/2025

The Executive Engineer, PW DIV-III, AMC on behalf of the Hon'ble Mayor, AMC Invites online percentage rate bids, on open bidding format for the following Works :

| Sl No. | Name of the Work | Estimate Cost | Earnest Money | Time for Completion | Last time and date of Submission |
|---|---|---|---|---|---|
| 1 | Renovation of fish Market pratapgarh Bazar,under No.43,AMC DNIET 72/EE/Drv-III/AMC/ 2025-26 | 12,94,423.00 | 25,888.00 | 120 Days | 09/12/2025 at 15.00 Hrs |
| 2 | Construction of paver block road from the HO Swapan Choudhry to H.O Shirish Majumder at sree nagar road No-04, under ward No. 45,AMC DNIeT 73/EE/Div-III/AMC/ 2025-26 | 4,18,295.00 | 8,366.00 | 90 Days | |
| 3 | Construction of C.C road from the HO Gopa Das to HO Tapan Shil at Shingh Mura,under ward No.48, AMC DNIeT 74/EE/Div-III/AMC/ 2025-26 | 4,37,283.00 | 8,746.00 | 90 Days | |
| 4 | Construction of pucca drain and C.C road from the H.O Swapan Kuri to Smt Minati Namah at A.D Nagar road No 06, Under ward No 47 AMC. DNIeT 75/EE/Div-III/AMC/ 2025-26 | 6,57,740.00 | 13,155.00 | 90 Days | |

TIME AND DATE OF OPENING OF LID, IF POSSIBLE 10-12-2025.
Bid forms and other details can be obtained from website https://tripuratenders.gov.in

**(Er.J.Chakraborty)**
**Executive Engineer,**
**PW Division- III,**
**Agartala Municipal Corporation.**


# হংকংয়ের আবাসিক ভবনে ভয়াবহ আগুনে মৃতের সংখ্যা বেড়ে ৯৪ , এখনও নিখোঁজ দুই শতাধিক মানুষ

হংকংয, ২৮ নভেম্বর : হংকংয়ের একটি আবাসিক এলাকায় বুধবার বিকেল থেকে জ্বলতে থাকা ভয়াবহ আগুনে মৃতের সংখ্যা বেড়ে ৯৪—এ দাঁড়িয়েছে বলে জানিয়েছে ফায়ার সার্ভিস বিভাগ। আগুনে আহত ৭২ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে, যার মধ্যে আটজন দমকলকর্মীও রয়েছেন। এখনও ২০০-র বেশি মানুষ নিখোঁজ বলে জানানো হয়েছে।

বৃহৎ উদ্ধার অভিযান অব্যাহতফায়ার সার্ভিস বিভাগের তথ্য অনুযায়ী, আগুন নেভাতে ৩০৪টি ফায়ার ইঞ্জিন ও উদ্ধারযান মোতায়েন করা হয়েছে। আগুন ছড়িয়ে পড়া রোধ ও তাপমাত্রা পর্যবেক্ষণে ব্যবহার করা হয়েছে ড্রোন। আটটি ভবন নিয়ে গঠিত ওয়াং ফুক কোর্ট আবাসিক এলাকার চারটি ভবনে আগুন সম্পূর্ণ নেভানো হয়েছে এবং বাকি তিনটিতেও আগুন নিয়ন্ত্রণে।

এলাকার সব ভবনই বড় ধরনের সংস্কারকাজ চলার কারণে সবুজ জাল ও স্ক্যাফোল্ডিং দিয়ে আবৃত ছিল।

তদন্তে ভবনে রাখা দাহ্য উপকরণকেই আগুন দ্রুত ছড়ানোর সম্ভাব্য কারণ হিসেবে দেখা হচ্ছে। সংস্কারকাজের দায়িত্বে থাকা তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে অবহেলাজনিত হত্যার অভিযোগের তদন্ত চলছে।

হংকংয়ের চিফ এক্সিকিউটিভ জন লি জানিয়েছেন, দমকলকর্মীদের নিরলস চেষ্টার ফলে আগুন ধীরে ধীরে নিয়ন্ত্রণে আসে। তিনি বলেন, বাইর থেকে তিনটি ভবনে আর দৃশ্যমান শিখা নেই এবং চারটি ভবনে মাত্র ক্ষুদ্র আগুনের দাগ দেখা যাচ্ছে। তাঁর তথ্য অনুযায়ী, এখনও ২৭৯ জন নিখোঁজ, এবং ২৯ জন হাসপাতালে, যার মধ্যে সাতজনের অবস্থা সংকটজনক।

লি গভীর দুঃখ প্রকাশ করে বলেন, সরকার উদ্ধারকাজে সমস্ত সম্পদ ও মানববল লাগাচ্ছে। আগুন নেভানো, আটকে পড়াদের উদ্ধার, আহতদের চিকিৎসা, পরিবারগুলোর মানসিক সহায়তাসবকিছুই সমন্বিতভাবে চালানো হচ্ছে। পাশাপাশি দুর্ঘটনার সম্পূর্ণ তদন্ত চলছে।

অস্থায়ী আশ্রয়কেন্দ্রে হোম অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, সিভিল এইড সার্ভিস, কেয়ার টিম ও পুলিশ একসঙ্গে ত্রাণ কার্যক্রম পরিচালনা করছে। তায় পো কেয়ার টিমের সদস্য ও জেলা কাউন্সিলর ল্যাম ইয়িক কুয়েন জানান, বহু সংগঠন ও সাধারণ মানুষ স্বতঃস্ফূর্তভাবে ত্রাণ সামগ্রী দান করছেনযা সংকটকালীন সময়ে সমাজের সংহতি ও পারস্পরিক সহমর্মিতাকে তুলে ধরে।




শুক্রবার আগরতলায় মন্ত্রী শুক্লা চরণের হাত ধরে এক অনুষ্ঠানের সূচনা করা হয়।

# কাজের সন্ধান

## মাধ্যমিক থেকে শুরু, এইমস-এ ১,৩৮৩ নিয়োগ ত্রিপুরা থেকে অনলাইনে আবেদনের সুযোগ

**আগরতলা ।।** এইইমস-এ স্টাফ নার্স, পি.এ, টেকনেশিয়ান, ফার্মাসিস্ট, সিকিউরিটি অফিসার ইত্যাদি পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩৮৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ ডিসেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো — কেন্দ্রীয় সরকারের অধীনে পরিচালিত এইমস-এ অর্থাৎ অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস-এ স্টাফ নার্স, পি.এ, টেকনেশিয়ান, ফার্মাসিস্ট, সিকিউরিটি অফিসার ইত্যাদি বিভিন্নপদে ১৩৮৩ জন নিয়োগ করা হবে বলে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্রার্থিবাছাই করবেন নির্দিষ্ট এইমস-এর রিক্রুটমেন্ট সেল অর্থাৎ এইমস-এর ম্যানেজমেন্ট স্টাফ নিয়ে গঠিত এক সিলেকশন কমিটি। অন্যান্য রাজ্যের প্রার্থীদের মতো ত্রিপুরার এসসি/ এসটি/ ওবিসি/ জেনারেল যে-কোনও প্রার্থীরাই আবেদন করতে পারবেন। বয়স হতে হবে ০২-১২-২০২৫ তারিখের হিসেবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে আসন সংরক্ষণ যেমন থাকবে, তেমনি বয়সের উর্ধ্বসীমায়ও যথারীতি ছাড় রয়েছে। তবে পৃথক পৃথক পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমাও ভিন্নতর। শূন্যপদের বিশদ বিভাজন এবং ক্যাটেগরি ভিত্তিক সংরক্ষিত পদ ইত্যাদি দেখতে পাবেন এঁদের ওয়েব সাইটে, লগ অন করে 'রিক্রুটমেন্ট' ট্যাব লিঙ্কে। শূন্যপদের বিভাজন এই রকম —

মোট শূন্যপদের সংখ্যা ৩০৩৬টি। ক্রমিক নং (১) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট ডায়েটিশিয়ান, শূন্যপদ ১৭টি। ক্রমিক নং (২) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট এডমিনিস্ট্রেটিভ অফিসার, শূন্যপদ ৩৯টি। ক্রমিক নং (৩) ঃ পদের নাম - জুনিয়র এডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট/ লোয়ার ডিভিশন ক্লার্ক (এলডিসি), শূন্যপদ ১২১টি। ক্রমিক নং (৪) ঃ পদের নাম - জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল), শূন্যপদ ৩টি। ক্রমিক নং (৫) ঃ পদের নাম - জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল), শূন্যপদ ৭টি। ক্রমিক নং (৬) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার/ জুনিয়র ইঞ্জিনিয়ার (এসি এন্ড আর), শূন্যপদ ৭টি। ক্রমিক নং (৭) ঃ পদের নাম - অডিওলজিস্ট, স্পিচ থেরাপিস্ট, শূন্যপদ ৭টি। ক্রমিক নং (৮) ঃ পদের নাম - ইলেকট্রিশিয়ান, ওয়্যারম্যান, লাইনম্যান (ইলেকট্রিক্যাল), শূন্যপদ ৭টি। ক্রমিক নং (৮) ঃ পদের নাম - মেনিফোল্ড টেকনেশিয়ান (গ্যাস স্টুয়ার্ড), গ্যাস অফিসার, শূন্যপদ ৭টি। ক্রমিক নং (৯) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট লন্ড্রি সুপারভাইসর, শূন্যপদ ৫টি। ক্রমিক নং (১০) ঃ পদের নাম - টেকনেশিয়ান ওটি, শূন্যপদ ১৮২টি। ক্রমিক নং (১১) ঃ পদের নাম - ফার্মাসিস্ট, শূন্যপদ ৩৫টি। ক্রমিক নং (১২) ঃ পদের নাম - ক্যাশিয়ার, জুনিয়র একাউন্টস অফিসাব, শূন্যপদ ১৩টি। ক্রমিক নং (১৩) ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট স্টোরস অফিসার, জুনিয়র স্টোর অফিসার, শূন্যপদ ১০২টি। ক্রমিক নং (১৪) ঃ পদের নাম - সিএসএসডি টেকনেশিয়ান, শূন্যপদ ৭টি। ক্রমিক নং (১৫) ঃ পদের নাম - মর্টারি এটেন্ড্যান্ট, হসপিটাল এটেন্ড্যান্ট, শূন্যপদ ৫৪টি। ক্রমিক নং (১৬) ঃ পদের নাম - ল্যাব এটেন্ড্যান্ট, টেকনেশিয়ান (ল্যাবরেটরি), শূন্যপদ ৮০টি। ক্রমিক নং (১৭) ঃ পদের নাম - লাইব্রেরি ইনফরমেশন অ্যাসিস্ট্যান্ট, লাইব্রেরি এটেন্ড্যান্ট, শূন্যপদ ২০টি। ক্রমিক নং (১৮) ঃ পদের নাম - মেডিক্যাল রেকর্ড অফিসার, জুনিয়র মেডিক্যাল রেকর্ড অফিসার, শূন্যপদ ৭৩টি। এধরনের ক্রমিক নং ১৯ থেকে ৫২ পর্যন্ত প্রতিটি পদের নাম, শূন্যপদের সংখ্যা, ক্যাটেগরি ভিত্তিক বিভাজন, যোগ্যতা, অভিজ্ঞতা, বয়সের উর্ধ্বসীমা, বেতনক্রম ইত্যাদি জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখে নিতে হবে। মূল মাইনের সঙ্গে কেন্দ্রীয় সরকারের নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাসমূহও রয়েছে।

প্রার্থিবাছাই হবে বাছাইকৃতদের লিখিত পরীক্ষা, অভিজ্ঞতা ও নির্দিষ্ট ট্রেড বা স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষার দিনক্ষণ সম্ভাব্য স্থির হয়েছে। ২২-২৪ ডিসেম্বর পরীক্ষা হতে পারে। তবে স্থান স্থির হয়নি। নির্ধারিত সময়ে কল লেটারে সমস্ত কিছু জানানো হবে। এসএমএস-এ কল লেটারের কথা জানানো হলে তা ডাউনলোড করে নিলেই সমস্ত তথ্য জেনে নেওয়া যাবে। দরখাস্ত পাঠানোর কৌশল ও নিয়মকানুন সহ এই বিজ্ঞপ্তির পুরো বিবরণ পাবেন এঁদের নিজস্ব ওয়েবসাইটে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

আবেদন করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে ২ ডিসেম্বর-এর মধ্যে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২ ডিসেম্বর। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তৈরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। প্রয়োজনে সেগুলো আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্দিষ্ট ফি জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের ২ কপি প্রিন্ট-আউট নিয়ে নেবেন। কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**আগরতলা ।।** * রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৭০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ/ বিসিএ ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ ডিসেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র কলকাতা, গুয়াহাটি সহ বড় শহরে, তবে দিনক্ষণ সহ বিস্তারিত কললেটারে এবং এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* আর্মি-তে **সোলজার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪২৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ ডিসেম্বর, র‍্যালী সহ পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* এইইমস-এ **স্টাফ নার্স, পি.এ, টেকনেশিয়ান, ফার্মাসিস্ট, সিকিউরিটি অফিসার ইত্যাদি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৩৮৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ ডিসেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* বিদ্যুৎ নিগমে **ম্যানেজার** পদে নিয়োগের জন্য সরাসরি বা ডাকযোগে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০৪টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা ও ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পৌছুনোর শেষ তারিখ ৪ ডিসেম্বর, বাছাইকৃতদের পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ সহ বিস্তারিত বিভিন্ন মাধ্যমে জানানো হবে।

* সারা দেশ জুড়ে কেন্দ্রীয় বিদ্যালয় ও নবোদয় বিদ্যালয় সমূহে **টিজিটি, পিজিটি, পিআরটি, প্রিন্সিপাল, লাইব্রেরিয়ান, অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার, ল্যাব এটেন্ড্যান্ট, এমটিএস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪,৯৬৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি, পিজি পাশ হতে হবে, বয়স ঃ ১৮-৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ ডিসেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তবে কেন্দ্র ও দিনক্ষণ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রেল মন্ত্রকের অধীনে **ট্রেইনস ক্লার্ক, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ২৭০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ/ বিসিএ ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ ডিসেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র কলকাতা, গুয়াহাটি সহ বড় শহরে, তবে দিনক্ষণ সহ বিস্তারিত কললেটারে এবং এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **সোলজার (আর্মি),**
শূন্যপদ ঃ ১৪২৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১ ডিসেম্বর,
র‍্যালী সহ পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **স্টাফ নার্স, পি.এ, টেকনেশিয়ান, ফার্মাসিস্ট, সিকিউরিটি অফিসার .... (এইমস),**
শূন্যপদ ঃ ১৩৮৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২ ডিসেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ম্যানেজার (বিদ্যুৎ নিগম),**
শূন্যপদ ঃ ১০৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা ও ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পৌছুনোর শেষ তারিখ ৪ ডিসেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা/ ইন্টারভিউর কেন্দ্র আগরতলা, তারিখ সহ বিস্তারিত বিভিন্ন মাধ্যমে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **টিজিটি, পিজিটি, পিআরটি, প্রিন্সিপাল, লাইব্রেরিয়ান, অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার, ল্যাব এটেন্ড্যান্ট, এমটিএস (কেন্দ্রীয় বিদ্যালয় ও নবোদয় বিদ্যালয়),**
শূন্যপদ ঃ ১৪,৯৬৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, ডিগ্রি, পিজি পাশ হতে হবে,
বয়স ঃ ১৮-৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ ডিসেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তবে কেন্দ্র ও দিনক্ষণ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ট্রেইনস ক্লার্ক, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ৩,০৫৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশের বিভিন্ন শহরে, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে এবং এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ম্যানেজমেন্ট ট্রেনি (স্টিল অথরিটি),**
শূন্যপদ ঃ ১২৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিই, বিটেক পাশ হতে হবে,
বয়স ঃ ১৮-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ডিসেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রেল টেকনিক্যাল),**
শূন্যপদ ঃ ২৫২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, আইটিআই, গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৫ ডিসেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ১৫৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, আইটিআই পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৮ ডিসেম্বর,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **ম্যানেজার, অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৮২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ/ বিসিএ ... যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ,
বয়স ঃ ২৫-৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৯ ডিসেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে এবং এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

o--o--o--o--o--o

* পদের নাম ঃ **জুনিয়র ইঞ্জিনিয়ার (রেল মন্ত্রক),**
শূন্যপদ ঃ ২,৫৬৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, বিই/ বিটেক পাশ হতে হবে,
বয়স ঃ ১৮-৩৩ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ১০ ডিসেম্বর,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশের বিভিন্ন শহরে, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে এবং এঁদের ওয়েবসাইটে জানানো হবে।

o--o--o--o--o--o

## উচ্চমাধ্যমিক পাশদের থেকে রেলে চাকরি দরখাস্তের শেষ তারিখ বাড়িয়ে সুযোগ বৃদ্ধি

**আগরতলা ।।** রেল মন্ত্রকে চাকরির আবেদনের শেষ তারিখ এক সপ্তাহ বাড়ানো হলো। কর্মপ্রার্থীদের জন্য বিজ্ঞপ্তির গুরুত্বপূর্ণ অংশ এখানে পুনরায় প্রকাশ করা হলো। ভারতীয় রেলে এনটিপিসি অর্থাৎ কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, একাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, ট্রেইনস ক্লার্ক ইত্যাদি পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩,০৫৮টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশের বিভিন্ন শহরে, তবে তারিখ সহ বিস্তারিত কল লেটারে এবং এঁদের ওয়েবসাইটে জানানো হবে। বিস্তারিত খবর হলো — ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে এনটিপিসি অর্থাৎ কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, একাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট, ট্রেইনস ক্লার্ক ইত্যাদি পদে ৩,০৫৮ জন নিয়োগ হচ্ছে ইন্ডিয়ান রেলওয়েতে।

ভারতীয় রেলে চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ১-১-২০২৬-এর হিসেবে ১৮ থেকে ৩০-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। বিশেষ ক্ষেত্রে যাঁরা বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। এর মধ্যে আবার শারীরিক প্রতিবন্ধীদের জন্যও সংরক্ষিত কিছু শূন্যপদ। যেমন মোট শূন্যপদ ৩,০৫৮টি'র মধ্যে এসসি'র জন্য ৪৬১টি, এসটি'র জন্য ২৬৪টি, ওবিসি'র জন্য ৭৭৩টি এবং ইডব্লিওএস প্রার্থীর জন্য ২৮০টি পদ সংরক্ষিত। এছাড়া, ১,২৮০টি পদ অসংরক্ষিত। অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্যও সংরক্ষিত রয়েছে ১৬৩টি পদ। এছাড়া, প্রাক্তন সমরকর্মীদের জন্য রয়েছে ৩০৩টি পদ। শূন্যপদের আরও বিশদ বিভাজন বিশেষ করে আরআরবি অনুযায়ী শূন্যপদের কোটা দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটের বিজ্ঞপ্তিতে। শূন্যপদগুলো হলো — ক্রমিক নং (১) ঃ পদের নাম ঃ কমার্শিয়াল -কাম- টিকিট ক্লার্ক ঃ ৭ম সেন্ট্রাল পে কমিশন অনুযায়ী লেভেল - ৩, প্রাথমিক মূল মাইনে স্কেল ২১,৭০০ টাকা প্রতি মাসে। মেডিক্যাল স্ট্যান্ডার্ট বি-২, শূন্যপদ ২,৪২৪টি। ক্রমিক নং (২) ঃ পদের নাম ঃ একাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট ঃ ৭ম সেন্ট্রাল পে কমিশন অনুযায়ী লেভেল - ২, প্রাথমিক মূল মাইনে স্কেল ১৯,৯০০ টাকা প্রতি মাসে। মেডিক্যাল স্ট্যান্ডার্ট সি-২, শূন্যপদ ৩৯৪টি। ক্রমিক নং (৩) ঃ পদের নাম ঃ জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ঃ ৭ম সেন্ট্রাল পে কমিশন অনুযায়ী লেভেল - ২, প্রাথমিক মূল মাইনে স্কেল ১৯,৯০০ টাকা প্রতি মাসে। মেডিক্যাল স্ট্যান্ডার্ট সি-২, শূন্যপদ ১৬৩টি। ক্রমিক নং (৪) ঃ পদের নাম ঃ ট্রেইন্স ক্লার্ক ঃ ৭ম সেন্ট্রাল পে কমিশন অনুযায়ী লেভেল - ২, প্রাথমিক মূল মাইনে স্কেল ১৯,৯০০ টাকা প্রতি মাসে। মেডিক্যাল স্ট্যান্ডার্ট এ-৩, শূন্যপদ ৭৭টি। প্রতি ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। প্রতি ক্ষেত্রে বয়স ১-১-২০২৬-এর হিসেবে ১৮-৩০ বছর, সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী শিথিলযোগ্য। এসসি/এসটিদের জন্য ৩৫ বছর, ওবিসিদের জন্য ৩৩ বছর এবং প্রাক্তন সমরকর্মী, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীরা যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন।

দরখাস্ত করবেন কেবল অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ৪ ডিসেম্বরের মধ্যে। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন। নিজের পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ১৫-৪০ কেবির মধ্যে, সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। এছাড়া, স্ক্যান করে রাখতে হবে নিজের প্রয়োজনীয় সার্টিফিকেট ও ডকুমেন্টস এবং সিগনেচার। প্রয়োজন অনুযায়ী সেগুলোকে আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা। মোবাইল এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। পরবর্তী সময়ে সংশোধনের সুযোগও পাবেন। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে, অনলাইন মুডে পরীক্ষার ফি জমা দেওয়ার লক্ষ্যে এগুতে হবে। অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্ধারিত ফি জমা দিতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। এক্ষেত্রে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্টের পর ই-রিসিপ্ট কপিও যত্ন করে রাখবেন। সাক্ষাৎকারের দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড,প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি সাক্ষাৎকারের সম্ভাব্য প্রশ্নোত্তর সহ এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং সিইএন নং - ০৭/ ২০২৫। বলা বাহুল্য, অনলাইনে দরখাস্ত করার পর অবশ্যই দরখাস্তের প্রিন্ট-আউট ও ব্যাঙ্ক থেকে পাওয়া ক্যাশ রিসিপ্ট বা ই-রিসিপ্ট কপি নিজের কাছে যত্ন করে রেখে দেবেন, পরে কাজে লাগবে।

প্রার্থীবাছাই হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, ৯০ মিনিট সময়ের মধ্যে ১২০টি এমসিকিউ প্রশ্নের উত্তর দিতে হবে। পূর্ণমান ১২০। সফল হলে সাক্ষাৎকার বা পার্সোনাল ইন্টারভিউর জন্য ডাকা হবে। কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও সাক্ষাৎকারের নির্দিষ্ট স্থান-কাল ও সময় ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে এসএমএস এবং কললেটারের বুকলেটের মাধ্যমে। আলাদা কোনও চিঠি পাঠানো হবে না। কল লেটার ডাউনলোড করে নিতে হবে ইন্টারভিউর ১ সপ্তাহ আগে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে।

## অনলাইনে পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় ও নবোদয় বিদ্যালয়ে ১৪,৯৬৭ চাকরি

**আগরতলা ।।** ত্রিপুরা, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে সমস্ত কেন্দ্রীয় বিদ্যালয় সমূহে প্রাইমারি টিচার, টিজিটি, পিজিটি, লাইব্রেরিয়ান, স্টেনোগ্রাফার, প্রিন্সিপাল, অ্যাসিস্ট্যান্ট, , ল্যাব এটেন্ড্যান্ট, এমটিএস সহ প্রচুর নন-টিচিং স্টাফ পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪,৯৬৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ থেকে শুরু করে পিজি পর্যন্ত, বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৪ ডিসেম্বর, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ কল লেটারে জানানো হবে। এককথায়, আবেদন করতে হবে অনলাইনের মাধ্যমে, পরীক্ষাও নেওয়া হবে অনলাইনে।

কেন্দ্রীয় বিদ্যালয় সমূহে টিচিং ও নন্-টিচিং বিভিন্ন পদে বিশেষ করে প্রাইমারি টিচার, টিজিটি, পিজিটি, লাইব্রেরিয়ান, স্টেনোগ্রাফার, প্রিন্সিপাল, অ্যাসিস্ট্যান্ট, , ল্যাব এটেন্ড্যান্ট, এমটিএস সহ প্রচুর নন-টিচিং স্টাফ পদে চাকরি করতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ০৪-১২-২০২৫-এর হিসেবে অনূর্ধ্ব ৫০-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। তবে এসসি/এসটি/ ওবিসি সহ বিশেষ কিছু ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমায় ছাড় রয়েছে। পদ অনুযায়ী বয়সের উর্দ্ধসীমা ভিন্নতর। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত, শ্রবণ-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। শূন্যপদের বিশদ বিভাজন ইত্যাদি দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েব সাইটের বিজ্ঞপ্তিতে। নিয়োগ হবে এই পদগুলোতে ঃ পদের নাম - অ্যাসিস্ট্যান্ট কমিশনার ঃ মোট শূন্যপদ ১৭টি, এর মধ্যে অসংরক্ষিত ১১টি। এছাড়া, ৪টি ওবিসি, ১টি এসসি, ১টি শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। পদের নাম - প্রিন্সিপাল ঃ মোট শূন্যপদ ২২৭টি, এর মধ্যে অসংরক্ষিত ১১৭টি। এছাড়া, ৬১টি ওবিসি, ৩৩টি এসসি, ১৬টি এসটি, ১৫টি শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। পদের নাম - ভাইস-প্রিন্সিপাল ঃ মোট শূন্যপদ ৫৮টি, এর মধ্যে অসংরক্ষিত ৩১টি। এছাড়া, ১৫টি ওবিসি, ৮টি এসসি, ৪টি এসটি, ৭টি শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। পদের নাম - পিজিটি (কে.ভি) ঃ মোট শূন্যপদ ১৪৬৫টি, এর মধ্যে অসংরক্ষিত ৬১৫টি।



শুক্রবার সিপিএমের পক্ষে ডিএমের কাছে এক ডেপুটেশন প্রদান করা হয়।

# স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ছত্তিশগড়ে, আজ যোগ দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

রায়পুর, ২৮ নভেম্বর : ছত্তিশগড়ের রাজধানী রায়পুরে শুক্রবার থেকে শুরু হচ্ছে সমস্ত ভারতীয় ডিরেক্টর জেনারেল ও ইনস্পেক্টর জেনারেল অফ পুলিশ সম্মেলন। তিন দিনের এই সম্মেলনের উদ্বোধন করতে শুক্রবার সকালেই শহরে পৌঁছেছেন কেন্দ্রীয় গৃহমন্ত্রী অমিত শাহ, আর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শুক্রবার সন্ধ্যায় রায়পুরে পৌঁছানোর কথা রয়েছে।
উচ্চ পর্যায়ের অতিথিদের আগমনকে কেন্দ্র করে রায়পুর ও নয়া রায়পুরে কঠোর সুরক্ষা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী মোদের কনভয় এনএসজি, এসপিজি ও রাজ্য পুলিশ ফোর্স বহুতল সুরক্ষা কাঠামোর মধ্যে চলবে। সরকারি সময়সূচী অনুযায়ী, মোদি সন্ধ্যা ৭টায় মানা বিমানবন্দরে অবতরণ করবেন এবং সরাসরি নয়া রায়পুরের স্পিকার হাউসে পৌঁছবেন, যেখানে তিনি থাকবেন।
এটি প্রধানমন্ত্রী মোদের বহু বছর পর ছত্তিশগড়ে প্রথম রাতব্যাপী থাকার সুযোগ, এবং শুধুমাত্র দ্বিতীয়বার রাজ্য সম্মেলন হোস্ট করছে। প্রধানমন্ত্রী শনিবার ও রবিবার সম্মেলনের সমাপনী সেশন অংশ নেবেন এবং যোগ্য কর্মকর্তাদের প্রেসিডেন্টস পুলিশ মেডেল ফর ডিস্টিংগুইশড সার্ভিস প্রদান করবেন।
সূত্রের খবর, মোদি রাজ্য বিজেপি কার্যালয় একাত্মা পরিসর পরিদর্শন করতে পারেন এবং ছত্তিশগড়ের বিভিন্ন জেলা থেকে ক্লাস ৯ থেকে ১২ পর্যন্ত ২৫---৩০ মেধাবী শিক্ষার্থীর সঙ্গে আলাপচারিতা করতে পারেন।
২০১৪ সাল থেকে প্রধানমন্ত্রী ডিজিপি-আইজিপি সম্মেলনের প্রতি বিশেষ আগ্রহ দেখিয়েছেন, প্রায়শই পুলিশ নেতৃত্বের সঙ্গে দুই-তিন দিন কাটিয়েছেন। তিনি অভ্যন্তরীণ নিরাপত্তা চ্যালেঞ্জ, বামপন্থী উগ্রবাদ, সীমান্ত নিরাপত্তা, সাইবার অপরাধ ও পুলিশ আধুনিকীকরণ নিয়ে খোলামেলা আলোচনা উৎসাহিত করেছেন।
ছত্তিশগড়কে এই সম্মেলনের হোস্ট হিসেবে বেছে নেওয়া যেখানে আইন-শৃঙ্খলা উল্লেখযোগ্যভাবে উন্নত এবং সহিংসতা কমেছে কেন্দ্রের নিরাপত্তা কৌশলের পরিবর্তনের একটি শক্তিশালী বার্তা হিসেবে দেখা হচ্ছে। সম্মেলন রবিবার সন্ধ্যায় সমাপ্ত হবে, এরপর প্রধানমন্ত্রী মোদি দিল্লি ফেরত যাবেন।

# আপনার কথা ও কাজের গুরুত্ব আছে”ওড়িশা বিধানসভায় বিধায়কদের উদ্দেশে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর পরামর্শ

ভুবনেশ্বর, ২৮ নভেম্বর: ওড়িশা বিধানসভায় তাঁর প্রথম রাষ্ট্রপতি ভাষণে দ্রৌপদী মুর্মু জনগণের প্রতিনিধিত্বের গুরুত্ব তুলে ধরে বলেন, মানুষ আপনাদের বহু স্বপ্ন নিয়ে পাঠিয়েছেন। তাদের মুখে হাসি ফোটানোই আপনাদের দায়িত্ব। তিনি আরও বলেন, সরকার জনগণের হাতে এবং বিধায়করা সেই জনগণের প্রত্যাশার প্রতীক। তাই তাদের আশা-আকাঙ্ক্ষা পূরণ করাই জনপ্রতিনিধিদের প্রধান কর্তব্য।
রাষ্ট্রপতি মুর্মু বিধায়কদের আচরণ ও বক্তব্যের ওপর জোর দিয়ে বলেন, আপনারা সমাজে পরিচিত মুখ। আপনাদের কথা ও কাজ মানুষ অনুসরণ করে। তাই আপনাদের আচরণ ও ভাষণ অত্যন্ত মূল্যবান।
তিনি ওড়িশা বিধানসভায় নারীদের বাড়তি অংশগ্রহণের প্রশংসা করেন এবং উল্লেখ করেন যে একজন মহিলা স্পিকার আজ হাউস পরিচালনা করছেনযা রাজ্যের অগ্রগতির প্রতীক।
রাষ্ট্রপতি মুর্মু ওড়িশার সম্ভাবনার কথা উল্লেখ করে বলেন, ওড়িশা নানা সম্পদে ভরপুর। তাই ওড়িশাকে অগ্রণী রাজ্যে পরিণত করা সম্ভব। তিনি ২০৩৬ সালের মধ্যে একটি সমৃদ্ধ ওড়িশা গড়ে তোলার আহ্বান জানান এবং বিধায়কদের রাজ্যের উন্নয়নকে ব্যক্তিগত সংকল্প হিসেবে গ্রহণ করার অনুরোধ করেন।
নিজের রাজনৈতিক যাত্রার স্মৃতিচারণ করে তিনি বলেন, আমি এই বিধানসভায় এমএলএ হিসেবে প্রশ্ন করেছি, মন্ত্রী হিসেবে প্রশ্নের উত্তর দিয়েছি। তিনি জগন্নাথ দেবের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, তাঁর আশীর্বাদ ছাড়া এখানে পৌঁছানো সম্ভব হতো না।
রাষ্ট্রপতি মুর্মু ওড়িশার গৌরবময় অতীতের কথাও স্মরণ করেনমহাতাব, বিজু পট্টনায়কের মতো নেতাদের অবদানের কথা উল্লেখ করে তিনি বলেন, তাদের কাজই ওড়িশাকে এগিয়ে নিয়ে গেছে। তাঁর এই ঐতিহাসিক ভাষণ বিধায়কদের ভারত গঠনের বৃহত্তর স্বপ্নে কাজ করার অনুপ্রেরণা জোগায়।

# লাড্ডু মিশ্রণ কেলেঙ্কারি তিরুমালা মন্দিরের কর্মকর্তা গ্রেফতার, সিট-এর তদন্ত জোরদার

তিরুপতি, ২৮ নভেম্বর: লাড্ডু প্রসাদমে গিঁয়ের মিশ্রণের অভিযোগে তিরুমালা তিরুপতি দেবস্থানম -এর একজন সক্রিয় কর্মকর্তাকে গ্রেফতার করেছে সুপ্রিম কোর্টের মনোনীত বিশেষ তদন্ত দল।
সিবিআই-এর নেতৃত্বাধীন সিট টিটিডি ইঞ্জিনিয়ারিং বিভাগের সিনিয়র কর্মকর্তা সুব্রহ্মণ্যমকে আটক করেছে। তিনি পূর্বে টিটিডি -র জেনারেল ম্যানেজার (প্রোকিউরমেন্ট) হিসেবে কর্মরত ছিলেন এবং লাড্ডু প্রস্তুতির জন্য ব্যবহৃত গিঁয়ের সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতেন, জানিয়েছেন সিট -এর সদস্য এবং গুন্টুর রেঞ্জের আইজি তিনি এই মামলায় ২৯তম অভিযুক্ত, এবং গ্রেফতার হওয়া প্রথম সক্রিয় টিটিডি কর্মকর্তা। এই পর্যন্ত মোট নয়জনকে আটক করা হয়েছে।
সূত্রের দাবি, সুব্রহ্মণ্যম ঘি উৎপাদন ইউনিটগুলি পরিদর্শন এবং মানের শংসাপত্র প্রদানের কাজে জড়িত ছিলেন, যা তারা ব্যক্তিগত সরবরাহকারীদের কাছ থেকে লবের বিনিময়ে করতেন। সিট -এর অনুসন্ধানে টিটিডি-এর মার্কেটিং শাখা এবং ব্যক্তিগত দুগ্ধ খামার মালিকদের মধ্যে সম্পর্কের তথ্য উঠে এসেছে।
গত কয়েক মাসে সিট টিটিডি-এর প্রাক্তন চেয়ারম্যান সুব্বা রেড্ডি এবং প্রাক্তন নির্বাহী কর্মকর্তা ধর্মা রেড্ডিকে জিজ্ঞাসাবাদ করেছে। তারা গিঁয় ক্রয়, সরবরাহকারী যাচাই এবং মান নিয়ন্ত্রণের ক্ষেত্রে ত্রুটি ও দুর্নীতির অভিযোগ বিষয়েও প্রশ্নের মুখোমুখি হন।
তদন্তে দেখা গেছে, ২০১৯ থেকে ২০২৪ সালের মধ্যে প্রায় ২০ কোটি লাড্ডু মিশ্রিত গিঁয় দিয়ে তৈরি হয়েছে। ওই সময়ে মোট ৪৮.৭৬ কোটি লাড্ডুর মধ্যে প্রায় ৪০ শতাংশে পাম অয়েল, পাম কার্নেল অয়েল ও অন্যান্য রসায়নিক যুক্ত ছিল।
সিট সম্প্রতি অজয় কুমার সুগন্ধকে গ্রেফতার করেছে, যিনি ভোলে বাবা অর্গানিক ডেইরির জন্য বিভিন্ন রাসায়নিক সরবরাহ করতেন। তদন্তে দেখা গেছে, ভোলে বাবা ডেইরি কোথাও থেকে দুধ বা মাখন সংগ্রহ না করেও ৬৮ লাখ কেজি নকল ঘি টিটিডি-কে সরবরাহ করেছে।

## ইমরান খানকে ঘিরে গুজব; পাকিস্তানের অস্থিরতার মাঝে ভারতজুড়ে উচ্চ সতর্কতা

নয়াদিল্লি, ২৮ নভেম্বর : পাকিস্তানের অভ্যন্তরীণ অস্থিরতার প্রেক্ষিতে ভারতীয় গোয়েন্দা সংস্থাগুলি নিরাপত্তা বাহিনীকে চূড়ান্ত সতর্কতা বজায় রাখার নির্দেশ দিয়েছে। পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের মৃত্যুসংক্রান্ত গুজবকে কেন্দ্র করে দেশটিতে উত্তেজনা তৈরি হয়েছে বলে গোয়েন্দা সূত্রের দাবি।
পাকিস্তানের রাওয়ালপিন্ডির আদিয়ালা জেলের বাইরে হাজার হাজার সমর্থক জড়ো হয়ে ইমরান খানের সঙ্গে সাক্ষাতের দাবি জানাচ্ছেন। পাকিস্তান সেনাবাহিনি খানের মৃত্যুর গুজব উড়িয়ে দিয়েছে এবং সমর্থকদের সঙ্গে সাক্ষাতের অনুমতি দেয়নি।
গোয়েন্দা ব্যুরোর কিছু কর্মকর্তার দাবি, তিন দিন আগে থেকেই ইমরান খানের মৃত্যুর গুজব ছড়াতে শুরু করে, যার পর থেকে সমর্থকদের ভিড় বাড়তে থাকে। পরিস্থিতি দ্রুত অবনতির দিকে যাচ্ছে বলে আশঙ্কা করা হচ্ছে।
ভারতীয় গোয়েন্দা সংস্থার প্রাথমিক মূল্যায়নে বলা হয়েছে, পাকিস্তানের অভ্যন্তরীণ সংকট থেকে দৃষ্টি সরাতে আইএসআই ভারতের অভ্যন্তরে বড় ধরনের সন্ত্রাসী হামলার চেষ্টা করতে পারেএমন তথ্য তাদের কাছে এসেছে। দাবি করা হচ্ছে, এই হামলা ২৬/১১ মুম্বাই আতঙ্ক বা পুলওয়ামা-সদৃশ হতে পারে।
গোয়েন্দা সূত্র বলছে, বাংলাদেশে লস্কর-ই-তৈয়বা ও হুজি-র সঙ্গে যুক্ত কিছু মডিউলের তৎপরতা বাড়ছে। এমনকি পাকিস্তান হাফিজ সাঈদকে বাংলাদেশে পাঠানোর পরিকল্পনা করছে বলে দাবি করা হচ্ছে, যাতে সম্ভাব্য বড় হামলার আগে জঙ্গি মডিউলগুলিকে উসকানি দেওয়া যায়।
সূত্রের দাবি, পাকিস্তানের সেনাবাহিনীর প্রতি জনঅসন্তোষ বাড়ছে, বিশেষত ফিল্ড মার্শাল আসিম মুনিরের নেতৃত্বে। সেনাবাহিনীর বিরুদ্ধে অভিযোগইমরান খানকে ক্ষমতাচ্যুত করে শাহবাজ শরিফের নেতৃত্বে ‘পুতুল সরকার’ বসানো হয়েছে। এ কারণে সাধারণ মানুষের ক্ষোভ তীব্র আকার ধারণ করছে বলে বিশ্লেষকদের মত।

## এসএসসি ঘোষণা করল ৭,৯৪৮ টি শূন্যপদ: মাল্টি-টাস্কিং স্টাফ ও হাওলদার নিয়োগ ২০২৫

নয়াদিল্লি, ২৮ নভেম্বর : স্টাফ সিলেকশন কমিশন ২০২৫ সালের মাল্টি-টাস্কিং স্টাফ ও হাওলদার নিয়োগের জন্য প্রাথমিক শূন্যপদের তালিকা প্রকাশ করেছে। এই প্রাথমিক তালিকায় অঞ্চল, রাজ্য ও সংরক্ষিত শ্রেণী অনুযায়ী শূন্যপদের বিস্তারিত তথ্য রয়েছে, যা প্রার্থীদের পরীক্ষার প্রস্তুতির ক্ষেত্রে সহায়ক হবে।
এমটিএস (বয়স ১৮-২৫ বছর) — ৬,০৭৮টি পদ, এমটিএস (বয়স ১৮-২৭ বছর) — ৭৩২টি পদ, হাওলদার --- ১,১৩৮টি পদ, সাধারণ — ৩,৬৭৯টি, ওবিসি — ১,৯৭৩টি, এসসি --- ৮৫৯টি, এসটি — ৬২১টি, প্রাক্তন সেনারা — ৭৩১টিহাওলদার পদের ক্ষেত্রে ১,১৩৮টি শূন্যপদ সিআইবিআইএস ও সিবিএন-এর বিভিন্ন কমিশনারেট জুড়ে রয়েছে। এগুলি মুম্বাই, চেন্নাই, কলকাতা, লখনউসহ অন্যান্য শহরে বিতরণ করা হয়েছে।

# ঘূর্ণিঝড় ডিটওয়া-এর প্রভাবে উপকূলীয় অন্ধ্রপ্রদেশে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা

আমরাবতি, ২৮ নভেম্বর: অন্ধ্রপ্রদেশ রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ শুক্রবার জানিয়েছে, সাইক্লোনিক স্টর্ম দিতওয়ার প্রভাবে আগামী শনিবার এবং পরদিন কোস্টাল অন্ধ্র এবং রায়ালসিমায় ভারী বৃষ্টি হতে পারে।
বর্তমানে এই সাইক্লোন দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে, শ্রীলঙ্কার উপকূলের কাছাকাছি অবস্থান করছে। সিস্টেমটি বর্তমানে ত্রিনকোমালির (শ্রীলঙ্কা) থেকে ৮০ কিমি, পুদুচেরি থেকে ৪৮০ কিমি এবং চেন্নাই থেকে ৫৮০ কিমি দূরে অবস্থিত।
দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক প্রাখর জৈন জানান, গত ছয় ঘন্টায় ঘূর্ণিঝড়টি ঘণ্টায় ৮ কিমি গতিতে অগ্রসর হয়েছে। এই ঝড় আগামীপরশু উত্তর তামিলনাড়ু, পুদুচেরি এবং দক্ষিণ অন্ধ্র উপকূলের কাছে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে।
তিনি আরও জানান, এর প্রভাবে কোস্টাল অন্ধ্র এবং রায়ালসিমায় আগামীকাল এবং পরশু ভারী বৃষ্টিপাত হতে পারে। মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়া এড়াতে এবং কৃষকদের চাষাবাদের সময় প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করার পরামর্শ দেওয়া হয়েছে।
ভারতীয় আবহাওয়া দফতর শুক্রবার উত্তর তামিলনাড়ু, পুদুচেরি এবং সংলগ্ন দক্ষিণ অন্ধ্র উপকূলের জন্য অরেঞ্জ অ্যালার্ট জারি করেছে। আইএমডি-এর প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এই সিস্টেমটি প্রবল বাতাস এবং অত্যন্ত ভারী বৃষ্টির সম্ভাবনা নিয়ে উত্তর-উত্তরপশ্চিম দিকে শ্রীলঙ্কার উপকূলে অগ্রসর হচ্ছে এবং এটি আগামী ৩০ নভেম্বরের প্রারম্ভিক সময়ে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে পৌঁছাবে।
ভিজাগ সাইক্লোন ওয়ার্নিং সেন্টারের কর্মকর্তা জগন্নাথ কুমার জানান, দিতওয়া উপকূলীয় অন্ধ্রপ্রদেশে আগামী ছয় দিনে বৃষ্টি এবং বাতাসের তীব্রতা বৃদ্ধি করতে পারে। তিনি সতর্ক করেছেন যে উত্তর এবং দক্ষিণ উপকূলীয় জেলাগুলিতে বিভিন্ন পর্যায়ে পৃথক থেকে বিস্তৃত বৃষ্টি এবং বজ্রসহ ঝড় হতে পারে। মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়া থেকে বিরত থাকতে বলা হয়েছে।
কুমার আরও বলেন, উত্তর উপকূলীয় অঞ্চলে প্রথম দিন আবহাওয়া শুষ্ক থাকবে, দ্বিতীয় দিনে বিচ্ছিন্ন বৃষ্টি, তৃতীয় দিনে ছড়িয়ে ছিটিয়ে বৃষ্টি এবং চতুর্থ থেকে ষষ্ঠ দিনে ব্যাপক বৃষ্টি হতে পারে। সপ্তম দিনে বৃষ্টিপাত আবার বিচ্ছিন্ন ধরণে নেমে আসবে।
দক্ষিণ উপকূলীয় অন্ধ্রপ্রদেশে প্রথম দিন হালকা বৃষ্টি, দ্বিতীয় দিনে ছড়িয়ে ছিটিয়ে বৃষ্টি এবং তৃতীয় থেকে পঞ্চম দিনে ব্যাপক বৃষ্টি হতে পারে।
তিনি আরও জানান, দ্বিতীয় থেকে পঞ্চম দিনের মধ্যে উপকূলীয় অন্ধ্রপ্রদেশ ও রায়ালসিমায় বজ্রসহ ঝড়ের সম্ভাবনা রয়েছে। সমুদ্রসীমায় বাতাসের গতি ৩৫ থেকে ৪৫ কিমি প্রতি ঘণ্টা হতে পারে। তাই মৎস্যজীবীদের সমুদ্রে যাওয়া থেকে বিরত থাকার জন্য বিশেষভাবে সতর্ক করা হয়েছে।

# বায়ু দূষণকে নিয়ে প্রধানমন্ত্রী মোদিকে প্রশ্ন রাহুল গান্ধীর

নতুন দিল্লি, ২৮ নভেম্বর : কংগ্রেস নেতা রাহুল গান্ধী শুক্রবার দিল্লির বায়ু দূষণ বিষয়ক জাতীয় পার্লামেন্টে বিস্তারিত আলোচনা করার দাবি তুলেছেন। তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এই ‘‘স্বাস্থ্য জরুরি অবস্থা’’ নিয়ে নীরবতার প্রতি প্রশ্ন তুলেছেন।
গান্ধী আরও দাবি করেন, বায়ু দূষণ মোকাবিলায় কঠোর এবং কার্যকরী পদক্ষেপ নেওয়া উচিত এবং তিনি প্রশ্ন তুলেছেন কেন মোদি সরকার এই বিষয়ে কোনও জরুরি পদক্ষেপ বা জবাবদিহিতা দেখাচ্ছে না।
তিনি এই বিষয়ে কয়েকজন মায়ের সঙ্গে তাঁর বাসভবনে সাক্ষাৎ করেন এবং তাদের সঙ্গে কথোপকথনের একটি ভিডিও শেয়ার করেছেন। প্রতিটি মায়ের সাথে আমার দেখা হয়, তারা একই কথা বলেন: তার সন্তান বিষাক্ত বায়ু শ্বাস নিচ্ছে। তারা ক্লান্ত, ভীত এবং রেগে আছে। মোদি জি, ভারতের শিশুরা আমাদের চোখের সামনে শ্বাসরোধের সমস্যায় ভুগছে। আপনি কীভাবে নীরব থাকতে পারেন? কেন আপনার সরকার কোনও জরুরি পদক্ষেপ, পরিকল্পনা বা জবাবদিহিতা দেখাচ্ছে না? তিনি এক্স-এ পোস্টে লিখেছেন।
লোকসভার বিরোধী নেতা আরও বলেন, ভারতকে প্রয়োজন অবিলম্বে বিস্তারিত পার্লামেন্ট আলোচনা এবং বায়ু দূষণ মোকাবিলায় কঠোর, কার্যকর পদক্ষেপ।
তিনি জোর দিয়ে বলেন, আমাদের সন্তানদের জন্য পরিষ্কার বায়ু অপরিহার্যঅজুহাত ও বিভ্রান্তি নয়। গত ১৫ দিন ধরে দিল্লিতে বায়ুর গুণমান খুবই খারাপ রয়েছে। দিল্লির এয়ার কোয়ালিটি ওয়ার্নিং সিস্টেমের পূর্বাভাস অনুযায়ী, আগামী সপ্তাহেও বায়ু দূষণের মাত্রা ‘খুব খারাপ’ থাকার সম্ভাবনা রয়েছে।
বিশেষজ্ঞরা সতর্ক করেছেন, ‘খুব খারাপ’ এবং ‘গুরুতর’ দূষণের মধ্যে দীর্ঘ সময় থাকা শিশুরা, ধূমপায়ী, অ্যাজমা রোগী এবং পূর্ববর্তী হার্ট বা শ্বাসনালী রোগী নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করানো অত্যন্ত জরুরি। বিষাক্ত বায়ু শ্বাসনালীর প্রদাহ বাড়ায়, ফুসফুসের কার্যক্ষমতা হ্রাস করে এবং বিদ্যমান রোগের তীব্রতা বাড়ায়।

# অসম: গৌরব গগৈ ইলেকশন কমিশনকে মেশিন-পঠনযোগ্য ভোটার তালিকা গ্রহণের আহ্বান জানালেন

গৌহাটি, ২৮ নভেম্বর: আসাম প্রদেশ কংগ্রেস কমিটির (এপিসিসি) সভাপতি গৌরব গগৈ আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ইলেকশন কমিশনকে (ইসি) মেশিন-পঠনযোগ্য নির্বাচনী তালিকা প্রয়োগের আহ্বান জানিয়েছেন। এই আহ্বান আসন্ন নির্বাচনের জন্য নয় শুধুমাত্র আসামেই নয়, বরং কেরল, তামিলনাড়ু, পশ্চিমবঙ্গ ও পুদুচেরি—এর জন্যও প্রযোজ্য।
জোরহাটে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় গগৈ বর্তমান ম্যানুয়াল ভোটার তালিকা হালনাগাদ প্রক্রিয়ার সমালোচনা করেন। তিনি বলেন, বুথ-লেভেল অফিসাররা যেভাবে তালিকা হালনাগাদ করেন, তাতে জালিয়াতি ও মনিপুলেশনের সুযোগ থাকে। প্রযুক্তিগতভাবে সক্ষম ভারতের দেশে এখনো ভোটার তালিকা ম্যানুয়ালি তৈরি করা হয়।গগৈ উল্লেখ করেন কংগ্রেস নেতা রাহুল গান্ধীর বারবারের আহ্বানকে, যেখানে প্রযুক্তি নির্ভর ভোটার তালিকার প্রয়োজনীয়তা তুলে ধরা হয়েছে। এর মাধ্যমে নির্বাচনের সময় অচেনা বা জাল ভোটার অন্তর্ভুক্তির সম্ভাবনা কমানো যায়।
তিনি প্রধান নির্বাচন কমিশককে প্রশ্ন করেছেন কেন এমন মেশিন-পঠনযোগ্য ভোটার তালিকা, যা অন্যান্য গণতান্ত্রিক দেশে সফলভাবে প্রয়োগ করা হয়েছে, এখনো ভারতের নির্বাচনী ব্যবস্থায় চালু করা হয়নি। গগৈ দাবি করেছেন আসন্ন সব নির্বাচনের জন্য সম্পূর্ণ ডিজিটাল, কেন্দ্রীয়ভাবে পরিচালিত ভোটার তালিকা প্রণয়ন এবং খসড়া তালিকা প্রকাশের পর যে কোনো পরিবর্তনের জন্য কঠোর অডিট ট্রেইল নিশ্চিত করা হোক।
গগৈ আরও বলেন, “প্রতিটি ভোট বৈধ নাগরিকের দ্বারা দেওয়া হয়েছে তা নিশ্চিত করা যে কোনো সাংবিধানিক কর্তৃপক্ষের প্রধান দায়িত্ব। মেশিন-পঠনযোগ্য ভোটার তালিকা ভারতীয় গণতন্ত্রের সুরক্ষা নিশ্চিত করতে অপরিহার্য।”

## ইন্দো-মায়ানমার সীমান্তে সশস্ত্র হামলা অসম রাইফেলসের ৪ জওয়ান আহত

আসাম, ২৮ নভেম্বর: ইন্দো-মায়ানমার সীমান্তে নতুন সহিংসতার ঘটনা ঘটেছে। সন্দেহভাজন সন্ত্রাসীরা শুক্রবার সকালে তেংনৌপাল জেলার বর্ডার পিলার নম্বর ৮৭-এর কাছে একটি নিরাপত্তা পোস্টে হামলা চালায়। সরকারি সূত্রে জানা গেছে, হামলায় অসম রাইফেলসের ৩য় ব্যাটালিয়নের চার জন জওয়ান আহত হয়েছেন। তাদের মধ্যে একজনের অবস্থা গুরুতর বলে খবর। ঘটনাটি সাইবোল গ্রামের কাছে আন্তর্জাতিক সীমান্তের কাছের প্রত্যন্ত এলাকাঘটেছে, যা সীমান্তের সন্ত্রাসী কার্যক্রম এবং সীমান্ত পার হওয়া সংঘাত বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা নিয়ে উদ্বেগ সৃষ্টি করেছে। ঘটনার জায়গায় দ্রুত অতিরিক্ত রক্ষাকবচ দল পাঠানো হয়েছে এবং হামলাকারীদের খুঁজে বের করার জন্য অভিযান শুরু হয়েছে।

## অত্যাচারীদের নির্মূল

● প্রথম পাতার পর

হয়, মাতা রুক্মিণী গুজরাতে শ্রীকৃষ্ণ মূর্তির পূজা করেছিলেন। পরে জগদগুরু শ্রী মাধ্বাচার্য এই একই মূর্তি এখানে প্রতিষ্ঠা করেন।
তিনি আরও বলেন, গত বছর আমি ডুয়ার্কার নিমজ্জিত শহরে দর্শন করেছি এবং আশীর্বাদ পেয়েছি। আজ এই মূর্তির দর্শন আমাকে অসীম আধ্যাত্মিক আনন্দ দিয়েছে।
প্রধানমন্ত্রী উদুপি শহরের সুশাসনের ইতিহাসও স্মরণ করেন। তিনি বলেন, উদুপি জনসংঘ ও বিজেপির জন্য সুশাসনের মডেল। ১৯৬৮ সালে উদুপির মানুষ প্রয়াত ভি.এস. আচার্যকে স্থানীয় কর্পোরেশনে নির্বাচিত করেছিলেন। উদুপি সুশাসনের বীজ রোপণ করেছিল।
তিনি যোগ করেন, প্রায় পাঁচ দশক আগে উদুপি স্বচ্ছতা অভিযান শুরু করেছিল। ১৯৭০-এর দশকে নতুন নর্দমা ব্যবস্থা চালু হয়। আজ এটি জাতীয় অগ্রাধিকার।
শেষে প্রধানমন্ত্রী বলেন, তিন দিন আগে আমি গীতার ভূমি কুরুক্ষেত্র গিয়েছিলাম। আজ শ্রীকৃষ্ণ ও জগদগুরু মাধ্বাচার্য্যের আশীর্বাদ গ্রহণ করে আমি অসীম আনন্দ অনুভব করছি। এক লাখ মানুষ যখন একসাথে গীতা পাঠ করেছে, তখন পুরো বিশ্ব দেখেছে ভারতের ১,০০০ বছরের ঐতিহ্যের এক আধ্যাত্মিক ঝলক।

## পক্সো আইনে দুই জনের

● প্রথম পাতার পর

দ্বিতীয় মামলায়, মেলা ঘর হসপিটাল চৌমুহনী এলাকার সরকারি কর্মচারী উৎপল ভৌমিক-কে অশ্লীলতা হাননের অভিযোগে ৩ বছরের সশ্রম কারাদণ্ড ও আর্থিক জরিমানা প্রদান করার নির্দেশ দিয়েছে আদালত। দু’টি রায় ঘোষণার পর স্থানীয়দের মধ্যে আদালতের পদক্ষেপের প্রশংসা শোনা যায়।

## আগামী সপ্তাহে ভারতে আসছেন

● প্রথম পাতার পর

সম্মেলনের সময় গুরুত্বপূর্ণ আলোচনা করেন।
সফরের আগে, কিছুটা সময়ের জন্য যুক্তরাষ্ট্র-দিল্লি সম্পর্ক উত্তেজনাপূর্ণ হয়েছিল, যখন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভারতকে রাশিয়ান কাঁচা তেল ক্রয়ের মাধ্যমে ইউক্রেন যুদ্ধকে “আংশিকভাবে অর্থায়ন” করার অভিযোগ করেন। তবে ভারত এই ইঙ্গিত দিয়েছে যে তার শক্তি আমদানি শুধুমাত্র জাতীয় স্বার্থ এবং খরচের ভিত্তিতে পরিচালিত হচ্ছে।
এই বার্ষিক শীর্ষ সম্মেলনে শক্তি সহযোগিতা, প্রতিরক্ষা সম্পর্ক, বাণিজ্য সম্প্রসারণ এবং আঞ্চলিক নিরাপত্তা, বিশেষ করে ইউক্রেন, পশ্চিম এশিয়া এবং ইন্দো-প্যাসিফিকে সাম্প্রতিক উন্নয়ন নিয়ে আলোচনা হওয়ার আশা করা হচ্ছে।
সফরের প্রস্তুতি ইতিমধ্যেই চলছে, এবং দুই দেশই দীর্ঘমেয়াদি অংশীদারিত্ব আরও দৃঢ় করার ইচ্ছা প্রকাশ করেছে। পুতিন শেষবার ভারতে এসেছিলেন ২০২১ সালের ডিসেম্বর মাসে ২১তম ভারত-রাশিয়া শীর্ষ সম্মেলনে অংশ নিতে।
সফরের আগে, বিদেশমন্ত্রী এস. জয়শঙ্কর মস্কোয় পুতিনের সঙ্গে সাক্ষাৎ করে প্রধানমন্ত্রী মোদীর শুভেচ্ছা পৌঁছে দেন এবং শীর্ষ সম্মেলনের প্রস্তুতির বিষয়ে অবহিত করেন। এছাড়াও, প্রধানমন্ত্রী মোদি রাশিয়ার প্রেসিডেন্টের উপদেষ্টা নিকোলাই পাত্রুশেভকে বৈঠকে স্বাগত জানান এবং সামুদ্রিক সহযোগিতা, দক্ষতা উন্নয়ন, জাহাজ নির্মাণ ও নীল অর্থনীতি সম্পর্কিত নতুন সুযোগ নিয়ে আলোচনা করেন।

## বিজেপি সরকার

● প্রথম পাতার পর

অমিতাভ দত্ত এবং রতন রায়ের উপর দুষ্কৃতিকারীদের হামলার ঘটনায় দোষীদের গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়েছে। এদিনের বিক্ষোভ থেকে সাধারণ জনগণকে সরকারের বিরুদ্ধে এগিয়ে এসে আন্দোলনে সামিল হওয়ার আহবান জানান সিপিআইএম নেতৃত্বগণ।

## ত্রিপুরার অর্থনৈতিক

● প্রথম পাতার পর

রাজ্যের উন্নতিশীল পর্যটনকে দেশ—বিদেশের মানুষের কাছে তুলে ধরা, মানুষে—মানুষে ও জাতিতে—জাতিতে সৌহার্দ্যের বন্ধন দৃঢ় করা, হোমস্টে নিবন্ধনের মাধ্যমে মানুষকে স্বনির্ভর ও অর্থনৈতিকভাবে শক্তিশালী করে তোলা এবং সাংস্কৃতিক চেতনা ও অর্থনৈতিক ভিত্তি সমৃদ্ধ করা।
তিনি জানান , পর্যটন দপ্তরের ইতিবাচক উদ্যোগের ফলে দেশি—বিদেশি পর্যটকের আগমন, রাজস্ব সংগ্রহ এবং কর্মসংস্থান সবকিছুই বৃদ্ধি পেয়েছে। তিনি উল্লেখ করেন ২০১৬—১৭ সালে রাজ্যে মোট ৪,১৯,৮০৭ জন পর্যটক এসেছিলেনযার মধ্যে ৩,৮০,৫৭৮ জন দেশি এবং ৩৯,২২৯ জন বিদেশি পর্যটক। ২০২৪—২৫ সালে এই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭,০৭,১৭৩যার মধ্যে ৬,২৭,৭০৫ জন দেশি এবং ৭৯,৪৬৮ জন বিদেশি পর্যটক। মন্ত্রী বলেন, রাজ্যের গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্রগুলোর সংস্কারকাজ উদ্যোগের মাধ্যমে এগিয়ে চলছে। একান্ন পীঠের অন্যতম ত্রিপুরেশ্বরী মন্দির, নীরমহল, ডুম্বুর , ছবিমুরাসহ অন্যান্য কেন্দ্রের সৌন্দর্যায়নের কাজ সম্পন্ন হয়েছে।
মন্ত্রী জানান, ২০১৮ সালের পর কাঞ্চনপুর মহকুমার অধীনে ৫০ কিলোমিটার জাতীয় সড়ক নির্মাণ করা হয়েছে, যার মধ্যে জাম্পুইও অন্তর্ভুক্ত। পাশাপাশি ৪২.১২ কিলোমিটার রাজ্য সড়ক ও ৫৭.৫২ কিলোমিটার গ্রামীণ সড়কের উন্নয়ন সম্পন্ন হয়েছে। এর ফলে যোগাযোগ ব্যবস্থার উল্লেখযোগ্য উন্নতি ঘটেছে এবং জাম্পুই হিলে পর্যটকের সংখ্যা বৃদ্ধি পেয়েছে।
তিনি আরও জানান, জম্পুই হিল আর.ডি. ব্লকের মোট পরিবার সংখ্যা ৩,৮৯২। এর মধ্যে ২০১৮ সাল থেকে এ পর্যন্ত ২,১৫১ জন উপভোক্তাকে পিএমএওয়াই—জি এবং পিএম—জনমন প্রকল্পের আওতায় আনা হয়েছে। একই ব্লকে ২,১৬১টি পরিবারে গৃহস্থালি পানিও জল লাইন দেওয়া হয়েছে এবং ১,৩৮৬টি পিএইচএইচ পরিবারকে বিনামূল্যে রেশনে চাল প্রদান করা হচ্ছে।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, সভাধিপতি অপর্ণা নাথ, পর্যটন সচিব ইউ.কে. চাকমা এবং অন্যান্য অতিথিবৃন্দ।

## বিজেপি ও সংঘ পরিবারের

● প্রথম পাতার পর

কাজ করে। তাদের সুপারিশে গানের নির্দিষ্ট অংশ গণপরিষদে জাতীয় গানের মর্যাদা পায়।
এ প্রসঙ্গে ড. শ্যামাপ্রসাদ মুখার্জিও সেই সময় গণপরিষদে সমর্থন জানিয়েছিলেন এটাও স্মরণ করিয়ে দেয় কংগ্রেস।
প্রদেশ কংগ্রেসের বক্তব্য, সর্দার প্যাটেলের ১৫০ বছর উপলক্ষে ‘একতা যাত্রা’র আড়ালে আরএসএস—বিজেপি নিজেদের রাজনৈতিক অভিসন্ধি চাপা দিতে চাইছে। মহাত্মা গান্ধি হত্যা-ষড়যন্ত্রের দায়ে প্যাটেল নিজেই আরএসএসকে নিষিদ্ধ ঘোষণা করেছিলেন এই তথ্য আজও ইতিহাসে স্পষ্ট।
“গান্ধী, নেহেরু, প্যাটেল, আম্বেদকর জাতীয় ব্যক্তিত্বদের প্রতীক হিসেবে সামনে এনে প্রকৃতপক্ষে জনগণকে বিভ্রান্ত করা এবং কংগ্রেসকে দুর্বল করাই বিজেপির মূল উদ্দেশ্য,” দাবি প্রদেশ কংগ্রেসের।
সংগঠনের কড়া ভাষায় আরও বলা হয় ‘বন্দেমাতরম’ নিয়ে আরএসএস—বিজেপির কোনও নৈতিক অধিকার নেই। তাদের মিথ্যাচার ও ইতিহাস বিকৃতির নিন্দা জানিয়ে কংগ্রেস বলেছে, বাংলার মানুষ এবং দেশের জনসাধারণই আজ বুঝতে পারছেন এই প্রচারের পিছনে কী উদ্দেশ্য লুকিয়ে রয়েছে।

## শিশু মৃত্যুকে ঘিরে

● প্রথম পাতার পর

করে হাসপাতাল চত্বর উত্তপ্ত হয়ে ওঠে। হাসপাতাল কর্তৃপক্ষ ঘটনার বিষয়ে অভ্যন্তরীণ তদন্ত শুরু করেছে। শিশুটির অস্বাভাবিক মৃত্যুর কারণ জানতে ময়নাতদন্তের রিপোর্টই এখন গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে মনে করা হচ্ছে।

# মাসিক পরীক্ষা’-র অভিযোগে নির্দেশনার জন্য পিটিশন: সুপ্রিম কোর্টে নোটিশ জারি

নতুন দিল্লি, ২৮ নভেম্বর: সুপ্রিম কোর্ট শুক্রবার কেন্দ্র ও হরিয়ানা সরকারের কাছে জবাব চেয়েছে এক পিটিশনকে নিয়ে, যেখানে মহর্ষি দয়ানন্দ বিশ্ববিদ্যালয়ের (এমডিইউ) তিনজন মহিলা স্যানিটেশন কর্মীর অভিযোগ উত্থাপন করা হয়েছে। অভিযোগ অনুযায়ী, তাদের সুপারভাইজারদের কাছে মাসিকের প্রমাণ হিসেবে ছবি দেখানোর জন্য চাপ দেওয়া হয়।

সুপ্রীম কোর্ট বার অ্যাসোসিয়েশন আর্কেল ৩২-এর অধীনে দায়ের করা এই রিট পিটিশনের উপর বিচারপতি বি.ভি. নাগরাথনা ও র. মহাদেবন-এর বেঞ্চ নোটিশ জারি করেছে।

এই বিষয়টি পরবর্তী শুনানির জন্য ১৫ ডিসেম্বর নির্ধারিত হয়েছে। পিটিশনটি নারীদের স্বাস্থ্য, মর্যাদা, গোপনীয়তা এবং দেহগত স্বায়ত্তশাসন সংক্রান্ত অধিকার রক্ষার বিষয় তুলে ধরেছে, বিশেষত মাসিক বা গাইনোকলজিকাল সমস্যার সময় কর্মক্ষেত্র এবং শিক্ষাপ্রতিষ্ঠানে।

পিটিশনের তথ্য অনুযায়ী, ঘটনা ঘটে অক্টোবর ২৬ তারিখে, যখন তিনজন স্যানিটেশন কর্মীকে রবিবারে ডাকা হয় হরিয়ানা গভর্নরের ভিজিটের কারণে। তাদের অভিযোগ, সুপারভাইজাররা মৌখিকভাবে অবমাননা ও চাপ সৃষ্টি করেন এবং তাদেরকে স্যানিটারি প্যাডের ছবি পাঠাতে” বাধ্য করেন।

শুনানির সময়, বিচারপতি নাগরাথনা বেঞ্চ এই ঘটনাকে একটি গভীরভাবে উদ্বেগজনক মানসিকতার প্রতিফলন হিসেবে উল্লেখ করেছেন।

বেঞ্চের মন্তব্য, কারও অনুপস্থিতির কারণে কিছু ভারী কাজ করা সম্ভব না হলে, অন্য কাউকে নিয়োগ দেওয়া যেত।” বিচারপতি নাগরাথনা আরও বলেন, “কর্ণাটকে তারা পিরিয়ড লিভ দিচ্ছে। এটি পড়ে ভাবলামতাদের কি প্রমাণ চাইবেন ছুটি দেওয়ার জন্য?

ঘটনার পর, এমডিইউ দুইজন সুপারভাইজারকে সাময়িক বরখাস্ত করে এবং অভ্যন্তরীণ তদন্ত শুরু করে। হরিয়ানা রাজ্য মহিলা কমিশনও নিজ উদ্যোগে বিষয়টি খতিয়ে দেখার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন ও পুলিশকে রিপোর্ট চেয়েছে।

সহকারী রেজিস্ট্রার এবং দুই সুপারভাইজারের বিরুদ্ধে পরে ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় হামলা ও নারীর মর্যাদা লঙ্ঘনের অভিযোগে মামলা করা হয়েছে।

পিটিশনে উল্লেখ করেছে, এমন কাজ নারীর জীবন, মর্যাদা, গোপনীয়তা এবং দেহগত স্বায়ত্তশাসনের মৌলিক অধিকার লঙ্ঘন। পিটিশনে আরও উল্লেখ রয়েছে পূর্ববর্তী ‘পিরিয়ড শেমিং’ ও অনুন্নত পরীক্ষা সংক্রান্ত ঘটনার, যেমন ২০১৭ সালে উত্তর প্রদেশে ৭০ জন কন্যাশিশুকে নগ্ন করে মাসিক পরীক্ষা এবং ২০২০ সালে গুজরাটে ৬৮ কলেজ ছাত্রীকে অন্তর্বাস খুলে পরীক্ষা করার ঘটনা।

এটি প্রতিরোধের জন্য পিটিশনে কেন্দ্র ও হরিয়ানা সরকারের কাছে নির্দেশনা চাওয়া হয়েছে, যাতে দেশের সকল কর্মক্ষেত্র ও শিক্ষাপ্রতিষ্ঠানে নারীদের স্বাস্থ্য, মর্যাদা, দেহগত স্বায়ত্তশাসন এবং গোপনীয়তা রক্ষা করা যায়।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (**টোলফ্রি :** ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (**পি বি এক্স**), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# বাংলার স্টুডেন্ট ক্রেডিট কার্ড স্কিমে অনুমোদিত মামলার সংখ্যা ১ লাখ ছাড়ালেন, কার্য্যক্রম চলবে: মমতা

কলকাতা, ২৮ নভেম্বর: পশ্চিমবঙ্গের স্টুডেন্ট ক্রেডিট কার্ড স্কিমে অনুমোদিত কেসের সংখ্যা ১ লাখ পার করেছে বলে শুক্রবার ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

মুখ্যমন্ত্রী সোশ্যাল মিডিয়ায় জানান, আমাদের স্টুডেন্ট ক্রেডিট কার্ড স্কিমের অধীনে অনুমোদিত কেসের সংখ্যা আজ ১,০০,০০০-এর ল্যান্ডমার্ক অতিক্রম করেছে। এই সরকারী প্রধান প্রকল্পের মাধ্যমে ছাত্রছাত্রীদেরকে সর্বোচ্চ ১০ লাখ টাকা শিক্ষাজনিত ঋণ দেওয়া হয় অত্যন্ত ন্যূনতম সুদের হারে। সুদের সম্পূর্ণ ইন্টারেস্ট সাবভেনশন রাজ্য সরকার বহন করে।

তিনি আরও বলেন, এই স্কিম তরুণ প্রতিভাদের লক্ষ্য পূরণের পথে আর্থিক সহায়তা অব্যাহত রাখবে। আমাদের সমস্ত ছাত্রছাত্রীদের জন্য সমৃদ্ধিশালী ভবিষ্যৎ কামনা করি, যোগ করেছেন মুখ্যমন্ত্রী।

স্কিমটি চালু হয়েছিল ৩০ জুন, ২০২১ সালে, মমতা বন্দ্যোপাধ্যায় তৃতীয়বারের জন্য মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণের পর। এটি তার প্রধান নির্বাচনী প্রতিশ্রুতিগুলোর মধ্যে অন্যতম ছিল।

স্কিমটি ভারত বা বিদেশে উচ্চশিক্ষা গ্রহণকারী ছাত্রছাত্রীদের জন্য সর্বোচ্চ ১০ লাখ টাকার আর্থিক সহায়তা দেয়, যেখানে বার্ষিক সাধারণ সুদের হার মাত্র ৪ শতাংশ। সম্পূর্ণ সুদ রাজ্য সরকার বহন করে।

তবে, বাস্তবায়ন সংক্রান্ত কিছু ক্ষেত্রে রাজ্য সরকার ও ব্যাংকের মধ্যে বিরোধ দেখা দিয়েছে। রাজ্য সরকার অভিযোগ করেছে যে কিছু ব্যাংক ঋণ অনুমোদন ও রিলিজ করতে সংকোচ করছে, যদিও সরকার গ্যারান্টি প্রদান করছে।

পশ্চিমবঙ্গের স্টেট লেভেল ব্যাংকারস কমিটির ত্রৈমাসিক বৈঠকে অর্থ দপ্তরের কর্মকর্তারা বারবার উল্লেখ করেছেন যে, কিছু ব্যাংক রাজ্য সরকারের গ্যারান্টি থাকা সত্ত্বেও ঋণের জন্য জামানত চেয়েছে।

# ভারতকে স্বনির্ভর করতে নয়টি মন্ত্র দিয়েছেন প্রধানমন্ত্রী মোদী

উদুপি, ২৮ নভেম্বর: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ উদুপি শ্রী কৃষ্ণ মঠে ভারতবাসীর কাছে দেশকে স্বনির্ভর করে তোলার জন্য নয়টি প্রতিজ্ঞা বা মানত্রা মেনে চলার আহ্বান জানিয়েছেন। তিনি ধর্মগুরু, ভক্ত এবং নাগরিকদেরকে জল ও নদী সংরক্ষণ, ‘এক পেড মা কে নাম’ কর্মসূচিতে অংশ নেওয়া, অন্তত একজন দরিদ্রকে দারিদ্র্য থেকে উত্তোলন এবং অর্থনীতি ও উদ্যোক্তাদের রক্ষা করার জন্য স্বদেশী আন্দোলনকে উৎসাহিত করার আহ্বান জানান।

তিনি আরও বলেন, দেশবাসী প্রাকৃতিক চাষাবাদকে উৎসাহিত করুন, মিলেটস ব্যবহার করে স্বাস্থ্যকর জীবনধারা অনুসরণ করুন, তেলের ব্যবহার কমান এবং প্রতিদিনের জীবনে যোগব্যায়াম অন্তর্ভুক্ত করুন। প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন, এই নয়টি প্রতিজ্ঞার মধ্যে একটি হলো আমাদের প্রাচীন পাণ্ডুলিপি সংরক্ষণ।

তিনি বলেন, আমাদের প্রাচীন জ্ঞান পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দেওয়া উচিত। এছাড়াও তিনি ভারতীয়দের আহ্বান জানান ২৫টি ঐতিহ্যবাহী স্থানে ভ্রমণ করতে, যা আমাদের সংস্কৃতি ও ঐতিহ্য তুলে ধরে।

প্রধানমন্ত্রী মোদি বলেন, শ্রীমদ্ভগবদ গীতা, যা শ্রীকৃষ্ণের শিক্ষার প্রতীক, কেন্দ্রীয় সরকারের বেশিরভাগ কর্মসূচির প্রেরণা হিসেবে কাজ করছে। সার্বজন সুখিনো ভবন্তু, বসুদৈব কুটুম্বকাম বা ধর্মো রক্ষতি রক্ষিতঃ এই মতাদর্শগুলোর প্রেরণায় আয়ুষ্মান ভারত, প্রধানমন্ত্রী আবাস যোজনা, নারী শক্তি অভিযান, সোলার অ্যালায়েন্স মিশন এবং মিশন সুদর্শন চক্র জাতীয় নিরাপত্তা কর্মসূচি চালানো হচ্ছে।

তিনি উল্লেখ করেন, গীতা শান্তি ও আমাদের শান্তি রক্ষা করার প্রতিজ্ঞার কথা বলে। সেই দিকেই সরকার কাজ করছে। আজকের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী গীতা পাঠের অংশ হিসেবে ‘গীতা’-এ অংশগ্রহণ করেন।

তিনি স্বর্ণমুক্ত তীর্থ মণ্ডপ উদ্বোধন করেন এবং স্বর্ণমুক্ত কানককিণ্ডি উৎসর্গ করেন, যা শ্রীকৃষ্ণ তাঁর ভক্ত সন্ন্যাসী কানকাদাসকে খুলেছিলেন বলে বিশ্বাস করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল থাওয়ারচন্দ গেহলট, কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ জোশী, ধর্মস্থল ধর্মাধিকারী শ্রী ভীরেন্দ্র হেগড়ে এবং উদুপি পুট্টিগে মঠের সীট শ্রী সগুন্দেন্দ্র তীর্থ স্বামীজি। অনুষ্ঠানে পুট্টিগে সীট প্রধানমন্ত্রীকে “ভারত ভাগ্য বিধাতা” উপাধিতে ভূষিত করেন।

# সরকার কয়লা খনি অনুসন্ধানে বেসরকারি প্রতিষ্ঠানের প্রবেশদ্বার

নয়া দিল্লি, ২৮ নভেম্বর: কয়লা খনি অনুসন্ধান ও দ্রুত কার্য্যক্রম শুরু করার লক্ষ্য নিয়ে সরকার নতুন একটি রীতি চালু করেছে। শুক্রবার প্রকাশিত এক সরকারি বিবৃতিতে বলা হয়েছে, কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়া দ্বারা অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে কয়লা ও লিগনাইট অনুসন্ধানের জন্য প্রস্পেক্টিং অপারেশন চালানোর অনুমতি দেওয়া হয়েছে।

বিবৃতিতে বলা হয়েছে, এতে আরও ১৮টি সংস্থা যোগ হয়েছে, যা কয়লা ব্লক অলটিদের খনি অনুসন্ধান ও উন্নয়ন দ্রুততর করার জন্য বিকল্প ও সুবিধা প্রদান করবে।

কয়লা খনি কার্য্যকর করার জন্য ভূতাত্ত্বিক রিপোর্ট প্রস্তুত ও অনুসন্ধান অপরিহার্য্য। নতুন এই অনুমোদিত সংস্থাগুলো যোগ হওয়ায় প্রস্পেক্টিং লাইসেন্স পাওয়ার জন্য পূর্বে যে ছয় মাস সময় লাগত, তা সংরক্ষণ করা সম্ভব হবে।

বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, মাইনস অ্যান্ড মিনারেলস (ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন) অ্যাক্টের ধারা ৪-এর উপধারা (১)-এর দ্বিতীয় অনুসারে, কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়া — ন্যাশনাল অ্যাক্রেডিটেশন বোর্ড ফর এডুকেশন অ্যান্ড ট্রেনিং দ্বারা অনুমোদিত বেসরকারি সংস্থাগুলোকে ২৬ নভেম্বর ২০২৫ তারিখে ‘অ্যাক্রেডিটেড প্রস্পেক্টিং এজেন্সি’ হিসেবে নোটিফাই করা হয়েছে।

সরকার অনুমোদিত প্রস্পেক্টিং সংস্থার সংখ্যা বাড়িয়ে বেসরকারি খাতের সম্পদ ব্যবহার, কার্য্যকারিতা, প্রতিযোগিতা এবং প্রযুক্তিগত উদ্ভাবন বৃদ্ধি করার লক্ষ্য রাখছে।

এই পদক্ষেপ অনুসন্ধানের গতি দ্রুততর করবে এবং খনি কার্য্যক্রম ত্বরান্বিত করবে, যা দেশের কয়লা ও লিগনাইট সরবরাহ বাড়াতে পূরণে সহায়ক হবে।

বিবৃতিতে আরও বলা হয়েছে, ভারত সরকার একটি স্বচ্ছ, দক্ষ এবং ভবিষ্যত-উদ্দেশ্যপ্রাপ্ত খনিজ অনুসন্ধান কাঠামো গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ, যা জাতীয় শক্তি নিরাপত্তা শক্তিশালী করবে এবং অর্থনৈতিক বৃদ্ধিতে সহায়ক হবে।

# ভারত সাহায্যের জন্য প্রস্তুত

নতুন দিল্লি/কলম্বো, ২৮ নভেম্বর: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ঘূর্ণিঝড় ডিটওয়া -তে শ্রীলঙ্কায় প্রাণহানির জন্য শোক প্রকাশ করেছেন এবং প্রার্থনা করেছেন ক্ষতিগ্রস্ত পরিবারের দ্রুত পুনরুদ্ধারের জন্য। তিনি জানান, ভারত ‘অপারেশন সাগর বন্ধু’-র মাধ্যমে জরুরি ত্রাণ পাঠিয়েছে এবং আরও সহায়তা দেওয়ার জন্য প্রস্তুত রয়েছে।

ভারতীয় আবহাওয়া অধিদপ্তর শুক্রবার জানিয়েছে, ঘূর্ণিঝড় ডিটওয়া বর্তমানে শ্রীলঙ্কার উপকূল এবং বঙ্গোপসাগরের দক্ষিণ-পশ্চিম অংশ অতিক্রম করছে। এটি উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হচ্ছে এবং ৩০ নভেম্বর ভোরের দিকে তামিলনাড়ু ও দক্ষিণ আন্দ্রপ্রদেশ উপকূলে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে। ২৮ নভেম্বর সকাল ৮:৩০ এ শ্রীলঙ্কায় ট্রিনকমালে থেকে ৪০ কিমি দক্ষিণ-পশ্চিমে, ব্যাটিকালোয়া থেকে ১০০ কিমি উত্তর-পশ্চিমে অবস্থান। ভারতের দিকে: করাইকালের থেকে ৩২০ কিমি দক্ষিণ-দক্ষিণপূর্বে, পুদুচেরির থেকে ৪৩০ কিমি দক্ষিণ-দক্ষিণপূর্বে এবং চেন্নাই থেকে ৫৩০ কিমি দক্ষিণে।

আইএমডি তামিলনাড়ুতে প্রায় সব অঞ্চলে বৃষ্টিপাত সতর্কতা জারি করেছে।

# ফটিকরায় এলাকার বিশিষ্ট সমাজসেবী তথা রাজনীতিবিদ মৃদুল কান্তি দাসের অকাল প্রয়াণ, শোক প্রকাশ মন্ত্রী সুধাংশু দাসের

নিজস্ব প্রতিনিধি, কুমারঘাট, ২৮ নভেম্বর: চলে গেলেন ফটিকায় এলাকার বিশিষ্ট সমাজসেবী তথা রাজনীতিবিদ মৃদুল কান্তি দাস। গতকাল তাঁর বাড়িতে গৃহপ্রবেশের অনুষ্ঠান ছিল। আশ্চর্য্যজনকভাবে সেইদিনেই অকালে প্রয়াত হন তিনি।

১৯৫৮ ইংরেজিতে উনার জন্ম ফটিকরায়ে। ফটিকরায়ের প্রবীণ নাগরিকের মৃত্যুতে গভীর শোকের ছায়া নেমে এসেছে। তিনি ছিলেন ‘ডিড রাইটার ও সর্বজন পরিচিত ব্যক্তিত্ব। ৪ ভাই ও তিন বোনের মধ্যে

‘মৃদুল কান্তি দাস ছিলেন তৃতীয় সন্তান। তিনি ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে পড়াশোনা করে কৈলাসহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়ে স্নাতক ডিগ্রি লাভ করেন। খেলাধুলায় তিনি ছিলেন পারদর্শী।

ফুটবল জগতের তদানীন্তন সময়ে তিনি ছিলেন উজ্জল নক্ষত্র।

১৯৮৬ সাল থেকে ভারতীয় জাতীয় কংগ্রেসে যোগ দেন। ১৯৮৮ সালে কংগ্রেস জোট সরকার গঠনের তার অবদান ছিল স্মরণীয়।এরপর ১৯৯৮ থেকেই কংগ্রেস প্রার্থীর প্রতিযোগিতায় অন্যতম মুখ হিসাবে দেখা যেত ফটিকরায় বিধানসভা কেন্দ্রে। তারপর ২০১৫ সাল থেকে ভারতীয় জনতা পার্টির হয়ে কাজ শুরু করেন,

তিনি বিভিন্ন সাংগঠনিক কাজের ফাঁকেও জীবিকার জন্য পিতার পেশা ডিড রাইটারের কাজ বেছে নেন। এব সুনামের সঙ্গে দীর্ঘ ৪০ বছর ধরে কাজ করেন। পাশাপাশি বিভিন্ন সমাজ সেবামূলক কাজেও তিনি ও তার বন্ধুদের নিয়ে অগ্রনী ভূমিকা পালন করেন।

তার মৃত্যু সংবাদ শুনে তার বাসভবনে উপস্থিত হন এলাকার বিধায়ক তথা মন্ত্রী সুধাংশু দাস ও ও এলাকার সমাজসেবী, ক্লাব কর্মকর্তাগন ও সমাজের অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরাও।

তার মৃত্যুকে ঘিরে ফটিকরায় এলাকা জুড়ে গভীর শোকের ছায়া নেমে আসে।মৃত্যু কালের স্ত্রী ভাই বোন, অসংখ্য আত্মীয়-স্বজন রেখে গেছেন।

# মুঙ্গিয়াকামী ব্লকে আইপিএফটির গুরুত্বপূর্ণ সভা, ছয় পরিবারের ১৩ ভোটারের যোগদান

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৮ নভেম্বর: শুক্রবার মুঙ্গিয়াকামী ব্লকের বিএসসি চেয়ারম্যান সুনীল দেববর্মার বাসভবনে আইপিএফটির একটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। তেলিয়ামুড়া আইপিএফটি পূর্ব ডিভিশনাল কমিটির উদ্যোগে আয়োজিত এই সভায় হলুদিয়া ভিলেজ ও পূর্ব লক্ষ্মীপুর ভিলেজ এলাকার ছয় পরিবারের মোট ১৩ জন ভোটার আনুষ্ঠানিকভাবে আইপিএফটি দলে যোগদান করেন।

আইপিএফটি পার্টির সেন্ট্রাল কমিটির এজিএস এবং মুঙ্গিয়াকান্দি ব্লকের বিএসসি চেয়ারম্যান সুনীল দেববর্মার উপস্থিতিতে নতুন সদস্যদের দলে স্বাগত জানানো হয়। পাশাপাশি উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পূর্ব ডিভিশনের সভাপতি রতন দেববর্মা, সম্পাদক ধনঞ্জয় রিয়াং সহ অন্যান্য নেতৃবৃন্দ।

দলে নবাগতদের হাতে আইপিএফটির পতাকা তুলে দিয়ে নেতারা জানান, আদিবাসী জনগোষ্ঠীর অধিকার রক্ষা ও সার্বিক উন্নয়নের লক্ষ্যে দলকে আরও শক্তিশালী করা হবে। নতুন সদস্যরা আইপিএফটির নীতি ও আদর্শে অনুপ্রাণিত হয়ে যোগদান করেছেন বলেও নেতারা মন্তব্য করেন। সভা শেষে সাংগঠনিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

# সাদা পোশাক ও আউটপোস্ট পুলিশের যৌথ অভিযানে খোয়াইয়ে দেশি মদসহ অভিযুক্ত গ্রেপ্তার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর: খোয়াই শহরে অবৈধভাবে দেশি মদ বিক্রির অভিযোগে হরিলাল দেববর্মা নামের এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ। সাদা পোশাকের পুলিশ ও খোয়াই আউটপোস্টের যৌথ অভিযানে ২৪ লিটার দেশীয় মদ সহ তাকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, বেশ কিছুদিন ধরে পাইজা বাড়ি এলাকা থেকে এসে খোয়াই শহরের বিভিন্ন স্থানে দেশি মদ বিক্রি করছিল হরিলাল দেববর্মা। এ বিষয়ে তথ্য পেয়ে পুলিশ আজ ধলাবিল চৌমুহনী এলাকায় ওঁত পেতে বসে।

পরে অভিযুক্ত হরিলাল দেববর্মা সেই এলাকায় পৌঁছতেই পুলিশ তাকে আটক করে। তার কাছ থেকে ২৪ লিটার দেশীয় মদ উদ্ধার হয়। এরপর তাকে আউটপোস্টে নিয়ে এসে গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানিয়েছে, তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা গ্রহণ করা হয়েছে এবং ঘটনাটি নিয়ে তদন্ত চলছে।

# বাধারঘাটে মার্কফেডের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত, উদ্বোধন করলেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর: শুক্রবার বাধারঘাট প্রধান কার্য্যালয়ের কনফারেন্স হলে ত্রিপুরা মার্কফেডের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে তিনি সভার আনুষ্ঠানিক সূচনা করেন।

এদিনের অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাধারঘাট বিধানসভা কেন্দ্রের বিধায়ক মিনারানী সরকার, মার্কফেডের চেয়ারম্যান অভিজিৎ দেব, ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা সহ সংস্থার অন্যান্য কর্মকর্তারা।

সভায় গত বছরের কর্মকাণ্ড, আর্থিক প্রতিবেদন, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং সমবায় ব্যবস্থার উন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত অতিথিরা সমবায় আন্দোলনের গুরুত্ব তুলে ধরে মার্কফেডের ভূমিকার প্রশংসা করেন।

অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন হয় এবং সভা শেষে বিভিন্ন প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

## পঞ্জাবে এমজিএনআরইজিএ অনিয়মে কেন্দ্রের তদন্তের সিদ্ধান্তকে স্বাগত জানালো বিজেপি

চণ্ডীগড়, ২৮ নভেম্বর : ভারতীয় জনতা পার্টির (বিজেপি) নির্ধারিত জাতি মোর্চা, পঞ্জাবের উপ-সভাপতি পরমজিৎ সিংহ কাইথ শুক্রবার কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান-এর সিদ্ধান্তকে স্বাগত জানান। কেন্দ্রীয় মন্ত্রী পঞ্জাবে এমজিএনআরইজিএ তহবিলের সম্ভাব্য দুর্নীতি তদন্তের নির্দেশ দিয়েছেন।

কাইথ বলেন, গত কয়েক বছরে পঞ্জাবে বহু এমজিএনআরইজিএ কেলেঙ্কারি প্রকাশ পেয়েছে, যেখানে তহবিলের অপব্যবহার রাজনৈতিক দলের প্রতিনিধি বা তাদের অনুমোদন ছাড়া সম্ভব হত না।

তিনি অভিযোগ করেন, গত ১০ বছরে রাজ্যের গ্রামীণ উন্নয়ন ও পঞ্চায়েত দপ্তরে দুর্নীতি, প্রায়ই গ্রাম পঞ্চায়েত, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে ষড়যন্ত্রে করা হয়েছে, যা দরিদ্র পরিবারগুলোর জন্য কর্মসংস্থানের সুযোগকে বাধাগ্রস্ত করেছে। এর মধ্যে রয়েছে নকল চাকরির কার্ড তৈরি, কন্ট্রাক্টরদের সঙ্গে যোগসাজশ, নকল পেমেন্ট রসিদ তৈরি এবং অযোগ্য বা মৃত ব্যক্তিকে সুবিধাভোগী হিসেবে তালিকাভুক্ত করা।

কাইথ বলেন, “পঞ্জাবে কোটি কোটি টাকার এমজিএনআরইজিএ কেলেঙ্কারি উদঘাটিত হয়েছে, কিন্তু এর বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। ভগবন্ত মান্ন সরকার দুর্নীতির প্রতি শূন্য সহনশীলতার কথা বলে, কিন্তু মাটিতে তা বিরল দেখা যায়।”

তিনি উদাহরণ হিসেবে উল্লেখ করেন, ২০১৭ সালে পাটিয়ালা জেলার সামানা ও পত্রান ব্লকে ৫ কোটি টাকার কেলেঙ্কারির জন্য স্থানীয় আদালত পুলিশ ক্লোজার রিপোর্ট বাতিল করেছিল। ২০১৯ সালে, গিদ্দারবাহা ও ফেরোজপুরে ২.৫৯ কোটি টাকার নকল পেমেন্ট কেলেঙ্কারির জন্য পাঁচজন কর্মকর্তাকে বরখাস্ত করা হয়েছিল, তবে কেন্দ্রীয় তহবিল উদ্ধার বা পুলিশি পদক্ষেপ নেওয়া হয়নি।

# কলমচৌড়া থানা পুলিশের উদ্যোগে ধ্বংস প্রায় দুই হাজার গাঁজা গাছ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর: পুটিয়া সীমান্ত এলাকা শুক্রবার দুপুর ১২টা থেকে দুপুর ২টা পর্যন্ত পুটিয়া সীমান্ত এলাকায় গাঁজা বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে ৪৯ নং বিএসএফ ব্যাটালিয়ন ও কলমচৌড়া থানার পুলিশ। দুই ঘন্টার এই যৌথ অভিযানে সীমান্ত এলাকার জঙ্গল ও দুর্গম স্থান চিরুনি তল্লাশি করে উদ্ধার ও ধ্বংস করা হয় প্রায় দুই হাজার গাঁজা গাছ।

অভিযানে নেতৃত্বে ছিলেন কলমচৌড়া থানার অফিসার-ইন-চার্জসহ পুলিশের টিম এবং বিএসএফের জওয়ানরা। দীর্ঘদিন ধরেই এই এলাকায় গাঁজা চাষের খবর পুলিশের কাছে ছিল। সেই সূত্র ধরে অভিযান চালানো হলে উল্লেখযোগ্য সাফল্য আসে।

পুলিশ সূত্রে জানা গেছে, চাষে জড়িত ব্যক্তিদের খোঁজে তদন্ত চলছে। অবৈধ মাদক চাষের বিরুদ্ধে ভবিষ্যতেও এমন অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে কলমচৌড়া থানা।

# চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলার ১৩টি বিদ্যালয়ে ওয়াটার পিউরিফায়ার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর:চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ জেলার বিভিন্ন ব্লকের ১৩টি বিদ্যালয়ে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের লক্ষ্যে আর.ও ওয়াটার পিউরিফায়ার মেশিন বসানোর সিদ্ধান্ত নিয়েছে। এই মেশিনগুলিতে একই সাথে ঠান্ডা-গরম ও স্বাভাবিক জল পাওয়ার সুবিধা থাকবে। এই কর্মসূচি বাস্তবায়ণে জিলা পরিষদের পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ড থেকে ১৯ লক্ষ ৯৫ হাজার টাকা ব্যয় করা হবে।

যেসব বিদ্যালয়ে এই মেশিনগুলি বসানো হবে সেইসব বিদ্যালয়গুলি হল ডুকলি ব্লকের বেলাবর এইচ এস স্কুল, আইসি নগর এইচ এস স্কুল এবং আনন্দনগর এইচ এস স্কুল, পুরাতন আগরতলা ব্লকের দুর্গাচৌধুরী পাড়া হেমন্ত স্মৃতি বিদ্যালয় ও পুরাতন আগরতলা মহাবিদ্যালয়ে, মোহনপুর ব্লকের তারাপুর এইচ এস স্কুল ও কলাগাছিয়া এইচ এস স্কুল, বামুটিয়া রকের নতুননগর গার্লস হোস্টেল, নরসিংগড় জুবেনাইল হোম ও দুর্গাংগি আয়ুষ্মান আরোগ্য মন্দির, জিরানীয়া ব্লকের নেতাজী প্রগ্রেসিভ ইংলিশ মিডিয়াম স্কুল, মধ্য দেবেন্দ্রনগর কুমার বাড়ী হাইস্কুল এবং ব্রজনগর ইংলিশ মিডিয়াম হাইস্কুলে।

# বিভিন্ন দাবিদাওয়া নিয়ে রাজ্যপালের সঙ্গে টিএসএফ নেতৃত্বের সাক্ষাৎ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর: বিভিন্ন গুরুত্বপূর্ণ দাবি নিয়ে আজ রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সাক্ষাৎ করলেন ত্রিপুরা স্টুডেন্টস ফেডারেশন (টিএসএফ)-এর নেতৃত্ব। টিএসএফের সহসভাপতি জন দেববর্মার নেতৃত্বে একটি প্রতিনিধি দল রাজভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে আলোচনায় বসেন।

সাক্ষাৎ শেষে সংবাদমাধ্যমকে জন দেববর্মা জানান, এডিসি এলাকার সামগ্রিক উন্নয়ন এবং স্বায়ত্তশাসনের স্বার্থে একাধিক গুরুত্বপূর্ণ বিষয় তারা রাজ্যপালের নিকট তুলে ধরেছেন। তার কথায়, “এডিসির হাতে আরও প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রদান, এডিসি এলাকায় সেন্ট্রাল ইউনিভার্সিটি স্থাপন, স্থানীয় যুবসমাজের জন্য চাকরির সুযোগ বৃদ্ধিএই বিষয়গুলো নিয়ে আজ বিস্তারিত আলোচনা হয়েছে।”

তিনি আরও জানান, এডিসির উন্নয়নমূলক দাবিগুলো দ্রুত বাস্তবায়নের জন্য রাজ্যপালকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

# ধর্মনগর-কৈলাসহর রোডে ভয়াবহ বাইক দুর্ঘটনা, গুরুতর জখম দুই যুবক

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৮ নভেম্বর: ধর্মনগর-কৈলাসহর রোডের মনতলা এলাকায় রবিবার সন্ধ্যায় ভয়াবহ বাইক দুর্ঘটনায় গুরুতরভাবে জখম হন দুই যুবক। আহতদের নাম সুকান্ত তাঁতি (১৯) এবং সিয়াম তাঁতি (১৯)। দু’জনই একই বাইকে করে যাত্রা করছিলেন বলে জানা গেছে।

দুর্ঘটনার পর স্থানীয় প্রত্যক্ষদর্শীরা দ্রুত খবর দেন অগ্নিনির্বাপণ দপ্তরে। খবর পেয়ে অগ্নিনির্বাপণ কর্মীরা ঘটনাস্থলে ছুটে এসে গুরুতর জখম দুই যুবককে উদ্ধার করে দ্রুত ধর্মনগর জেলা হাসপাতালে নিয়ে যান।

আহতরা ধলাই জেলার হাফলং এলাকার বাসিন্দা বলেও জানা গেছে। তাদের আঘাত গুরুতর বলে জানা গেছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ দুর্ঘটনার কারণ খতিয়ে দেখছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে উচ্চগতির জন্যেই এই দুর্ঘটনাটি ঘটেছে।

# চলতি অর্থবর্ষে পশ্চিম ত্রিপুরা জেলায় ১০৪১ হেক্টর জমিতে অয়েল পাম চাষ করা হবে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর: জাতীয় ভোজ্য তেল চাষ মিশন প্রকল্পে পশ্চিম ত্রিপুরা জেলায় চলতি অর্থ বছরে বিভিন্ন ব্লক এলাকায় ১০৪১ হেক্টর জমিতে অয়েল পাম চাষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

গত নভেম্বর মাস পর্যন্ত জেলায় ৫৭৮.২৮ হেক্টর জমিতে এই অয়েল পাম গাছের চারা রোপণ করা হয়েছে। এরমধ্যে বামুটিয়া ব্লকের ৬৪ হেক্টর, জিরানীয়া ব্লকের ৩৬.৭হেক্টর, মান্দাই ব্লকের ১৪২.৫ হেক্টর, বেলবাড়ি ব্লকের ১৩৩ হেক্টর, মোহনপুর ব্লকের ৪৪.৩৬ হেক্টর, হেজামারা ব্লকের ১১৩.৩২ হেক্টর, লেফুঙ্গা ব্লকের ৩০.৪ হেক্টর এবং ডুকলি ব্লকের ১৪ হেক্টর জমিতে অয়েল পাম গাছের চারা রোপণ করা হয়েছে। পশ্চিম জেলা উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ উপঅধিকর্তার কার্য্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

# নেশামুক্ত সমাজ গঠনে ইসকনের উদ্যোগ, ভগবদ গীতা ভিত্তিক প্রতিযোগিতায় যোগদানের আহ্বান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর: যুবসমাজকে নেশা ও বিভিন্ন সামাজিক সমস্যার হাত থেকে দূরে রাখতে এবং মানসিকভাবে সুস্থ ও সঠিক পথে চালিত করতে ইসকন একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। নেশামুক্ত ভারত গড়ার লক্ষ্যে ইসকনের বিভিন্ন ধারাবাহিক কর্মসূচি ইতিমধ্যেই সমাজে ইতিবাচক প্রভাব ফেলেছে।

ইসকন কর্তৃপক্ষ জানিয়েছে, ছাত্রসমাজকে মূল্যবোধ, আত্মনিয়ন্ত্রণ এবং ইতিবাচক জীবনদর্শন শেখানোর উদ্দেশ্যে ষষ্ঠ শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি এবং তার বেশি বয়সী শিক্ষার্থীদের জন্য ভগবদ গীতা বিষয়ক প্রতিযোগিতা আয়োজিত হতে চলেছে। তাদের মতে, ভগবদ গীতার জ্ঞান তরুণদের নানান আসক্তি থেকে দূরে রাখতে সহায়তা করে।

গত বছর ত্রিপুরার রাজ্যপালের উপস্থিতিতে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ৭৯৩ জন শিক্ষার্থী একত্রে নেশামুক্ত ভারত গড়ার শপথ গ্রহণ করেছিলেন। এ বছর আরও বড় পরিসরে ছাত্রছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্য নিয়েছে ইসকন।

ইসকনের বক্তব্য, “ভগবদ গীতার শিক্ষা মানসিক অশান্তি ও নিম্নচেতনা দূর করে। যত বেশি সংখ্যক শিক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশ নেবে, তত বেশি তরুণ সরাসরি উপকৃত হবে এবং সমাজ আরও নেশামুক্ত ও সুস্থ পথে এগোবে।”

আগামী দিনে নেশামুক্ত সমাজ গঠনে এই উদ্যোগ আরও বড় ভূমিকা পালন করবে বলেই আশা সংশ্লিষ্ট মহলের।

াঙ্গন

# সৈয়দ মুস্তাক আলী টি-২০ ক্রিকেটে রাজস্থানের কাছেও হারলো ত্রিপুরা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। রাজস্থানের কাছেও হারলো ত্রিপুরা। প্রথম ম্যাচে সৌরাষ্ট্রের কাছে চার উইকেটে পরাজয় দিয়ে শুরু হলেও আজ দ্বিতীয় ম্যাচে রাজস্থানের কাছে কিন্তু ত্রিপুরা দল হেরেছে পাঁচ উইকেটের ব্যবধানে। খেলা সৈয়দ মুস্তাক আলী টি-টোয়েন্টি ট্রফি ক্রিকেটে। জাতীয় সিনিয়র ক্রিকেট। এ শ্রেণীভুক্ত। এ ধরনের লাগাতার পরাজয় রাজ্য দলের অবস্থান প্রশ্ন চিহ্নের সম্মুখীন হতে হচ্ছে। আমেদাবাদের মতেরায় নরেন্দ্র মোদী স্টেডিয়াম বি গ্রাউন্ডে সকালে ম্যাচ শুরুতে টস জিতে রাজস্থান দলের দলনেতা সুথার প্রথমে বোলিং এর সিদ্ধান্ত নেয়। ত্রিপুরা দল ব্যাটিং এর আমন্ত্রণ পেয়ে নির্ধারিত কুড়ি ওভারে সাত উইকেট হারিয়ে ১৬৯ রান সংগ্রহ করে। দলের পক্ষে মনি শংকর মুরাসিং সর্বাধিক ৪০ রান পায়। মনি শংকর ১৭ বল খেলে তিনটি করে বাউন্ডারি ও ওভার বাউন্ডারি হাঁকিয়ে চল্লিশ রান সংগ্রহ করে। এছাড়া শ্রীদাম পালের ৩৭ রান এবং হনুমা বিহারীর ৩৬ রান কিছুটা উল্লেখযোগ্য। স্বপ্নীল সিং অপরাজিত ছিল ১৬ রান সংগ্রহ করে। রাজস্থানের কমলেশ নাগরাকুটি ৩৪ রানে তিনটি এবং এ শর্মা ১৮ রানে দুটি উইকেট পায়। জবাবে ব্যাট করতে নেমে রাজস্থান রোমাঞ্চকর ভাবে সাত বল বাকি থাকতে পাঁচ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছায়। ওপেনিং জুটিতে শুভম গাড়োয়ালের অর্ধশতক দলকে শক্তি যোগায়। শুভম কুড়ি বল খেলে পাঁচটি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারি মেরে ৫১ রান সংগ্রহ করে। এছাড়া রাঠোরের অপরাজিত ৩৩ রান এবং ওপেনার শর্মার ২২ রান উল্লেখযোগ্য। ত্রিপুরার বোলার স্বপ্নীল সিং ৪২ রানে তিনটি এবং ভিকি সাহা ২৭ রানে দুটি উইকেট পেয়েছেন। দুর্দান্ত অর্ধশতকের স্বীকৃতি হিসেবে শুভম পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব। এলিট ডি গ্রুপের অপর খেলায় দিল্লি ছয় উইকেটের ব্যবধানে তামিলনাড়ু কে এবং উত্তরাখন্ড ৬ উইকেট এর ব্যবধানে সৌরাস্ট্র কে হারিয়ে প্রথম জয়ের সাধ পেয়েছে।

# অনূর্ধ ২৩ টি-২০ ট্রফি প্লেট গ্রুপে মহিলা ক্রিকেটের ৩টি ম্যাচ আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। মহিলাদের অনূর্ধ ২৩ টি-টোয়েন্টি ট্রফি প্লেট গ্রুপের খেলায় জয়ের হ্যাটট্রিক করে পন্ডিচেরি শীর্ষস্থানে রয়েছে। আগামীকাল অনুষ্ঠিত হচ্ছে চতুর্থ রাউন্ডের খেলা। মূলতঃ উত্তর-পূর্ব ভারতের পাঁচটি রাজ্য দলের পাশাপাশি পন্ডিচেরিও রয়েছে এই গ্রুপে। আগামীকাল (শনিবার) সকালে এমবিবি স্টেডিয়ামে অরুনাচল প্রদেশ এবং মিজোরাম পরস্পরের মুখোমুখি হবে। একই সময়ে পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে মেঘালয় খেলবে নাগাল্যান্ডের বিরুদ্ধে। বেলা সাড়ে বারোটায় পুলিশ ট্রেনিং একাডেমি গ্রাউন্ডে দিনের তৃতীয় খেলায় মনিপুর এবং পন্ডিচেরি পরস্পরের মুখোমুখি হবে। ইতোমধ্যে গত চার দিনে তিন রাউন্ডের খেলা শেষে পন্ডিচেরি পরপর তিন ম্যাচে জয়ী হয়ে অর্থাৎ জয়ের হ্যাটট্রিক করে ১২ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে।

একইভাবে মনিপুর দুই ম্যাচে জয়ী হলেও রান রেটের নিরিখে দ্বিতীয় স্থানে রয়েছে।

নাগাল্যান্ড রয়েছে তৃতীয় স্থানে ৮ পয়েন্ট নিয়ে।

নাগাল্যান্ড দলও টানা দুই ম্যাচে জয় অব্যাহত রেখে ৮ পয়েন্ট পেলেও রানের গড়ের নিরিখে তাঁদের অবস্থান দ্বিতীয় শীর্ষে। অপর খেলায় মনিপুর ৩৪ রানের ব্যবধানে অরুনাচল প্রদেশকে এবং মেঘালয় ১৯ রানের ব্যবধানে মনিপুরকে পরাজিত করে তৃতীয় এবং চতুর্থ শীর্ষে অবস্থান করছে। মিজোরামের ইচ্ছা রয়েছে আগামীকাল চতুর্থ ম্যাচের মাথায় প্রথম জয় ছিনিয়ে ঘুরে দাঁড়ানোর। অপরদিকে জয়ে ফিরতে চাইছে মেঘালয়, নাগাল্যান্ডও।

# ভারতের বিশ্বজয়ী দৃষ্টিহীন মহিলা ক্রিকেট দলের সঙ্গে সাক্ষাৎ প্রধানমন্ত্রীর, ক্রিকেটারদের নিজের হাতে লাড্ডু খাওয়ালেন মোদী

ভারতের মহিলা দল বিশ্বচ্যাম্পিয়ন হওয়ার পর হরমনপ্রীত কৌর, স্মৃতি মন্ধানাদের সঙ্গে দেখা করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এ বার ভারতের আরও এক বিশ্বজয়ী দলের ক্রিকেটারদের সঙ্গে দেখা করলেন তিনি। কয়েক দিন আগে দৃষ্টিহীন মহিলাদের প্রথম টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছে ভারত। সেই দলের ক্রিকেটারদের সংবর্ধনা দিয়েছেন প্রধানমন্ত্রী।

বৃহস্পতিবার দিল্লিতে প্রধানমন্ত্রীর বাসভবনে যান ক্রিকেটারেরা। সেখানেই তাঁদের সঙ্গে দেখা করেন মোদী। দলের সকলের স্বাক্ষর করা একটি ব্যাট মোদীর হাতে তুলে দেন ক্রিকেটারেরা। পাল্টা প্রধানমন্ত্রীও তাঁর স্বাক্ষর করা একটি বল ক্রিকেটারদের উপহার হিসাবে দেন।

ক্রিকেটারদের নিজের হাতে লাড্ডুও খাইয়ে দেন মোদী। সংবর্ধনার পর ক্রিকেটারদের সঙ্গে কথাও বলেন তিনি।

বিশ্বকাপের ফাইনালে কলম্বোর মাঠে নেপালকে সাত উইকেটে হারিয়েছেন ভারতের মেয়েরা। অপরাজিত থেকে চ্যাম্পিয়ন হয়েছেন তাঁরা। নিজেদের অভিজ্ঞতা প্রধানমন্ত্রীর সঙ্গে ভাগ করে নিয়েছেন তাঁরা। ঠিক একই ভাবে বিশ্বকাপজয়ী হরমনদের অভিজ্ঞতা শুনেছিলেন প্রধানমন্ত্রী। ভারতের দৃষ্টিহীন মহিলা দল বিশ্বকাপ জেতার পরেই এক্স হ্যান্ডলে শুভেচ্ছা জানিয়েছিলেন প্রধানমন্ত্রী। তিনি লিখেছিলেন, ''দৃষ্টিহীন মহিলাদের প্রথম টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতে ইতিহাস তৈরি করার জন্য ভারতীয় দলকে শুভেচ্ছা। গোটা প্রতিযোগিতায় অপরাজিত থেকেছে তারা। কঠোর পরিশ্রম, জেদ ও দলগত খেললে যে সাফল্য আসবে, এটা তার সবচেয়ে বড় উদাহরণ। দলের প্রত্যেক ক্রিকেটার চ্যাম্পিয়ন। ভবিষ্যতের জন্য এই দলকে আমার শুভেচ্ছা।'' সমাজমাধ্যমে শুভেচ্ছা জানিয়েই ক্ষান্ত থাকলেন না প্রধানমন্ত্রী, এ বার সকলের সঙ্গে দেখা করলেন তিনি।

# ১৩ বছর আগের এক প্রতিজ্ঞা, তাই বাড়িতে বসে আছি!' অবসরের কারণ জানালেন অশ্বিন

কেন হঠাৎ সিরিজের মাঝে অবসর নেন রবিচন্দ্রন অশ্বিন? নেপথ্যে কি কারও চাপ ছিল? কেউ কি বাধ্য করেছিলেন তাঁকে? না। অশ্বিন নিজেই জানিয়েছেন তাঁর অবসরের কারণ। ১৩ বছর আগের এক প্রতিজ্ঞার জন্য আন্তর্জাতিক ক্রিকেট ছাড়তে হয়েছে তাঁকে।

চলতি বছরের শুরুতে অস্ট্রেলিয়া সফরের মাঝে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নেন অশ্বিন। সাংবাদিক বৈঠকে রোহিত শর্মার সঙ্গে হাজির হয়ে নিজের সিদ্ধান্ত জানিয়ে দেন তিনি। নিজের ইউটিউব চ্যানেলে অশ্বিন জানিয়েছেন, ১৩ বছরের আগে এক প্রতিজ্ঞা করেছিলেন তিনি। সেটাই তাঁকে থামতে বাধ্য করেছে।

অশ্বিন বলেন, ''২০১২ সালে দেশের মাটিতে ইংল্যান্ডের কাছে হারের পর প্রতিজ্ঞা করেছিলাম, এর পর আবার যে দিন আবার দেশের মাটিতে টেস্ট সিরিজ হারব, তার পরেই অবসর নেব। গত বছর নিউ জিল্যান্ডের কাছে হারের পরেই ঠিক করে নিই, এ বার সময় হয়েছে। তাই ঘরে বসে আছি। ওই হার মন ভেঙে দিয়েছিল।'' অশ্বিনের আশা, দক্ষিণ আফ্রিকার কাছে হারের পরে এখনকার ক্রিকেটারেরাও নিজেদের বদল করার চেষ্টা করবেন। কিছু প্রতিজ্ঞা করে তা পূরণ করার চেষ্টা করবেন তাঁরা।অশ্বিন জানিয়েছেন, তাঁর সিদ্ধান্ত শুনে সকলেই অবাক হয়েছিলেন। অনেকে তো তাঁকে আবার ভাবতেও বলেছিলেন। ভারতের প্রাক্তন স্পিনারের কথায়, ''আমাকে কেউ চলে যেতে বলেনি। উল্টে অনেকেই বলেছিল, ভেবে দেখতে। ওরা চেয়েছিল আমি আরও খেলি। রোহিত আমাকে ভাবতে বলেছিল। গৌতি ভাই বলেছিল। তবে আগরকরের সঙ্গে এই বিষয়ে আমি খুব একটা কথা বলিনি।''

অস্ট্রেলিয়া সফরের মাঝে অবসর নিয়ে দেশে ফিরে আসেন অশ্বিন। তার পর আইপিএল থেকেও অবসর নেন তিনি। অস্ট্রেলিয়ার ঘরোয়া লিগ বিগ ব্যাশে খেলার ইচ্ছাপ্রকাশ করেছিলেন তিনি। দলও পান অশ্বিন। কিন্তু চোটের কারণে খেলতে যেতে পারেননি তিনি।

# চোট পেয়ে অন্তত তিন সপ্তাহ মাঠের বাইরে শ্রেয়স, দক্ষিণ আফ্রিকা সিরিজে খেলা নিয়ে ধোঁয়াশা

ব্রাইটনকে হারিয়ে ইপিএলে জয়ের হ্যাটট্রিক, প্রথম চারে ম্যাঞ্চেস্টার ইউনাইটেড, দলের খেলায় খুশি ম্যানেজার আমোরিম

ব্রাইটনকে ৪-২ গোলে হারাল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। একই সঙ্গে ইংলিশ প্রিমিয়ার লিগের পয়েন্ট তালিকায় প্রথম চারের মধ্যে চলে এল রুবেন আমোরির দল। গত সপ্তাহে অ্যানফিল্ডে লিভারপুলের বিরুদ্ধে জয়ের থেকেও ব্রাইটনের বিরুদ্ধে জয়কে এগিয়ে রেখেছেন ম্যান ইউ ম্যানেজার। এই নিয়ে টানা তিনটি ম্যাচ জিতল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড।শনিবার ব্রাইটনের বিপক্ষে শুরু থেকেই আগ্রাসী ফুটবল খেলে ম্যাঞ্চেস্টার। ওল্ড ট্র্যাফোর্ডের এই ম্যাচে ২৪ মিনিটে গোল করে ম্যান ইউকে এগিয়ে দেন ম্যাথেউস কুনহা। ঠিক ১০ মিনিট পর ম্যাচের ৩৪ মিনিটে ম্যাঞ্চেস্টারের হয়ে দ্বিতীয় গোল করেন ক্যাসেমিরো। ২-০ ব্যবধানে এগিয়ে থেকে প্রথমার্ধের খেলা শেষ করে ম্যাঞ্চেস্টার। দ্বিতীয়ার্ধেও আগ্রাসী ফুটবল থেকে সরে আসেনি আমোরির দল। ৬১ মিনিটে দলের পক্ষে তৃতীয় গোল ব্রায়ান এমবিউমোর। ০-৩ ব্যবধানে পিছিয়ে পড়ার পর গোল শোধ করার জন্য মরিয়া হয়ে ওঠেন ব্রাইটনের ফুটবলারেরা। ৭৪ মিনিটে ব্যবধান কমান ড্যানি ওয়েলব্যাক। সংযুক্ত সময়ের শুরুতে ব্রাইটনের হয়ে দ্বিতীয় গোল করে লড়াই জমিয়ে দেন চারালাম্পোস কোস্তোলাস। শেষ কয়েক মিনিট আক্রমণ-প্রতিআক্রমণে জমে ওঠে খেলা। ম্যাচ ড্র করার জন্য আরও মরিয়া হয়ে ওঠেন ব্রাইটনের ফুটবলারেরা। তবে লাভ হয়নি। ম্যাচের প্রায় শেষ মুহূর্তে ম্যাঞ্চেস্টারের হয়ে চতুর্থ গোল করে তিন পয়েন্ট নিশ্চিত করেন এমবিউমো।শনিবার জয়ের ফলে পয়েন্ট তালিকায় চতুর্থ স্থানে উঠে এসেছে ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। ৯ ম্যাচে তাদের সংগ্রহ ১৬ পয়েন্ট। ৮ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে শীর্ষে আর্সেনাল। ৯ ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে সাদারল্যান্ড। ৮ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে রয়েছে ম্যাঞ্চেস্টার সিটি। অর্থাৎ, শনিবার জয়ের সুবাদে আর এক ম্যাঞ্চেস্টারকে পয়েন্টের নিরিখে ধরে ফেলল ম্যান ইউ।২০১৬ সালের পর গত সপ্তাহে প্রথম বার লিভারপুলের ঘরের মাঠে জয় পেয়েছে ম্যান ইউ। সেই জয়ের থেকেও ব্রাইটনের বিরুদ্ধে তিন পয়েন্ট পাওয়াকে এগিয়ে রেখেছেন আমোরিম। ম্যাচের পর ফুটবলারদের প্রশংসা শোনা গিয়েছে তাঁর মুখে। তিনি বলেছেন, ''মাঠে কখন কী করতে হবে, তা সব ফুটবলারেরা দারুণ ভাবে বুঝে গিয়েছে। হ্যাঁ, শেষ দিকে আমরা একটু চাপে পড়ে গিয়েছিলাম। তবে কষ্ট ছাড়া জয় অসম্পূর্ণ মনে হয়। আমার মতে, লিভারপুল ম্যাচের থেকেও ব্রাইটনের বিরুদ্ধে আমরা অনেক ভাল খেলেছি। এই ম্যাচটার পর নিজেকে পরিপূর্ণ ম্যানেজার মনে হচ্ছে।''

## মহিলা অনূর্ধ ২৩ টি-২০ ক্রিকেটে ত্রিপুরা কর্ণাটক মুখোমুখি আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। কর্ণাটক জয়ের জন্য ত্রিপুরা দল যেন মরিয়া। মহিলাদের অনূর্ধ ২৩ টি-টোয়েন্টি ট্রফি ক্রিকেটে। বিসিসিআই আয়োজিত হরিয়ানায় এলিট সি গ্রুপের খেলায় ত্রিপুরা দল পর পর তিন ম্যাচে হেরে অনেকটাই পিছিয়ে রয়েছে। আগামীকাল ত্রিপুরা কর্ণাটক ম্যাচের মতো আসাম খেলবে তামিলনাড়ুর বিরুদ্ধে এবং অপর খেলায় চন্ডিগড়ও উত্তর প্রদেশের মুখোমুখি হবে। তামিলনাড়ু এ পর্যন্ত টানা তিনটি ম্যাচ জয়ী হয়ে অর্থাৎ জয়ের হ্যাটট্রিকের সুবাদে পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে। পিছিয়ে পড়া ত্রিপুরা লাগাতর তিন ম্যাচে যথাক্রমে তামিলনাড়ুর কাছে সাত উইকেটে, আসামের কাছে নয় উইকেটে এবং উত্তর প্রদেশের কাছে সাত উইকেটে পরাজিত হয়ে তালিকার তলানিতে অবস্থান করছে। দেরিতে হলেও আগামীকাল ত্রিপুরা দল চাইছে কর্ণাটকের বিরুদ্ধে ম্যাচ জিতে নিতে। পক্ষান্তরে কর্ণাটক প্রথম ম্যাচে উত্তরপ্রদেশের কাছে ৫ উইকেটে পরাজিত হলেও পরবর্তী দুই ম্যাচে যথাক্রমে চন্ডিগড় কে সাত উইকেটে এবং আসামকে ৭ উইকেটে পরাজিত করে, কর্ণাটক দল এখন মুখিয়ে রয়েছে ত্রিপুরাকে আগামীকাল পরাজিত করে জয়ের হ্যাটট্রিক করে নিতে।

## অনূর্ধ ১৫ ক্রিকেট দ্বি-মুকুট জয়ের লক্ষ্যে চাম্পামুড়া আজ দশমীঘাটের মুখোমুখি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। চাম্পামুড়া প্লে সেন্টারের সামনে দ্বি-মুকুট জয়ের স্বপ্ন। আগামীকাল (শনিবার) টিআইটি গ্রাউন্ডে সদর অনূর্ধ ১৫ ক্রিকেটের ফাইনাল ম্যাচে চাম্পামুড়া প্লে সেন্টার ও দশমীঘাট প্লে সেন্টার পরস্পরের মুখোমুখি হচ্ছে। আয়োজক টিসিএ। উল্লেখ্য, ১৭ টি প্লে সেন্টার এবং কোচিং সেন্টারের মধ্যে সদর অনূর্ধ ১৫ ক্রিকেট শুরু হয়েছিল ১৮ অক্টোবর থেকে। দুটি গ্রুপে ভাগ করে লীগ পর্যায়ের খেলা শেষে দুই গ্রুপের চারটি করে আটটি দলকে নিয়ে কোয়ার্টার ফাইনাল শেষে সেমিফাইনালের পর আগামীকাল চূড়ান্ত ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে। সেমিফাইনাল ম্যাচে চাম্পামুড়া প্লে সেন্টার ৯ উইকেটের বড় ব্যবধানে প্রগতি প্লে সেন্টারকে এবং দশমীঘাট প্লে সেন্টার তিন উইকেটের ব্যবধানে ক্রিকেট অনুরাগীকে পরাজিত করে ফাইনালে আগামীকাল পরস্পরের মুখোমুখি হচ্ছে।

## সৈয়দ মোদী ব্যাডমিন্টনে জোড়া অঘটন, প্রাক্তন বিশ্বজয়ী ওকুহারাকে হারাল ১৬ বছরের তনভি, প্রণয়কে হারালেন মনরাজ

সৈয়দ মোদী আন্তর্জাতিক ব্যাডমিন্টনে জোড়া অঘটন। প্রাক্তন বিশ্বচ্যাম্পিয়ন নোজোমি ওকুহারাকে হারিয়ে দিল ভারতের উঠতি ব্যাডমিন্টন খেলোয়াড় তনভি শর্মা। এইচএস প্রণয় হারলেন ভারতের আর এক উঠতি খেলোয়াড় মনরাজ সিংহের কাছে। ১৬ বছরের তনভি পিছিয়ে পড়েও জয় ছিনিয়ে নিয়েছে। ৫৯ মিনিটের লড়াইয়ে জাপানের ওকুহারাকে হারিয়েছে ১৩-২১, ২১-১৬, ২১-১৯ ব্যবধানে। জুনিয়র বিশ্বচ্যাম্পিয়নশিপে রুপোজয়ী তনভি প্রথম গেমে খুব একটা সুবিধা করতে পারেনি। প্রত্যাশা মতো সহজেই জিতে যান ওকুহারা। পিছিয়ে পড়লেও হাল ছাড়েনি তনভি। পাল্টা লড়াইয়ে ছিনিয়ে নেয় দ্বিতীয় গেম। এর পর নির্ণায়ক তৃতীয় গেমে হাড্ডাহাড্ডি লড়াই হয় দুই প্রতিপক্ষের। শেষ পর্যন্ত ২১-১৯ ব্যবধানে গেম এবং

# আয়ারল্যান্ডের কাছে বাংলাদেশের হার! লিটনদের ব্যাটিং ব্যর্থতায় কাজে এল না হৃদয়ের লড়াই

টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু হতে আর তিন মাসও বাকি নেই। ফলে অনেক দেশই ছোট ফরম্যাটের সিরিজ খেলে বিশ্বকাপের প্রস্তুতি সেরে ফেলছে। বাংলাদেশও সেই লক্ষ্যে নেমেছিল। কিন্তু শুরুটা ভাল হল না তাদের। ঘরের মাঠে টি-টোয়েন্টি সিরিজের প্রথম ম্যাচে আয়ারল্যান্ডের কাছে ৩৯ রানে হারল তারা।

চট্টগ্রামের মাঠে টস জিতে প্রথমে বল করার সিদ্ধান্ত নেন বাংলাদেশের অধিনায়ক লিটন দাস। কিন্তু শুরুটা ভাল করতে পারেনি বাংলাদেশ। আয়ারাল্যান্ডের দুই ওপেনার অধিনায়ক পল স্টার্লিং ও টিম টেক্টর প্রতি ওভারে ১০ রান করে করছিলেন। পাওয়ার প্লে কাজে লাগান তাঁরা। বাংলাদেশকে ম্যাচে ফেরান তানজিম হাসান সাকিব। ২১ রানের মাথায় স্টার্লিংকে আউট করেন তিনি।

অধিনায়ক আউট হওয়ার পর হ্যারি টেক্টর জুটি বাঁধেন টিমের সঙ্গে। ১৯ বলে ৩২ রান করে রিশাদ হোসেনের বলে আউট হন টিম। হ্যারি অর্ধশতরান করেন। ৪৫ বলে ৬৯ রানের ইনিংস খেলেন তিনি। শেষ দিকে কার্টিস ক্যাম্ফার ২৪ রান করেন। ২০ ওভারে ৪ উইকেট হারিয়ে ১৮১ রান করে আয়ারল্যান্ড। জবাবে রান তাড়া করতে নেমে পাওয়ার প্লে-র মধ্যেই ৪ উইকেট হারায় বাংলাদেশ। প্রথম চার ব্যাটারের কেউ দুই অঙ্কের রান করতে পারেননি। ব্যাট হাতে ব্যর্থ তানজিদ হাসান তামিম (২), পারভেজ হোসেন ইমন (১), অধিনায়ক লিটন (১) ও সইফ হাসান (৬)। একাই লড়াই করেন তৌহিদ হৃদয়। জাকের আলি (২০) কিছুটা সঙ্গ দেন তাঁকে।

সেই জুটি ভাঙার পর আবার একই হাল বাংলাদেশের। ৫০ বলে ৮৩ রান করে অপরাজিত থাকেন হৃদয়। দেখে মনে হচ্ছিল, তিনি এক পিচে খেলছেন ও বাকি সকলে অন্য পিচে। সাতটি চার ও তিনটি ছক্কা মারেন হৃদয়। সঙ্গে আর এক জনকে পেলে হয়তো দলকে জিতিয়ে দিতেন তিনি। কিন্তু একা আর কত লড়বেন হৃদয়। ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ১৪২ রান করে বাংলাদেশ। ৩৯ রানে হারে তারা।

আয়ারল্যান্ডের বোলারদের মধ্যে ম্যাথু হামফ্রিস ৪ ও ব্যারি ম্যাকার্থি ৩ উইকেট নেন। ঘরের মাঠে যে ভাবে আয়ারল্যান্ডের বোলারদের সামনে বাংলাদেশের ব্যাটারেরা আত্মসমর্পণ করলেন তা চিন্তায় রাখবে সমর্থকদের।

# ফুটবলে নতুন নজির রোনাল্ডোর, সৌদি প্রো লিগে আবার জিতল আল নাসের, পয়েন্ট তালিকায় কোথায় ক্রিশ্চিয়ানোর দল?

আবার নজির গড়ে ফেললেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। পেশাদার ফুটবলে ৯৫০ গোল করে ফেললেন পর্তুগিজ ফুটবলার। জিতল তাঁর দল আল নাসেরও। সৌদি প্রো লিগে শনিবার রাতে ২-০ গোলে তারা হারিয়েছে আল হাজেমকে। ম্যাচের পর সমর্থকদের উদ্দেশে বার্তাও দিয়েছেন রোনাল্ডো।ম্যাচের প্রথমার্ধে আল নাসেরের দাপটকে ঠেকিয়ে রেখেছিল আল হাজেম। তাদের গোলকিপার ব্রুনো ভারেলা দুটো দারুণ সেভ করেন। গোল করতে দেননি অ্যাঞ্জেলো গ্যাব্রিয়েল এবং সাদিয়ো মানেকে। ২৫ মিনিটে গোল করে আল নাসের। আয়মান ইয়াহিয়া লম্বা বল পেয়ে বাঁ প্রান্ত ধরে দৌড়ে বক্সে ক্রস রাখেন। বিপক্ষের বক্সে অরক্ষিত ছিলেন জোয়াও ফেলিক্স। তিনি হেডে গোল করেন।দ্বিতীয়ার্ধে সমতা ফেরানোর জন্য মরিয়া হয়ে ওঠে আল হাজেম।

তাদের বক্সে ঢুকতেই পারছিলেন না আল নাসেরের ফুটবলারেরা। রোনাল্ডো নিজে কিংসলে কোমান এবং মানেকে দু'টি পাস বাড়ালেও নিজে গোলমুখ খুঁজে পাচ্ছিলেন না।

অবশেষে কোমানের পাস থেকে গোল করেন তিনি।পেশাদার ফুটবলে ৯৫০তম গোল করার পর রোনাল্ডো সমাজমাধ্যমে লিখেছেন, ''দলকে সাহায্য করতে পেরে এবং ৯৫০ গোল করতে পেরে খুশি।

আরও বেশি গোল করার জন্য ক্ষুধার্ত।'' রোনাল্ডো কিছু দিন আগেই একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে গিয়ে জানিয়েছিলেন, তাঁর লক্ষ্য ১০০০টি গোল করা। সেই লক্ষ্যের পিছনেই তিনি ধাওয়া করছেন।

এমনকি পরিবার তাঁকে অবসর নেওয়ার কথা বললেও তিনি সেটা নিয়ে ভাবছেন না। সৌদি প্রো লিগে সব ক'টিই ম্যাচেই জিতল আল নাসের। ১৮ পয়েন্ট নিয়ে তারা শীর্ষে রয়েছে।

# এক বছর সুযোগ পাননি এক দিনের দলে, সেই শেফালিই বিশ্বকাপ সেমির আগে হরমনপ্রীতদের সাজঘরে

বিশ্বকাপের সেমিফাইনালের আগে ভারতীয় দলে ডাক পেলেন শেফালি বর্মা। বাংলাদেশের বিরুদ্ধে চোট পেয়ে প্রতিযোগিতা থেকে ছিটকে গিয়েছেন প্রতিকা রাওয়াল। তাঁর পরিবর্ত হিসাবে হরমনপ্রীত কৌরদের শিবিরে যোগ দিলেন শেফালি।

মহিলাদের এক দিনের বিশ্বকাপে ভারতীয় দলে সুযোগ পাননি শেফালি। রিজার্ভ ক্রিকেটারদের তালিকাতেও ছিল না তাঁর নাম। কিন্তু অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সেমিফাইনালের আগে বিপাকে পড়ে তাঁকেই দলে নিতে হল নির্বাচকদের। বিশ্বকাপের দল নির্বাচনের সময় স্মৃতি মন্ধানার সঙ্গে ওপেনার হিসাবে প্রতিকাকে অগ্রাধিকার দিয়েছিলেন নির্বাচকেরা। ধারাবাহিকতাকে গুরুত্ব দিয়েছিলেন তাঁরা। সে কারণেই ছিটকে যান শেফালি। তা ছাড়া ২০২৪ সালের অক্টোবরের পর এক দিনের আন্তর্জাতিক ম্যাচ না খেলাও শেফালির বিপক্ষে গিয়েছিল। যদিও 'এ' দলের হয়ে ৫০ ওভারের ম্যাচ খেলেছেন। গত সেপ্টেম্বরে অস্ট্রেলিয়া 'এ' দলের বিরুদ্ধে ৫২ এবং নিউ জিল্যান্ড 'এ' দলের বিরুদ্ধে ৭০ রানের ইনিংস খেলেছেন শেফালি।আগ্রাসী মেজাজে খেলা সেই দুই ইনিংসের সুবাদেই সেমিফাইনালের আগে বিশ্বকাপের দলে ঢুকে পড়লেন ২১ বছরের ব্যাটার।

ভারতের এক দিনের দলে সুযোগ না পেলেও ঘরোয়া ৫০ ওভারের ক্রিকেটে গত মরসুমে হরিয়ানার হয়ে ৭৫.২৮ গড়ে ৫২৭ রান করেছেন শেফালি। তাঁর স্ট্রাইক রেট ছিল ১৫২.৩১। বাংলার বিরুদ্ধে খেলেছিলেন ১১৫ বলে ১৯৭ রানের ইনিংস। মহিলাদের প্রিমিয়ার লিগেও দিল্লি ক্যাপিটালসের হয়ে ১৫২.৭৬ স্ট্রাইক রেটে করেন ৩০৪ রান। মনে করা হচ্ছে, আগামী ৩০ অক্টোবর অস্ট্রেলিয়ার বিরুদ্ধে মন্ধানার সঙ্গে শেফালিই ভারতের ইনিংস শুরু করবেন। ফলে রিজার্ভ তালিকাতে না থেকেও সরাসরি বিশ্বকাপ সেমিফাইনালের মতো গুরুত্বপূর্ণ ম্যাচ খেলার সুযোগ পাবেন তিনি। সেটা হলে এক বছর পর আবার ভারতের হয়ে এক দিনের ম্যাচ খেলবেন শেফালি। তবে উমা ছেত্রী, হারলিন দেওল, আমনজ্যোৎ কৌরেরাও ইনিংস শুরু করতে পারেন।

প্রতিকার মতো শেফালিও অফ স্পিন করতে পারেন। তবে বোলার হিসাবে প্রতিকা বেশি কার্যকর। সে দিক থেকে বোলিং আক্রমণের বিকল্প কিছুটা কমবে হরমনপ্রীতের। দেশের হয়ে এখনও পর্যন্ত পাঁচটি টেস্ট, ২৯টি এক দিনের ম্যাচ এবং ৯০টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন শেফালি।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন

নতুন ধারায়

রেণ্‌বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন

প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১

মোবাইল :- ৯৪৩৬১২৩৭২০

ই-মেল : rainbowprintingworks@gmail.com

Page 3_5_7.pmd 1 28-11-2025, 23:01

# জমি ডিমার্কেশন নোটিশে ক্ষোভ, তহশিলদারকে রাস্তায় আটকে বিক্ষোভ জনজাতি পরিবারের

আগরতলা, ২৮ নভেম্বর: হেজামারা ব্লকের বৈকুণ্ঠপুর ও চাঁদপুর তহশিল এলাকার বহু পুরনো জনজাতি বসতি জুড়ে তীব্র উত্তেজনা ছড়াল। রেভিনিউ সার্কেল অফিসের পক্ষ থেকে ২৭টি জনজাতি পরিবারকে জমি ডিমার্কেশনের নোটিশ ধরিয়ে দেওয়ার ঘটনায় ক্ষোভ ফেটে পড়ে গ্রামবাসীদের মধ্যে। আজ সকালেই ক্ষুব্ধ মহিলারা পথে নেমে তহশিলদারকে আটকে রেখে বিক্ষোভ দেখান।

পরিবারগুলির দাবি, তারা প্রায় ৮০ বছর ধরে ওই জমিতে বসবাস করছেন। তাদের দখলে থাকা ৭২ একর জমির ওপর রয়েছে রাবার বাগান, ফল বাগান, বসতবাড়ি ও চাষাবাদ। বহু প্রজন্ম ধরে এই জমিই তাদের জীবিকা, তাই কোনভাবেই তারা ডিমার্কেশন হতে দেবেন না বলেই জানিয়ে দেন।

বিক্ষুব্ধ মহিলারা অভিযোগ করে বলেন, হঠাৎ করে নোটিশ দিয়ে এভাবে উচ্ছেদ করা যাবে না। এখানে বহু বছর ধরে বসবাস করছেন তারা। এই জমি ছেড়ে কোথায় যাবেন তারা। ঘটনার খবর পেয়ে প্রশাসনের অন্যান্য কর্মকর্তারা ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন। তবে গ্রামবাসীরা স্পষ্ট জানিয়েছেনজমি চিহ্নিতকরণের কাজে তারা বাধা দেবেন এবং নিজেদের জমি রক্ষায় যে কোনও আন্দোলনে যেতে প্রস্তুত। ঘটনায় এলাকা জুড়ে তীব্র চাঞ্চল্য বিরাজ করছে।

## গোপন তথ্যের ভিত্তিতে ১০ হাজার ইয়াবা সহ দুই নেশা কারবারি আটক

আগরতলা, ২৮ নভেম্বর: গোপন তথ্যের ভিত্তিতে রামনগর ফাঁড়ি পুলিশ ও আগরতলা পশ্চিম থানার পুলিশের যৌথ অভিযানে দুই নেশা কারবারিকে আটক করা হয়েছে। তাদের কাছ থেকে বিপুল পরিমাণ ইয়াবা ট্যাবলেট এবং একটি মোটরবাইক উদ্ধার করে পশ্চিম থানার পুলিশ।

আজ সংবাদমাধ্যমকে এসডিপিও দেবপ্রসাদ রায় জানান, ২৬ নভেম্বর গভীর রাতে গোপন খবর পেয়ে পুলিশ বিশেষ অভিযান পরিচালনা করে। ওই অভিযানে দুই নেশা কারবারিবামুটিয়ার বাসিন্দা সুজিত দত্ত এবং কালিকাপুরের বাসিন্দা সুমন সরকারকে আটক করা হয়।

এসডিপিও জানান, অভিযুক্তদের কাছ থেকে মোট ১০ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার হয়েছে। তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ইতিমধ্যেই আদালতে সোপর্দ করা হয়েছে। তিনি আরও জানান, অভিযুক্তদের রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদের পর প্রাথমিক তদন্তে আরও বেশ কয়েকজনের নাম উঠে এসেছে। সেই তথ্যের ভিত্তিতে ঘটনার মূল অভিযুক্তদের গ্রেপ্তারের লক্ষ্যে শীঘ্রই আরও অভিযান চালানো হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

# ১১দফা দাবিতে গণতান্ত্রিক নারী সমিতি পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের নিকট ডেপুটেশন প্রদান

আগরতলা, ২৮নভেম্বর: শুক্রবার ১১দফা দাবিতে গণতান্ত্রিক নারী সমিতি পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের নিকট ডেপুটেশন প্রদান করা হয়েছে। কিন্তু জেলা শাসক না থাকায় অতিরিক্ত জেলা শাসকের নিকট তারা তাদের দাবী সনদ তুলে দেয়।

এদিন ডেপুটেশনে নারী নেত্রীরা জানান, বর্তমান ভারতবর্ষে ক্ষুদ্রঋণ ব্যবস্থা শোষণের হাতিয়াতে পরিণত হয়েছে। বিশেষ করে নারীরা এই ঋনচক্রে ভয়ঙ্করভাবে জড়িয়ে পড়ছেন। এমএফআই এবং নন ব্যাংকিং ফিনান্সিয়াল কোম্পানি ২১-২৬ শতাংশ কিংবা আরো বেশি সুদে দরিদ্র পরিবারকে ঋন দিয়ে ব্যবসা চালিয়ে যাচ্ছে। এই ব্যবস্থার লাগাম টানা প্রয়োজন। হতদরিদ্র গরীব মানুষকে বাঁচাতে আরবিআই, কেন্দ্রিয় সরকার এবং রাজ্য সরকারকে দায়িত্ব নিতে হবে। নিম্নোক্ত দাবি নিয়ে সারা ভারত গণতান্ত্রিক নারী সমিতি ১১ দফা দাবি তুলে ধরে।

তাদের দাবি গুলি হল, সুদ নিয়ন্ত্রণ ও সীমাবদ্ধ করার জন্য আইন প্রণয়ন করতে হবে। আত্মহত্যা ও সম্পত্তি হারানো পরিবারগুলিকে আর্মিক সহায়তা ও পুনর্বাসনের জন্য তহবিল গঠন করতে হবে।

অবিবাহিত ও মহিলা প্রধান পরিবারকে ৪ শতাংশ সুদে ঋণ দিতে হবে।

সরকারী ব্যাঙ্কের সংখ্যা বৃদ্ধি করতে হবে। ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সিবিল রিপোর্ট বাধ্যতামূলক করা যাবেনা।

নন ব্যাংকিং ফিনান্সিয়াল কোম্পানি এবং এম এফ আই যে হারে ঋনগ্রহিতার উপর সুদ চাপিয়ে দিচ্ছে তা নিয়ন্ত্রণে আনতে রাজ্য সরকারকে ভূমিকা নিতে হবে। ঋণগ্রহীতাদের প্রতি কোনরকম জবরদস্তি বা হয়রানি শাস্তিযোগ্য অপরাধ হিসাবে গণ্য করতে হবে। জনধন অ্যাকাউন্টধারীকে সর্বোচ্চ ১ লক্ষ টাকা পর্যন্ত ঋণ পাওয়ার অধিকার দিতে হবে। আধার ও ঠিকানা যাচাই করে জামানত ছাড়াই ব্যানিজ্যিক ব্যাংকে ঋণ দেওয়ার বিশেষ স্কীম চালু করতে হবে।

কোভিড চলাকালীন ঋণগ্রস্ত পরিবারকে দেয়া প্রতিশ্রুতি অমান্য করা চলবে না। গরীব শ্রমজীবি ঋণগ্রস্ত পরিবারগুলি থেকে বিপিএল কার্ড তুলে নেয়া চলবে না।

## মব ভায়োলেন্স মোকাবিলায় সাব্রুম থানায় মহড়া

নিজস্ব প্রতিনিধি, সাব্রুম, ২৮ নভেম্বর: শুক্রবার সাবরুম থানায় অনুষ্ঠিত হয় মব ভায়োলেন্স মোকাবিলায় বিশেষ মহড়া। সাম্প্রতিক সময়ে ত্রিপুরায় মব ভায়োলেন্স বা উত্তেজিত জনতার আচমকা হিংসাত্মক আচরণের ঘটনা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে রাজ্য আরক্ষা প্রশাসনের নির্দেশে এ ধরনের মহড়া বিভিন্ন থানায় আয়োজন করা হচ্ছে।

এদিন সাব্রুম থানায় উত্তেজিত জনতাকে কীভাবে নিয়ন্ত্রণ ও ছত্রভঙ্গ করা যায়, সেই বিষয়ে একটি মক ড্রিল পরিচালিত হয়। মহড়াটির নেতৃত্ব দেন সাবরুম থানার ওসি অপু দাস এবং এএসআই পান্না লাল বনিক।

পুলিশ সূত্রে জানা গেছে, জনতা নিয়ন্ত্রণ, লাঠিচার্জের ধারাবাহিকতা, নিরাপদ দূরত্ব বজায় রেখে অভিযানের কৌশল, সুরক্ষা সরঞ্জাম ব্যবহারএসব বিষয় নিয়েই এদিনের মহড়া পরিচালিত হয়। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, মব ভায়োলেন্স প্রতিরোধ ও পরিস্থিতি নিয়ন্ত্রণে তৎপরতা বাড়াতে এ ধরনের মহড়া ভবিষ্যতেও চলবে।

# গোকুলনগর মধ্যপাড়ায় ধারাবাহিক চুরির ঘটনা, নাবালক, পুলিশের তৎপরতা নিয়ে ক্ষোভ এলাকাবাসীর

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৮ নভেম্বর: বিশালগড়ের গোকুলনগর মধ্যপাড়া এলাকায় ধারাবাহিক চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। এলাকাবাসীর অভিযোগের ভিত্তিতে সন্দেহভাজন এক নাবালক যুবককে আটক করে পুলিশের হাতে তুলে দেন স্থানীয়রা। পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ করে বিভিন্ন তথ্য নথিভুক্ত করেছে।

এলাকার বাসিন্দারা জানান, সম্প্রতি রেখা দাস নামে এক ব্যক্তি চুরির ঘটনায় যুক্ত থাকতে পারেন বলে সন্দেহ দেখা দিয়েছে। ৫ নম্বর ওয়ার্ডের পঞ্চায়েত সদস্যা জানান, রুমা দেবনাথ এবং সোমা দাস ওরফে স্বপ্না দাসের বাড়ি থেকেও কয়েকদিন আগে বহু সোনা—রুপার অলংকার চুরি হয়। গত ২১ তারিখ রাতে এক স্বর্ণালঙ্কার দোকানে চুরি হওয়া অলংকার বিক্রি করতে এসে সিসিটিভি ক্যামেরায় ধরা পড়ে সন্দেহভাজন। এর ভিত্তিতে বিভিন্ন বাড়িতে তল্লাশি চালায় পুলিশ। ইতিমধ্যে চুরির ঘটনায় একটি মামলা রুজু করে তদন্তও শুরু হয়েছে।এদিকে, বুধবার প্রমিলা বাহিনীর সদস্যারা একই এলাকায় সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করা এক যুবককে আটক করেন। পরবর্তীতে তার কাছ থেকে চুরি হওয়া কিছু অলংকার উদ্ধার হয়েছে বলে জানায় পুলিশ। যদিও আক্রান্ত পরিবারের অভিযোগ, এখনও বেশ কিছু সোনার অলংকার নিখোঁজ রয়েছে।

এলাকাবাসীর দাবি, থানার নিষ্ক্রিয়তার কারণে চোরের দল দিন দিন সাহসী হয়ে উঠছে। চুরি প্রতিরোধে পুলিশ গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে ব্যর্থ হওয়ায় তারা বাধ্য হয়েই নিজেরা উদ্যোগী হয়েছেন।

পুলিশ সূত্রে জানা গেছে, চলমান তদন্তে গোকুলনগর মধ্যপাড়া এলাকার আরও কয়েকজনের নাম সামনে আসতে পারে। অভিযোগের সত্যতা কতদূর প্রমাণিত হয়, এখন সেটিই দেখার বিষয়।

# এসআইআর ঃ দুই কোটি মতুয়া ভোটার বাদ পড়ার ‘শঙ্কা’ কমিশনকে চিঠি তৃণমূল সাংসদের

অভিজিৎ রায় চৌধুরী, নয়াদিল্লি, ২৮ নভেম্বর: চলমান এসআইআর প্রক্রিয়ার ফলে দেশের প্রায় দুই কোটি মতুয়া সম্প্রদায়ের জনগণ ভোটাধিকার হারাতে পারেনএমন আশঙ্কা ব্যক্ত করে মুখ্য নির্বাচন কমিশনারের কাছে উদ্বেগ জানালেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদ মমতা ঠাকুর।

তিনি বিষয়টিকে “অত্যন্ত গুরুতর” বলে উল্লেখ করে কমিশনকে বিষয়টি সতর্কতার সঙ্গে খতিয়ে দেখার অনুরোধ জানান।

তৃণমূল সাংসদের বক্তব্য, মতুয়া সম্প্রদায়ের বহু মানুষ স্বাধীনতার পরে এবং বিশেষ করে ১৯৭১ সালের বিভাজনের সময় বাংলাদেশ থেকে ভারতে আসেন। এদের একটি বড় অংশের কাছে নাগরিকত্বের প্রমাণ হিসেবে প্রয়োজনীয় ১১টি নথির কোনওটিই নেই। মতুয়া সম্প্রদায় ভারতজুড়ে বিভিন্ন রাজ্যে ছড়িয়ে রয়েছে এবং কিছু অঞ্চলে মোট জনসংখ্যার প্রায় ১৭ শতাংশ। এই সম্প্রদায়ের ভোট প্রভাবিত করে প্রায় ৭০টি বিধানসভা কেন্দ্র।

উল্লেখযোগ্যভাবে, কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা শান্তনু ঠাকুরযিনি নিজেও মতুয়া সম্প্রদায়ের প্রতিনিধি অতীতেও একই উদ্বেগ প্রকাশ করেছিলেন এবং তাদের বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনা করার আবেদন জানিয়েছিলেন। এদিকে, ডেরেক ও’ব্রায়েনের নেতৃত্বে তৃণমূল কংগ্রেসের একটি প্রতিনিধিদল মুখ্য নির্বাচন কমিশনারের সঙ্গে দেখা করে বিভিন্ন বিষয় তুলে ধরে। এর মধ্যে দেশের বিভিন্ন প্রান্তে বিএলও—দের মৃত্যুর ঘটনাও ছিল অন্যতম। বৈঠকের পর রাজ্যসভার তৃণমূল নেতা ডেরেক ও’ব্রায়েন মুখ্য নির্বাচন কমিশনারের বিরুদ্ধে “হাতে রক্ত লেগে রয়েছে”এমন তীব্র অভিযোগ তোলেন।

## চুরির ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা: জনতার হাতে আটক অভিযুক্ত, ব্যাগভর্তি টাকা উদ্ধার

আগরতলা, ২৮ নভেম্বর: এয়ারপোর্ট থানাধীন উত্তর নারায়ণপুর এলাকায় চুরির ঘটনাকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা ছড়াল। অভিযোগ, একই এলাকার বাসিন্দা সেন্টু দাস দীর্ঘদিন ধরেই অসামাজিক কর্মকাণ্ডে যুক্ত এবং বিভিন্ন বাড়িতে চুরির ঘটনার সঙ্গে তার যোগ রয়েছে। সর্বশেষ, কেন্দ্রীয় আধাসামরিক বাহিনী বিএসএফে কর্মরত বাবুল নাগের বাড়িতে বড়সড় চুরির অভিযোগ ওঠে তার বিরুদ্ধে।

পুলিশ সূত্রে জানা গেছে, সেন্টু দাসের বাড়িতে না থাকার সুবাদে বাবুল নাগের বাড়ির গডরেজ লকার ভেঙে ২ লাখ ৪০ হাজার টাকা, প্রায় ২ ভরি ওজনের স্বর্ণের চেইন এবং ১.৫ ভরি ওজনের স্বর্ণের বালা চুরি হয়। ঘটনার পর বাড়ির সদস্যারা বিষয়টি টের পেয়ে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন।

স্থানীয়দের দাবি, সেন্টু দাস দীর্ঘদিন ধরে চুরি-ডাকাতি সহ বিভিন্ন অবৈধ ও অসামাজিক কাজে জড়িত। এলাকার সামাজিক পরিবেশ নষ্ট করা থেকে শুরু করে স্থানীয় যুবকদের ভুলপথে পরিচালনার অভিযোগও রয়েছে তার বিরুদ্ধে। অভিযোগের ভিত্তিতে ক্ষুব্ধ জনতা সেন্টুর বাড়িতে ভাঙচুর চালায় এবং তাকে ধরে পুলিশের হাতে তুলে দেয়। এসময় তার বাড়ি থেকে ব্যাগভর্তি নগদ টাকা উদ্ধার হয়, যা স্থানীয়রা পুলিশের হাতে তুলে দেন। এলাকাবাসীর অভিযোগ, সেন্টুর অসামাজিক কর্মকাণ্ডে তার পরিবারের অন্যান্য সদস্যরাও যুক্ত। মানুষের নামে মিথ্যা মামলা দেওয়া এবং পুলিশের কথাও অমান্য করার অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে। অবশেষে জনতার ধৈর্যের সীমা অতিক্রান্ত হলে তারা সেন্টুর বাড়িতে ক্ষোভ প্রকাশ করেন এবং তাকে এলাকা থেকে বহিষ্কারের দাবিও জানান।

# জম্পুই পাহাড়ে নবরূপে ‘ইডেন টুরিস্ট লজ’পর্যটন প্রসারে নতুন দিগন্ত, উদ্বোধন করলেন তিন মন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, জম্পুই, ২৮ নভেম্বর: পর্যটনের উন্নয়নে জম্পুই পাহাড়ে নতুন মাত্রা যোগ করল নবরূপে সেজে ওঠা ‘ইডেন টুরিস্ট লজ’। পর্যটন দপ্তরের উদ্যোগে পুরনো জরাজীর্ণ অবকাঠামো ভেঙে আধুনিক সুবিধাসম্পন্ন নতুন পর্যটন নিবাস গড়ে তোলা হয়েছে। শুক্রবার এই আধুনিকীকৃত টুরিস্ট লজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ, শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা এবং পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, “দেশ-বিদেশের পর্যটকদের কথা মাথায় রেখে পর্যটন দপ্তর ধারাবাহিকভাবে রাজ্যের সমস্ত পর্যটন কেন্দ্রকে আধুনিক ও আকর্ষণীয় করে তুলছে। পুরনো জরাজীর্ণ পরিকাঠামো নয়, এখন চাই নতুন চিন্তা, নতুন রূপযাতে ত্রিপুরা পর্যটনে আরও এগিয়ে যেতে পারে।” পর্যটন দপ্তর সূত্রে জানা গেছে, আধুনিক মানের এই পুনর্নির্মিত ‘ইডেন টুরিস্ট লজ’-এ রয়েছে ৩টি স্যুট রুম, ১৮টি প্রিমিয়ার রুম, ৩টি ডরমেটরি রুম অর্থাৎ মোট ২৪টি কক্ষ সম্বলিত আধুনিক সুবিধাসম্পন্ন পর্যটন নিবাসটি জম্পুই পাহাড়ে পর্যটকদের থাকার অভিজ্ঞতাকে আরও আরামদায়ক করবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার বিভিন্ন গণ্যমান্য ব্যক্তি, দপ্তরের আধিকারিক ও স্থানীয় বাসিন্দারা। নতুন রূপে ‘ইডেন টুরিস্ট লজ’ চালু হওয়ায় জম্পুই পাহাড়ে পর্যটন আরও বেগবান হবে বলেই আশা করছে পর্যটন দপ্তর।

# ত্রিপুরা পরিক্রমায় আসছেন মহানাম সম্প্রদায়ের সর্বভারতীয় সভাপতি শ্রীমৎ উপাসকবন্ধু ব্রহ্মচারী মহারাজজী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা,২৮ নভেম্বর: প্রতি বছরের মতো এবছরও মহানাম সম্প্রদায়ের সর্বভারতীয় সভাপতি শ্রীমৎ উপাসকবন্ধু ব্রহ্মচারী মহারাজজী ত্রিপুরা পরিক্রমায় আসছেন।

আগামী ২রা ডিসেম্বর”২৫ আগরতলা আসবেন ও ১৭ই ডিসেম্বর”২৫ পর্যন্ত ত্রিপুরা রাজ্যের বিভিন্ন মহকুমা পরিক্রমা করে ভাগবতীয় কথা প্রচার করবেন এবং দীক্ষা প্রদান করবেন।

ব্রহ্মচারী মহারাজজীর পরিক্রমা সূচী:- ২/১২/২৫ থেকে-১৫/১২/২৫ যথাক্রমে উদয়পুর, অমরপুর, তেলিয়ামুড়া, বিশালগড়, রাণীরবাজার, মেলাঘর এবং আগরতলা।

বিশেষ উল্লেখযোগ্য ১৬ই এবং ১৭ই ডিসেম্বর২৫ মহারাজজী আগরতলা বনমালীপুরস্থিত শ্রীশ্রী মহানাম অঙ্গন”এ অবস্থান করবেন ও সকালে দীক্ষা দান এবং সন্ধ্যা ৬ টায় ভাগবত কথা পরিবেশন করবেন।

দীক্ষা গ্রহণের আগ্রহী গন মন্দিরে যোগাযোগ করে নাম নথিভুক্ত করুন।

সকলকে ভাগবতীয় কথা আস্বাদনের জন্য অনুরোধ করেছেন সম্পাদক সুদীপ কুমার রায়।

## অমরপুরে একই রাতে চার দোকানে চুরি, রাত্রিকালীন পুলিশি টহল নিয়ে প্রশ্নে ব্যবসায়ীরা

নিজস্ব প্রতিনিধি, অমরপুর, ২৮ নভেম্বর: অমরপুরে একই রাতে চারটি দোকানে চুরি হওয়ায় এলাকাজুড়ে চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনাকে কেন্দ্র করে অমরপুর বাজার এলাকার ব্যবসায়ীদের মধ্যে তীব্র আতঙ্কের সৃষ্টি হয়েছে। পাশাপাশি রাত্রিকালীন পুলিশি টহল নিয়েও প্রশ্ন উঠেছে।

ঘটনা অমরপুর মোটরস্ট্যান্ড এলাকা সংলগ্ন বাস টার্মিনালের বিপরীত দিকে। বৃহস্পতিবার গভীর রাতে চোরের দল দোকানগুলির পেছনের দরজা ভেঙে প্রবেশ করে। দোকান ভেঙে নগদ অর্থসহ বিভিন্ন মালামাল লুঠ করে চম্পট দেয় তারা। একের পর এক চারটি দোকানে একই কায়দায় চুরি হওয়ায় স্থানীয়রা ক্ষুব্ধ।

শুক্রবার সকালে দোকান মালিকরা দোকান খুলতে এসে দেখেন, মালামাল ছড়িয়ে-ছিটিয়ে পড়ে রয়েছে এবং ক্যাশবাক্স খোলা অবস্থায় রয়েছে। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় বীরগঞ্জ থানায়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে।

চুরির এই ধারাবাহিক ঘটনায় পার্শবর্তী দোকানিদের মধ্যেও আতঙ্ক ছড়িয়ে পড়েছে। ব্যবসায়ীদের অভিযোগরাত্রিকালীন পুলিশি টহল কার্যকর না থাকায় এমন ঘটনা ঘটছে। তারা পুলিশের কাছ থেকে দ্রুত দুষ্কৃতীদের গ্রেফতার এবং রাতের নিরাপত্তা জোরদারের দাবি জানিয়েছেন। পুলিশ জানিয়েছে, ঘটনাটি গুরুত্ব সহকারে তদন্ত করা হচ্ছে এবং দুষ্কৃতীদের শনাক্তে এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে।

## ফ্রেডারিক এঙ্গেলসের ২০৬তম জন্মবার্ষিকী পালিত সিপিআইএম রাজ্যদপ্তরে

আগরতলা, ২৮ নভেম্বর: আজ মহান দার্শনিক ও সমাজতাত্ত্বিক ফ্রেডারিক এঙ্গেলসের ২০৬তম জন্মবার্ষিকী। এই উপলক্ষে সিপিআইএম রাজ্য দপ্তরে যথাযোগ্য মর্যাদায় দিনটি পালিত হয়। সকালে দলীয় নেতৃত্বগণ এঙ্গেলসের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাম নেতা শংকর প্রসাদ দত্ত। তিনি ফ্রেডারিক এঙ্গেলসের জীবন, দর্শন ও সমাজ পরিবর্তনে তাঁর অবদানের ওপর বিস্তারিত আলোচনা করেন। শংকর প্রসাদ দত্ত বলেন, এঙ্গেলস শ্রমিক শ্রেণির মুক্তি ও ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠার যে স্বপ্ন দেখেছিলেন, তা আজও সমানভাবে প্রাসঙ্গিক। তাঁর ভাবনা ও তত্ত্ব সংগ্রামী মানুষের পথ চলার প্রেরণা হিসেবে কাজ করে চলেছে।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সিপিআইএমের অন্যান্য নেতৃত্ব ও কর্মীবৃন্দ। সংক্ষিপ্ত বক্তব্য, শ্রদ্ধা নিবেদন এবং আলোচনার মধ্য দিয়ে শ্রদ্ধাঞ্জলি পর্ব শেষ হয়।

## ওবিসি ছাত্রদের বকেয়া স্কলারশিপ দ্রুত মেটানোর দাবিতে এসএফআই-র ডেপুটেশন

আগরতলা, ২৮ নভেম্বর: ওবিসি ছাত্রদের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বকেয়া স্কলারশিপ অবিলম্বে মিটিয়ে দেওয়ার দাবিতে এসএফআই ত্রিপুরা রাজ্য কমিটির পক্ষ থেকে বুধবার ওবিসি কল্যাণ দপ্তরের অধিকর্তার কাছে প্রতিনিধিমূলক ডেপুটেশন প্রদান করা হয়।

এসএফআইয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, বহুদিন ধরে ওবিসি ছাত্রছাত্রীরা স্কলারশিপের অর্থ না পাওয়ায় চরম সমস্যার সম্মুখীন হচ্ছেন। দীর্ঘ মেয়াদে অর্থ না মেলায় তাদের পড়াশোনা ও স্বাভাবিক জীবনে প্রভাব পড়ছে। এই অবস্থায় দ্রুত স্কলারশিপ মিটিয়ে দেওয়ার দাবিতে রাজ্য কমিটির প্রতিনিধিরা দপ্তরে স্মারকলিপি জমা দেন।ডেপুটেশনের মাধ্যমে এসএফআই নেতৃত্ব অভিযোগ করেন, স্কলারশিপের বিলম্বের কারণে অসংখ্য ছাত্রছাত্রীর ভবিষ্যৎ

# সাত দফা দাবিতে মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে স্মারকলিপি পেশ করল ত্রিপুরা টেট টিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর: সাত দফা দাবিকে সামনে রেখে ত্রিপুরা টেট টিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন রাজ্য সম্পাদক অজয় পাল এর নেতৃত্বে মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে স্মারকলিপি দেওয়া হয়। ত্রিপুরা রাজ্যের সরকারি কর্মচারীদের বেতন বৈষম্য নিরসনে এবং জাতীয় মানের বেতন কাঠামো গঠনে মুখ্যমন্ত্রীর নিকট আবেদন জানিয়েছে ত্রিপুরা টেট টিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন।

ত্রিপুরা রাজ্যের সরকারি কর্মচারীদের পরিষেবা শর্ত, বেতন কাঠামো, আর্থিক নিরাপত্তা ও পেশাগত মর্যাদা সংক্রান্ত বেশ কিছু দীর্ঘদিনের দাবি এখনো অমীমাংসিত রয়েছে। এই বিষয়গুলো কর্মচারীদের মানসিক ও আর্থিক অবস্থাকে গভীরভাবে প্রভাবিত করছে। সাত দফা দাবিকে সামনে রেখে ত্রিপুরা টেট টিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন রাজ্য সম্পাদক অজয় পাল এর নেতৃত্বে মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে স্মারকলিপি দেওয়া হয়।

দাবি গুলির মধ্যে উল্লেখযোগ্য হল ’ওয়ান নেশন, ওয়ান স্যালারি স্ট্রাকচার’ বাস্তবায়ন। ত্রিপুরার কর্মচারীরা ভারতের অন্যান্য রাজ্য ও কেন্দ্রীয় কর্মচারীদের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম বেতন পাচ্ছেন। সারা দেশে একজাতীয় বেতন কাঠামো চালু হলে বেতন বৈষম্য দূর হবে এবং কর্মচারীদের কাজে আরোও উৎসাহ যোগাবে।পূর্ববর্তী পে-কমিশন সম্পূর্ণ প্রয়োগ না করায় ত্রিপুরায় সর্বনিম্ন বেতন ত্রিপুরা বর্তমানে ভারতের অন্যতম সর্বনিম্ন বেতন প্রদানকারী রাজ্য। পূর্ববর্তী পে-কমিশন পূর্ণাঙ্গভাবে প্রয়োগ না হাওয়ার ফলে-বেসিক পে কম, গ্রেড পে কম, অন্যান্য ভাতা কম। ফলে ত্রিপুরার কর্মচারীদের আর্থিক অবস্থার সঙ্গে অন্যান্য রাজ্যের একটি বিশাল ব্যবধান তৈরি হয়েছে।

ভারতের অধিকাংশ রাজ্যে শিক্ষকদের জন্য ফিক্সড পে ব্যবস্থা নেই বা বাতিল করা হয়েছে। কিন্তু ত্রিপুরায় শিক্ষকের জন্য এই নীতি কার্যকর রয়েছে। এটি শিক্ষকদের পেশাগত মর্যাদা ও আর্থিক স্থিতি ক্ষতিগ্রস্ত করে। সুতরাং নিয়োগের তারিখ থেকেই স্থায়ী পে-স্কেল প্রদান এবং ফিক্সড পে নীতি সম্পূর্ণভাবে বাতিল করার আবেদন জানানো হচ্ছে।

কর্মচারীদের আর্থিক উন্নতি ও পদোন্নতির স্থবিরতা দূর করতে সহায়ক। অন্যান্য রাজ্যের মতো গ্র্যাচুইটির সর্বোচ্চ সীমা ২৫ লক্ষে উন্নীতকরণ করতে হবে।

ভারতের বহু রাজ্য ইতোমধ্যে কেন্দ্রীয় সরকারের নীতিমালা অনুযায়ী গ্র্যাচুইটির সর্বোচ্চ সীমা ২৫ লক্ষ নির্ধারণ করেছে।

## ঊনকোটি কলাক্ষেত্রে ”অ্যানিমিয়া মুক্ত ভারত” কর্মশালা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর:শিশুদের মধ্যে রক্তাল্পতা দূরীকরণের লক্ষ্যে আজ ঊনকোটি কলাক্ষেত্রে ”অ্যানিমিয়া মুক্ত ভারত” কর্মসূচির উপর একটি গুরুত্বপূর্ণ কর্মশালার আয়োজন করা হয়। এই কর্মশালার প্রধান উদ্দেশ্য ছিল বিদ্যালয় স্তরে শিক্ষকদের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে রক্তাল্পতা প্রতিরোধের বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা। এই কর্মশালায় জেলার স্বাস্থ্য ও শিক্ষা বিভাগের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এর মধ্যে ছিলেন ঊনকোটি জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শীর্ষেন্দু চাকমা, জেলা নোডাল অফিসার অ্যানিমিয়া মুক্ত ভারত ডাঃ অয়ন রায়।

এছাড়াও, জেলার বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং শিক্ষকজন প্রতিনিধি ১৯৮ শিক্ষিকাবৃন্দ সহ মোট-কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় বক্তারা রক্তাল্পতার কারণ, লক্ষণ এবং এর মারাত্মক পরিণতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অ্যানিমিয়া মুক্ত ভারত কর্মসূচির অধীনে যে সকল কৌশল গ্রহণ করা হয়েছে, সে বিষয়ে শিক্ষকদের অবগত করা হয়। বিদ্যালয়গামী শিক্ষার্থীদের মধ্যে কিভাবে নিয়মিতভাবে এবং সঠিক পরিমাণে আয়রনফলিক অ্যা-সিড ট্যাবলেট বিতরণ করতে হবে, সেই বিষয়ে বিস্তারিত প্রশিক্ষণ দেওয়া হয়। পুষ্টি ও স্বাস্থ্যবিধি, স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, বিশেষত আয়রন ও ভিটামিন সি সমৃদ্ধ খাবার গ্রহণের গুরুত্ব তুলে ধরা হয়। রক্তাল্পতা প্রতিরোধের জন্য নিয়মিত কৃমি নিয়ন্ত্রণ কর্মসূচির উপর জোর দেওয়া হয়। মুখ্য স্বাস্থ্য আধিকারিক তাঁর বক্তব্যে শিক্ষকদের গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, ’বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা হলেন সমাজের প্রথম সারির দূত। শিক্ষকদের মাধ্যমেই ”অ্যানিমিয়া মুক্ত ভারত” অভিযান সফল হতে পারে। আপনারা নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা তৈরি করলে রক্তাল্পতার হার কমানো সম্ভব। জেলা নোডাল অফিসার কর্মসূচির প্রযুক্তিগত দিক এবং ডেটা এন্ট্রি প্রক্রিয়া সম্পর্কে প্রশিক্ষণ দেন। এই কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষকরা এই জ্ঞান তাদের বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে ছড়িয়ে দিতে অঙ্গীকারবদ্ধ হয়েছেন।

## বিলোনিয়ার বিভিন্ন এলাকায় স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে ম্যালেরিয়ারোধে বিভিন্ন ধরনের কর্মসূচি অনুষ্ঠিত

নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া,২৮ নভেম্বর: বিলোনিয়া মহকুমার বিভিন্ন এলাকায় স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে ম্যালেরিয়া রোধে বিভিন্ন ধরনের কর্মসূচি প্রতিনিয়ত করে চলছে। বিলোনীয়া মহকুমা হাসপাতালের অন্তর্গত বিভিন্ন এলাকায় বিশেষ করে রতনপুর, শিবপুর, মনিরামপুর, নলুয়া অভয়নগর এবং রাজনগর এলাকায় বেশ কিছুদিন ধরে ডেঙ্গু এবং ম্যালেরিয়া রোগের সনাক্ত করণের জন্য চলছে নিয়মিত রক্ত পরীক্ষা এবং জনসচেতনতা মুলক কর্মসূচি।

এই বিষয়ে এক বিবৃতিতে মহকুমা ম্যালেরিয়া টেকনিক্যাল সুপারভাইজার জানিয়েছেন যে, স্বাস্থ্য দপ্তরের দায়িত্বপ্রাপ্ত সব কর্মীরা এবং আশা দিদিমানিরা মানুষের বাড়ি বাড়ি গিয়ে ঘরের ভিতরের ও বাইরের জমা জলের উৎস নষ্ট করা,ঘুমানোর সময় যাতে মশারী ব্যবহার করে সেই কাজ গুলি সম্বন্ধে সচেতন করা এবং ম্যালেরিয়ার হাত থেকে কিভাবে রক্ষা করা যায় সে সব বিষয়ে প্রতিনিয়ত মানুষকে সচেতন করে যাচ্ছেন। জেলার মুখ্য ম্যালেরিয়া আধিকারিক এই ব্যাপারে খুবই সচেতন সতর্ক রয়েছেন দায়িত্ব সহকারে কাজ করে চলছে। ডেঙ্গু এনএস পজিটিভ হলে সঙ্গে সঙ্গে নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রে রোগীকে ভর্তি করে পূর্ণ মাত্রায় চিকিৎসা দেওয়া হচ্ছে। বাড়ি বাড়ি মশার লার্ভা ধ্বংশ কারী ঔষধ ছড়ানোর কাজ চলছে এবং ফোগিন করান হচ্ছে ম্যালেরিয়া প্রবন এলাকা গুলিতে সচেতনতা মূলক কর্মসূচি চলছে বলে জানান টেকনিক্যাল সুপারভাইজার।

## খোয়াইয়ে জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রদান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৮ নভেম্বর: জেলা প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের উদ্যোগে আজ খোয়াই ব্লকের কনফারেন্স হলে জেলাভিত্তিক মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রদান অনুষ্ঠান করা হয়। অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত)। সভাধিপতি শ্রীমতি সিংহ রায় (দত্ত) বলেন, রাজ্যে জনগণের সরকার থাকার কারণে রাজ্যের সার্বিক উন্নয়নের পাশাপাশি মানুষ প্রাণীপালক সম্মাননিধি, কিষাণ সম্মাননিধি সহ বিভিন্ন প্রকল্পের সুবিধা পাচ্ছেন। সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা গ্রহণ করার মধ্য দিয়ে নিজেদের আত্মনির্ভর করে তুলতে তিনি সকলের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে পদ্মবিল বি.এ.সি.-র চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা মানুষের কল্যাণে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলির সুবিধাকে কাজে লাগিয়ে নিজেদের স্বাবলম্বী করে তুলতে সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তুলাশিখর বি.এ.সি.-র চেয়ারম্যান প্রদীপ দেববর্মা, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান স্বপ্না দাস সরকার, খোয়াই পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, পুরপরিষদের সদস্য পীযূষ কান্তি চৌধুরী প্রমুখ।

স্বাগত বক্তব্য রাখেন জেলা প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের আধিকারিক ডা. প্রাণকুমার দাস। অনুষ্ঠানে জেলার মোট ৮ জন সুবিধাভোগীর হাতে জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) সহ অন্যান্য অতিথিগণ মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রকল্পে ৬ হাজার টাকার চেক তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য্য।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ্বাস কর্তৃক রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস, আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল. এন. বাড়ী রোড, আগরতলা, ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক - সন্দীপ বিশ্বাস।
Printed by the Owner, Publisher and Printer Sandeep Biswas from Rainbow Printing Works, Agartala and Published from Jagaran Office, L.N. Bari Road. Agartala, Tripura. Editor- Sandeep Biswas